আত্মিক সমাধান

ফেব্রুয়ারী ২০১০

সমসাময়িক নেতৃত্বমূলক চ্যালেঞ্জসমূহ

সূ চী প ত্র

১। **আত্ম-নেতৃত্ব ঃ প্রকাশিত অভ্যন্তর হতে নেতৃত্ব করা** ৩

এরিক ডি, রাস্ট কর্তৃক রচিত

লোকদের সম্মুখীন হওয়া বর্তমান সামাজিক উভয় সংকটগুলির দিকে মনোযোগ-বিনা সুসমাচার প্রচার করণ কি অবিরতভাবে ফলপ্রসূ হতে পারে? কয়িনের দ্বারা উচ্চারিত পূরাকালের প্রশ্নটি (এবং স্পষ্ট উত্তর) এখনও মর্মভেদী ঃ "আমি কি আমার ভ্রাতার রক্ষক?"

২। **কার্যকর ব্যক্তিগত সাক্ষ্যতার উদ্দেশ্যে বাইবেলভিত্তিক নীতিসমূহ ও নানান অনুশীলনগুলি** ৬

র‍্যাণ্ডি হারস্ট্‌ কর্তৃক রচিত

এই সকল নীতিসমূহ ব্যক্তিগত সুসমাচার প্রচারের শিক্ষাদানের ক্ষেত্রে এক বাইবেলভিত্তিক পরিকাঠামোর যোগান দেয় যা একজন বিশ্বাসীর জীবনধারায় এক সাধুতার দিকরূপে পরিণত হতে পারে।

৩। **অগ্রবর্তী পতন** ১০

মার্ক ব্যাটারসন কর্তৃক রচিত

আমরা যদি নিজেদের সকল ব্যর্থতাগুলিকে আমাদের নিরূপণ করার সুযোগ করে দিই, সেগুলি আমাদেরকে ধ্বংস করে দিতে পারে। কিন্তু ব্যর্থতাকে সঠিকভাবে পরিচালনা করলে সর্বশ্রেষ্ঠ বিষয়টি ঘটতে পারে।

৪। **সিদ্ধান্তগুলি সংকলনের মধ্যে এবং শিষ্যকারকদের মধ্যে বৃদ্ধিসমূহ আবর্তন করা (নূতন মন পরিবর্তনকারীর তত্ত্বাবধান)** ১৪

জিম হল কর্তৃক রচিত

নূতন বিশ্বাসীকে শিষ্য করা অপরিহার্য যদি পালকেরা তাদের মধ্যে বিপৎসূচকমূলক আত্মিক মৃত্যুর হার সংযত করে। এইসকল বাস্তবসম্মত ধাপগুলির বিবেচনা, সিদ্ধান্তগুলিকে সংকলনের মধ্যে এবং শিষ্যকারকদের মধ্যে বৃদ্ধিসমূহ আবর্তন করবে।

৫। **জীবনের সূচনার মূল্য দান; জীবন-নীতি এবং প্রাক্‌-বৈবাহিক পারমর্শদান** ১৯

খ্রীস্টিনা এম, এইচ পাওয়েল কর্তৃক রচিত

সম্ভাবনাসূচক দুঃসাধ্য পরিবার পরিকল্পনার বিষয়গুলি পরিচালনায় নতুন করে আবদ্ধ দম্পতিদের সাহায্য করার মাধ্যমে, পালকদের একটি খ্রীষ্টিয় গৃহে ভিত্তিস্থাপন করার ক্ষেত্রে প্রস্তরগুলি সাজানোর অধিকার রয়েছে।

৬। **অন্য নতুন পথসমূহের দ্বারা আত্মায় বাপ্তিস্মের ভাব বিনিময়করণ** ২৩

গ্যারী গ্রগ্যান কর্তৃক রচিত

যাজকীয় তত্ত্বাবধানের সর্ব্বশ্রেষ্ঠ চ্যালেঞ্জসমূহ

৭। **বাইবেল-ভিত্তিক, অতি-বাইবেল সম্বন্ধীয়, মতবাদ-সংক্রান্ত, এবং তর্কশাস্ত্রগত দৃশ্য শ্রেণী থেকে প্রেরিতগণের যুগ পর্যন্ত।** ২৭

ডব্লু, ই, নানালি কর্তৃক রচিত

life PUBLISHERS

Life Publishers International

একজন পালক শুনেছিলেন তাঁর মণ্ডলীর ডিকনেরা তাঁকে বাদ দিয়ে সভা করছিলেন, যা ছিল চার্চ্চের নিজস্ব নিয়মকানুনের প্রতিকূলে কার্য সম্পাদন।

কেন? তিনি অবাক হয়েছিলেন। তাঁরা কি *আমার নেতৃত্ব দ্বারা* অসন্তুষ্ট ছিলেন? *তারা কি আমাকে ত্যাগ করতে চান?* তিনি ভাবলেন *এই কাজ করার তাদের কোনো অধিকার নেই।*

তিনি তাদের অঘোষিত সভাতে উপস্থিত হওয়ার সিদ্ধান্ত নিলেন। "তোমরা আমাকে বাদ দিয়ে সভা করার কারণে আমি কি প্রশ্ন করতে পারি?" তিনি জিজ্ঞেস করলেন।

একজন বিব্রতবোধকারী ডিকন উত্তর দিলেন, "পালক, তোমার জন্মদিন এগিয়ে আসছে, আমরা তোমার জন্য একটি অপ্রত্যাশিত আমোদ-প্রমোদ ও বিস্ময়কর উপহারের পরিকল্পনা করতে চেয়েছিলাম।"

কথাটি পালককে লজ্জিত করেছিল। তাঁর অনুমানগুলি সম্পূর্ণভাবে মিথ্যা হয়েছিল, তাকে ভ্রান্ত সিদ্ধান্তে চালনা করেছিল।

কঠিন পরিস্থিতিতে আমরা হয়ত ঈশ্বরের সম্পর্কে বিষয়গুলি ভাবতে পারি যা সত্য নয়। আপনি কি এক গভীর পরীক্ষার সম্মুখীন হন? আপনি দুটি অনুমানের একটি নির্ধারণ করতে পারেন ঃ ঈশ্বর আপনাকে ব্যর্থ করবেন অথবা তিনি আপনার প্রয়োজন পূরণ করবেন।

জর্জ ও. উড

নিজ অন্তরের এক গীত

লাইফ পাবলিশারস্ ইন্টারন্যাশন্যাল

© লাইফ পাবলিশারস ২০০৯ এর কপিরাইট

লাইফ পাবলিশারস্, স্পিংফিল্ড, মিসৌরী মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক প্রকাশিত।

সর্ব স্বত্ব সংরক্ষিত।

আপনি এখন অন-লাইনে এনরিচ্‌মেন্ট পত্রিকাটি ১৩টি ভাষায় লাভ করতে পারেন। ওয়েব সাইটের এনরিচ্‌মেন্ট পত্রিকাটি দেখুন এবং উপযুক্ত পতাকাটির উপর ক্লিক করুন। এই তেরোটি ভাষার মধ্যে, আপনার পছন্দমতো ভাষায়, আপনি পত্রিকাটি মনোনীত করুন — তামিল, বাংলা, মালায়ালাম, হিন্দি, ফ্রে ঞ্চ, রাশিয়ান, রোমেনিয়ান, হাঙ্গেরিয়ান, ক্রোটিয়ান, জার্মান, স্প্যানিস, পর্তুগীস বা ইউক্রেয়ান।

তারপর আপনি অন-লাইনে পত্রিকাটি পাঠের সুযোগ পাবেন বা আপনার সুবিধামতো ফাইলটি বার করে নিতে পারবেন।
আপনার যোগাযোগের ই-মেল হল ঃ http://www.enrichmentjournal.ag.org

আপনি যে কোন প্রশ্নের উত্তর বা অতিরিক্ত খবরাদির জন্য খোলা মনে নিচের ই-মেল দ্বারা আমাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন ঃ
EnrichmentJournal@lifePublishers.org.



আত্ম-নেতৃত্ব ঃ প্রকাশিত অভ্যন্তর হতে নেতৃত্ব করা

এরিক ডি, রাস্ট কর্তৃক

আত্মিক সম্পন্ন রূপে অনুগ্রহ প্রাপ্ত সমবেত নেতাগণের এক গোলাকার টেবিলের সমাবেশে নেতৃত্ব শব্দটি তুলে ধরুন এবং অন্যান্যদের পরিচালনা সম্পাদনের কার্যভার প্রাপ্ত নেতাগণের দিকে কথোপকথন সত্বর আবর্তন করার সুযোগ করে দেবে। মণ্ডলীর নেতাগণেরা তাদের সাপ্তাহিক পরিচালনার কার্যে বেশীর ভাগ সময় অতিবাহিত করে থাকে, তথাপি উত্তম নেতাগণরূপে পরিণত হয়ে ওঠার জন্য আমাদের প্রচেষ্টায়, প্রায়শই আমরা বৃহত্তম নেতৃত্বের চ্যালেঞ্জটি উপেক্ষা করে থাকি যা আমরা - নিজেরা - চিরকাল সম্মুখীন হব। আমাদের প্রবণতা রয়েছে নিজেদের পরিচালনা অবহেলা করার কারণ, আত্ম-নেতৃত্ব অন্যান্যদের নেতৃত্ব করার অপেক্ষা অধিকতর কঠিন বিষয়।

নেতৃত্ব থেকে অন্য একজন নেতার বিচ্যুতি ঘটেছে, একথা আমাদের না শুনে একটি সপ্তাহ কদাচিৎ পার হয়ে থাকে। আমরা শারীরিক সম্পর্কের রফা, আর্থিক-সংক্রান্ত অনুপযোগিতা, ক্ষমতার উদ্দেশ্য বাসনা অথবা নিম্নমানের নেতৃত্বের বিষয়ে এই ব্যর্থতাকে দোষারোপ দিই। ঐ সকল ব্যর্থতাগুলি, পক্ষান্তরে, এক গভীর ব্যক্তিগত ব্যর্থতার জনসম্মুখে একমাত্র প্রকাশিত চিহ্ন। আমরা যদি সমস্যাটির মধ্যে ভবিষ্যতে মনোনিবেশ করি, আমরা সাধারণতঃ আবিষ্কার করে থাকি নেতা তার ব্যক্তিগত জীবন অবহেলিত করে থাকে।

স্যামুয়েল রিমা তাঁর *লিডিং ফ্রম দ্যা ইনসাইড আউট* পুস্তকে ব্যক্ত করেন ঃ "যে পথে একজন নেতা তার ব্যক্তিগত জীবন পরিচালনা করে, বস্তুতঃ, কার্যকর প্রকাশ্য নেতৃত্ব অনুশীলনের ক্ষেত্রে তার দক্ষতার উপর প্রগাঢ় প্রভাব থাকে। প্রকাশ্য নেতৃত্ব ও আত্ম-নেতৃত্বের মধ্যে পারস্পরিক সম্বন্ধ রয়েছে।"

নূতন নিয়মাবলীর রচয়ক, পৌলের কাছে এই ধারণা উত্তমভাবে বোধগম্য হয়েছিল ঃ "আমার নিজ দেহকে প্রহার করিয়া দাসত্বে রাখিতেছি, পাছে অন্য লোকেদের কাছে প্রচার করিবার পর আমি আপনি কোন ক্রমে অগ্রাহ্য হইয়া পড়ি" (১ করিন্থীয় ৯:২৭)। পৌল বুঝেছিলেন যে, ঈশ্বরের সকল আহ্বান পাওয়ার কারণে তাঁর জীবন অবিরতভাবে সুবিন্যস্ত রাখার প্রয়োজনীয়তা।

আত্ম-নেতৃত্বের গুরত্বপূর্ণতা

নেতাদের নিজস্ব ব্যক্তিগত জীবন পরিচালনা ও প্রতিপালনের জন্য যত্ন নেওয়া একান্তই দরকার। নেতৃত্ব চক্রে এটি আত্ম-নেতৃত্ব রূপে পরিচিত। কার্যকর নেতাগণের যে কোনো অন্যান্য ক্ষেত্রগুলির উন্নতিসাধন করার চেয়ে, তাদের নিজস্ব নেতৃত্বের দক্ষতাগুলি বিকশিত করার মধ্যে আরও অধিক উদ্যম বিনিয়োগ করা একান্তই আবশ্যক।

নেতৃত্ব পদে দক্ষশীল ডী, হক প্রস্তাবনা দেন যে, আত্ম-নেতৃত্বে একজন নেতার ৫০

শতাংশ সময় নিযুক্ত থাকা দরকার। মণ্ডলীর নেতাগণ হকের সুপারিশ গুরুত্বপূর্ণভাবে গ্রহণ করলে এবং আত্ম-নেতৃত্বের মধ্যে তাদের সপ্তাহের অর্দ্ধেক সময় বিনিয়োগ করলে কি ঘটনা ঘটবে? ঈশ্বরের ইচ্ছা অনুযায়ী সুস্থ নেতারূপে পরিণত হওয়ার কারণে আমাদের নিজস্ব জীবন ধারার ব্যক্তিগত প্রভুত্ব গড়ে তোলা একান্তই আবশ্যক।

চরিত্র গঠন

ব্যক্তিগত অস্তিত্ব (ব্যক্তিত্ব) ও অনুগ্রহদানগুলির ধারণা, মূল্যসমূহের ব্যাখ্যাকরণ, ক্ষমতা ও দুর্বলতাগুলি নিখুঁতভাবে উল্লেখকরণ, কথোপকথনের দক্ষতাগুলির উন্নতিসাধন এবং ফলপ্রসূ সময় নির্বাহ - সকলই গুরুত্বপূর্ণ বিষয়, যেখানে নেতাগণের দরকার তাদের উদ্যম কেন্দ্রীভূত করার। আত্ম-নেতৃত্বের ক্ষেত্রে বহুসংখ্যক দিকগুলি থাকলেও নেতার চরিত্রের মত কোনোটাই তত গুরুত্বপূর্ণ নয়। চরিত্র বিনা নেতাদের কিছুই থাকে না। আমাদের চরিত্র আমাদের সীমা নিরূপণ করে। আমরা কে হতে পারি, সেটি আমরা নির্ধারণ করার পরেই একমাত্র আমরা জানি কিভাবে উন্নত হতে হয়। খ্রীষ্টিয় নেতাদের ক্ষেত্রে চরিত্রই সহযোগিতা করে।

দৃঢ় নৈতিক চরিত্রের অনুপস্থিতি একজন নেতার চূড়ান্ত সর্বনাশ ঘটাবে। আর্থিক সংক্রান্তের গুরুতর ভুলের ক্ষতিপূরণ করা যেতে পারে। নিম্নমানের কথাবার্তা সুদৃঢ় হতে পারে। নেতৃত্বমূলক সিদ্ধান্তগুলি নেতাদের অঙ্গীকারবদ্ধ পথে সম্পন্ন না হলে ধ্বংস হতে পারে। কিন্তু চারিত্রিক দোষ ত্রুটিগুলি একজন নেতাকে বিনাশ করে দিতে পারে। নৈতিক এবং কর্তব্য বিষয়ের আপসে নিষ্পত্তি করার দ্বারা পূর্ণলাভ প্রায়শই অসম্ভব বিষয়। একজন নেতার প্রতি একবার বিশ্বাস হারিয়ে গেলে তা কদাচিৎ পুনঃস্থাপিত হয়। জনগণ শুধুমাত্র সেই নেতাদের অনুসরণ করবে, যারা সাধুতার উন্নত মাত্রা প্রকাশ করে।

অ্যান্ডি স্ট্যান্‌লি স্পষ্টভাবে বলেন ঃ "যে সকল ক্ষতি বহু বছর লেগে যায় মেরামত করতে, তার থেকে আমরা সর্বদাই একটি বাক্য, এক সিদ্ধান্ত ও একটি প্রতিক্রিয়া দূরে সরিয়ে রাখি।"ঈশ্বরের প্রতি কুড়ি অথবা ৩০ বছরের বিশ্বস্ত সেবাকাজের আপসে নিষ্পত্তি করা একটি সিদ্ধান্তের দ্বারা বিনষ্ট হতে পারে।

কারণ একজন নেতার দোষত্রুটিপূর্ণ চরিত্র অনাবৃত হয়, সমস্যা সচরাচর তাঁর সাধুতার ঘাটতি দ্বারা গতিরোধ করে। সাধুতা হল আভ্যন্তরিক অস্তিত্ব, যার আপনি বাইরেও দাবি করেন।

এরউইন ম্যাক্‌ম্যানাস (Erwin McManus) সাধুতার বর্ণনার ক্ষেত্রে একটি তরমুজের বিষয়ে অনুরূপ ঘটনা তুলেধরেন। আপনি সম্ভবতঃ একটি তরমুজ কিনে থাকেন। আপনি একটি তরমুজ উৎপন্ন বিভাগে দাঁড়িয়ে থাকা অনুসারে একটি বিষয় লক্ষ্য করতে পারেন, যা হল তরমুজের খোসা। আপনি খোসার উপরে চাপড় মারলে যদি ফাঁপা আওয়াজ শোনেন তাহলে সেটি কেনেন। আপনার পরীক্ষা করার সময় আপনি একটি তরমুজের জন্য কষ্টে উপার্জিত পয়সা খরচা করেন যখন শুধুমাত্র আপনি খোসা দেখতে পান। আপনি বাড়ী পৌঁছাবার পরে সেই খোসা ছাড়ালে, আপনি ভেতরে কি পাওয়ার প্রত্যাশা করেন? তরমুজ। কারণ আপনার তরমুজটির পূর্ণতা সম্পর্কে বিশ্বাস ছিল। কি হবে আপনি যদি খোসা ছাড়িয়ে ভেতরে কিছু কলা পান? সেটি কখনই হবে না কারণ একটি তরমুজের অখণ্ডতা থাকে। একটি তরমুজ সর্বদা ভেতরে থাকে যা বাইরে থেকে তার দাবি করে।

আপনার সম্পর্কে বিষয়টি কি রকম? যদি কেউ আপনার বাইরের চামড়া ছাড়ায়, সে কি পাবে? সে কি আপনার বাইরে থেকে যা দাবি করে তা ভেতরে পাবে? এখানে আমরা দেখতে পাই লোকেদের অতিরিক্ত তরমুজের একটি সুবিধা আছে— প্রাকৃতিকভাবে একটি তরমুজের পূর্ণতা থাকে। সহজাতভাবে লোকেদের কাছে এমনকি নেতাদের কাছেও পরিপূর্ণতা আসে না। এটি গঠন করতে হয়।

যে সকল নেতারা আত্ম-নেতৃত্ব অনুশীলন করে তারা তাদের জীবনের অসংগতিগুলির বিষয়ে বিচক্ষণভাবে সচেতন থাকে। সেগুলি স্বল্প থাকার সময়ে অবজ্ঞা করার পরিবর্তে বরং তারা তাদের বিশ্বাসের বিষয়ের সঙ্গে নিজেদের একবদ্ধ করতে পচ্ছন্দ করে। তারা হৃদয়ঙ্গম করে যে জীবন ছোট ছোট বাক্সের মধ্যে বন্দী হতে পারে না। আমরা সমগ্র সত্তারূপে সৃষ্টি হয়ে থাকি। আমাদের প্রকাশিত ও অপ্রকাশিত অস্তিত্ব পৃথক হতে পারে না।

নেতারূপে, আমাদের মনস্থির করতে হবে আমরা কি হতে চাই আর তারপর আমাদের জীবনধারা একই রেখায় স্থাপিত করা দরকার, যাতে আমরা আমাদের মনোমত হতে পারি। বিষয়টি তত সহজ নয়, কারণ যে ব্যক্তি আপনি হতে চান না, আপনি নিজস্ব বংশের পরিচয় চিহ্নরূপে স্বাভাবিকভাবে সেই ব্যক্তিত্বরূপে পরিণত হবেন। যীশু বলেন ঃ "কেননা যে কেহ আপন প্রাণ রক্ষা করিতে ইচ্ছা করে, সে তাহা হারাইবে, আর যে কেহ আমার নিমিত্তে আপন প্রাণ হারায়, সে তাহা পাইবে" (মথি ১৬:২৫)। ঈশ্বরের ইচ্ছানুযায়ী গড়ে ওঠার কারণে আহ্বানিত আত্ম- নেতাগণের আভ্যন্তরিক সহজাত প্রবণতাগুলি বিলুপ্ত হওয়া দরকার। ঈশ্বর আমাদেরকে অন্তরে-বাহিরে নেতারূপে পরিণত হওয়ার জন্য আহ্বান করেন — আমরা যারা বাইরে যেরূপে প্রতীয়মান হয়ে থাকি তার চেয়ে অভ্যন্তরে আমরা কি হয়ে উঠি তার দ্বারা নেতাগণেরা আরও অধিক নিরূপিত হয়।

মণ্ডলীর নেতাদের প্রায়শই গর্বিত বিষয় ও উপাধিগুলি লাভ করার কারণে তাদের জীবনধারার মধ্যে তলে তলে দর্পবোধ গড়ে ওঠা সহজ হতে পারে। যখন মণ্ডলীর নেতারা দৈহিক সম্পর্কের পাপের অথবা ক্ষমতার খেলার বলি হয়, সে ক্ষেত্রে গর্বই হল তার মূল কারণ। রোমীয় ১২:৩ পদ আমাদের মনে করিয়ে দেয়, "আপনার বিষয়ে যেমন বোধ করা উপযুক্ত, কেহ তদপেক্ষা বড় বোধ না করুক, কিন্তু সুবোধ হইবার চেষ্টায় আপনার বিষয় বোধ করুক।" প্রথম পিতর ৫:৫ পদে আমাদের সতর্ক করে দেন ঃ "ঈশ্বর অহঙ্কারীদের প্রতিরোধ করেন, কিন্তু নম্রদিগকে অনুগ্রহ প্রদান করেন।"

মণ্ডলীর নেতাগণ প্রাথমিক সূত্র শিক্ষাদানে স্থায়ী থাকেন এবং সেবকত্বের আত্মিক শৃঙ্খলা অনুশীলন করার সময়ে তারা কে সে কথা মনে করিয়ে দেন। যখন নেতারা জানু পেতে সেবারত থাকেন অথবা তাদের কাঁধের উপরে সেবা করার তোয়ালে রাখেন তারা সেবকত্বের মধ্যে যীশুর মাহাত্ম্য স্থাপন করার কথা স্মরণ করিয়ে দেন। যীশু কখনই তাঁর ঈশ্বরত্বের উপর নিজে গর্ববোধ করেন নি। তিনি তাঁর পদমর্যাদা সেবকত্বের মাঝে প্রতিষ্ঠিত করেন। তাঁর এই সামান্যতার কারণে তিনি এত মহান। সামান্যতা এবং সেবকত্ব নেতাদের জন্য খুব একটা সন্তোষজনক শব্দ সাধারণভাবে নাও হতে পারে, কিন্তু সেগুলি হল নেতাদের স্বাচ্ছন্দ্য বোধ করার শব্দগুচ্ছ।

অহংকারকে দূরে সরিয়ে রাখার জন্য আরেকটি চমৎকার উপায় হল আমাদের দুর্বলতা স্বীকারকরণ। বহু নেতাগণের নিজেদের ক্ষমতা এবং দুর্বলতা সম্পর্কে অস্পষ্ট ধারণা থাকে। দুর্বলতা স্বীকারকরণে দরকার ব্যক্তিগত নিরাপত্তা ও নম্রতা। যে সকল নেতারা আত্ম-নেতৃত্ব অনুশীলন করে, তারা সত্বর তাদের দুর্বলতাগুলি স্বীকার করে। নিজেদের দুর্বলতাগুলি গোপন করার দ্বারা, ঔদ্ধত্যগুলিকে আতিথ্য প্রদর্শন করার পরিবর্তে, তারা সেগুলি স্বীকার করে ও তাদের দুর্বলতাগুলিকে পরিচালনা করার দিকে সাহায্য করার জন্য, যাদের প্রতিপূরক ক্ষমতাগুলি থাকে, তাদেরকে তারা আমন্ত্রণ জানায়।

নিজেদের চরিত্র রক্ষা করা

মণ্ডলীর নেতাগণের অত্যধিক উচ্চ শ্রেণীর পণ রক্ষার কারণে নিজেদেরকে কর্মদক্ষ করে তোলা দরকার। ব্যবসায়ী নেতাদের ক্ষেত্রে অর্থের চিহ্নসমূহ দাড়ি পাল্লায় ঝোলে। মণ্ডলীর নেতাদের ক্ষেত্রে, ভবিষ্যতের পরিচর্য্যার কাজও অনন্তকালের দাড়িপাল্লায় ঝোলে। একজন রাজনৈতিক নেতা অথবা ব্যবসায়ীকে নিজস্ব অবহেলার কারণে বলি হতে দেখা সমভাবে দুঃখের বিষয়, একজন মণ্ডলীর নেতা যখন ব্যর্থ হয় তার মূল্যও সর্বদাই উচ্চ।

খ্রীষ্ট অনুসারী প্যাট উইলিয়মস্‌, (Pat Williams) অরল্যাণ্ডো ম্যাজিকের (Orlando Magic) উপসভাপতি নিজেদের চরিত্র রক্ষা করার ছয়টি ধারণা প্রদান করেন। যে সকল মণ্ডলীর নেতাগণ চরম উৎকর্ষসহ নিজেদের চালনা করার

একটি তরমুজ সর্ব্বদা ভেতরে থাকে যা বাইরে থেকে তার দাবি করে। আপনি কি তাই করেন?

আকাঙ্খা করে, তাদের ক্ষেত্রে এই ছয়টি নির্দেশ রেখা এক দরকারী ঝাঁজরীর কাজ করে।

১) দেহ ও আত্মার অবিচলিত পুনরুদ্ধার ও প্রতিফলনের নিমিত্তে সময় নেওয়া। মণ্ডলীর বহু নেতাগণ তাদের পরিচর্য্যাকালে এত দ্রুত পদক্ষেপ রাখে যে তারা নিজেদের জন্য খুবই অল্প সময় পান। যীশু পিতার সঙ্গে জনতা ছেড়ে একাকী নিয়মিত সময় কাটানোর দ্বারা আত্মা পুনরুদ্ধারের নমুনা প্রদর্শন করেন। আত্ম-নেতারা নিয়মিতভাবে প্রার্থনা, দিনপঞ্জী ও পঠন-পাঠনের জন্য সময় নির্ধারণ করে। একজন নেতার তার অনুগামীদের দিতে পারার জন্য সবচেয়ে শ্রেষ্ঠ উপহার হল এক সুশৃঙ্খলিত হৃদয়। অতিরিক্তভাবে নেতাদের প্রয়োজন তাদের দেহের যত্ন নেওয়া। বহু পুরোহিতের ক্ষেত্রে দৈহিক স্বাস্থ্য হল এক বঞ্চিত জায়গা। আমাদের দেহ দ্বারা ঈশ্বরকে গৌরবান্বিত করার জন্য বাইবেল আমাদের দাবি করে (১ করিন্থীয় ৬:২০)। সুন্দর স্বাস্থ্য ঈশ্বরের আহ্বান সক্রিয়ভাবে প্রবর্তিত করানোর জন্য সহ্যশক্তি ও উদ্যমের যোগান দেয়। নিয়মিতভাবে উত্তম আহার ও শরীরচর্চা করা প্রত্যেক নেতার জীবন ধারার একটি অঙ্গ হওয়া দরকার।

২) এক নৈতিক মনোনয়ন অথবা একটি প্রলোভনের সম্মুখীন হওয়ার সময়ে অন্যান্যদের নিমিত্তে নিজের স্থাপিত দৃষ্টান্তটি বিবেচনা করা। যারা আপনাকে লক্ষ্য করে তাদের কথা চিন্তা করুন — যেমন শিশুগণেরা, বন্ধুবান্ধবেরা, শিক্ষানবিশেরা ও মণ্ডলীর সদস্যগণ। কিভাবে আপনার সিদ্ধান্ত তাদেরকে প্রভাবিত করবে? মণ্ডলীর নেতৃত্ব দ্বারা নৈতিক কর্তব্যের পবিত্র দানের আগমন হয়। আমাদের নৈতিক কর্তব্য নিমেষেই হারিয়ে যেতে পারে। প্রলোভন দ্বারে আঘাত করার সময়ে প্রলোভনের দিকে সাড়া দিলে নিজেদেরকে অবশ্যই প্রশ্ন করতে হবে যে, যারা আমাদের অন্বেষণ করে তাদেরকে উপযুক্ত আঘাত করা হয় কিনা।

৩) বিশ্বস্ত বন্ধুবর্গের এক ক্ষুদ্র দলগোষ্ঠীর প্রতি নিজেকে দায়িত্বশীল করা। নেতাদের যে সম্পর্কগুলি দায়িত্বশীলতা যোগান দেয় সেগুলি অপেক্ষা একাকী কৃষকের ঝুঁকি প্রচুর পরিমাণে কঠিন কাজ। আত্ম-নেতৃত্ব একাকী সাধন করা এক অতি বিশাল কাজ। নেতাদের প্রয়োজন এক ক্ষুদ্র দলগোষ্ঠীর পরিচিত ও বিশ্বস্ত লোকদের আমন্ত্রণ জানানো ও নিয়মিতভাবে তাদের সঙ্গে পরীক্ষা নিরীক্ষা করা এবং কঠিন প্রশ্নাবলী তুলে ধরা। আমরা সকলেই নিজেদের কাছে মিথ্যা বলতে পারি যার দ্বারা পরিশেষে আমরা নিজেদের মিথ্যাগুলিকেই বিশ্বাস করতে শুরু করি। বন্ধুরা সহজে প্রতারণা করে না।

৪) প্রতিমূর্তি নয়, সাধুতার উপর আলোকপাত করা। যে সকল নেতারা তাদের আভ্যন্তরিক জীবনের উন্নতিসাধন করে তারা তাদের নীচের দিকে টেনে আনতে চেষ্টা করার বিষয়গুলিকে সুসামঞ্জস্যপূর্ণভাবে জীবনের অবস্থানগুলিতে বৃদ্ধি করবে। *রিফলেকটিভ লিডারশিপের* রচয়ক ডক্টর রবার্ট টেরী (Dr. Robert Terry) লক্ষ্য করেন যে "নিজেদের ভেতরে নিগূঢ় চ্যালেঞ্জ হল জগতের নিজেদের সম্পর্কের, নিজেদের মধ্যে আসল ও প্রকৃত সত্তার প্রামাণিকতা।"

৫) নিজ বিশ্বাসে প্রগাঢ়ভাবে উন্নত হওয়া। খ্রীষ্ট অনুগামীরূপে, আমাদের বিশ্বাস, ঈশ্বরের আত্মার ক্ষমতা রয়েছে মনুষ্য অন্তরে আত্মিক পরিবর্তন আনয়ন করার। চারিত্রিক উন্নতিসাধন অতিশয় কঠিন এক কার্যভার যা ঈশ্বরের আত্মার অন্তর্ভুক্তি করণ বিনা সম্পাদন করা দুঃসাধ্য। খ্রীষ্টের সঙ্গে আমাদের সম্পর্ক প্রতিপালন আর তাঁর আত্মার সঙ্গে একই সুরে স্থায়ী থাকা, আমাদের জীবনে ঈশ্বরের কার্যকারিতার উপর নির্ভর থাকতে সাহায্য করে। আমরা ঈশ্বরের প্রেমের মধ্যে যত গভীরে প্রবেশ করি, অন্যজনেদের প্রতি আমাদের ভালোবাসা ততই প্রগাঢ়তর হয়ে উঠবে আর মন্দ হতে মহান সুরক্ষার অভিজ্ঞতা আমরা উপলব্ধি করি।

৬) গোপন পাপ ও চারিত্রিক দোষত্রুটি গুলির সঙ্গে অনমনীয়ভাবে ও দৃঢ়ভাবে মোকাবিলা করা। সকল নেতারই একটি অন্ধকার দিক থাকে। কিছু কিছু লোকেরা আনন্দ পায়। অন্যান্যরা নিজেদের জন্য একটি নাম তৈরী করতে ইচ্ছা প্রকাশ করে। কিছু কিছু নেতাদের ক্রোধের বিচার্য্য বিষয়গুলি অথবা সহনির্ভরতার প্রবণতাগুলি বিদ্যমান। এই সকল বিষয়গুলি একজন নেতার নেতৃত্ব করার কর্মদক্ষতাকে প্রভাবিত করবে। বিল হিবেল্স (Bill Hybels) নেতাদের প্রশ্ন করেন ঃ "আপনার আভ্যন্তরিক বিষয়গুলি মীমাংসাকরণের জন্য কে দায়িত্বশীল যাতে মণ্ডলী আপনার সেই সকল আবর্জনা দ্বারা নেতিবাচকরূপে প্রভাবিত হবে না? আপনি কি দায়িত্ব নেন? আত্মিক নেতাদের এই সকল বিষয়গুলি বাছতে হবে। আমাদের মণ্ডলী সকল বিষয়গুলির উপর নির্ভর করে।

উপসংহার

অ্যান্ডি স্ট্যানলি (Andy Stanly) তাঁর, *নেকস্ট জেনারেশন লিডার,* (Next Generation Leader) নামক পুস্তকের শেষ পৃষ্ঠায় দাবি মূলক একটি মহৎ প্রশ্ন তুলে ধরেন ঃ "ঠিক এখনই আমার জীবনের কোন্ ক্ষুদ্র বিষয়ের এক বিশাল বিষয় হয়ে ওঠার ক্ষমতার রয়েছে?" নিম্নমানের চরিত্র কোথাও আবির্ভূত হয় না। এটা ছোটভাবে শুরু হয় — প্রায়শই এত ছোট হয়ে যায় যে তার কোনো চিহ্নই থাকে না। অবশেষে একবার সেই ক্ষুদ্র বিষয়গুলি যদি লক্ষ্যের বাইরে চলে যায় পরে একটি বিশালাকার ধারণ করে, একজন নেতাকে সেটি নিয়ন্ত্রণ করে। ঠিক মনুষ্য দেহের ক্যানসারের মত, দুর্বল চরিত্র সরিয়ে নেওয়ার উপযুক্ত সময় হল যখন সেটি "ক্ষুদ্র বিষয়" থাকে।

ঈশ্বরের অসীম বিচক্ষণতায় তিনি নেতাদের হাতে মণ্ডলীর ভবিষ্যৎ তুলে দেওয়ার জন্য মনোনীত হয়েছেন। তিনি অন্তর্দৃষ্টি-সম্পন্ন প্রত্যাশাগুলি দ্বারা সেই কাজই করেন। তিনি চান আমরা যেন অসাধারণ নেতা হই। তিনি চান আমরা যেন নেতৃত্বের দক্ষতাগুলিতে শান দিই, কার্যকরভাবে ভাব বিনিময় করি ও আমাদের দলগুলিকে উত্তমভাবে পরিচালনা করি। কিন্তু সেই সকলের উর্দ্ধে, ঈশ্বর তাঁর নেতাদের কাছে প্রত্যাশা করেন, তারা যেন তাদের আত্ম নেতৃত্বের কলাকৌশলে কর্মদক্ষ ও নিপুণ হয়ে ওঠে। ■

এরিক ডি, রাস্ট, সিডার হিল্স চার্চ্চের, প্রধান পালক (অ্যাসেমবিলিস্ অফ গড), স্যান্ড পয়েণ্ট, ইডাহো।

কার্যকর ব্যক্তিগত সাক্ষ্যতার উদ্দেশে বাইবেল ভিত্তিক নীতিসমূহ ও নানান অনুশীলনগুলি

র‍্যান্ডি হারস্ট্ কর্তৃক

সম্প্রতি একটি গবেষণায় উক্ত হয় যে যারা খ্রীষ্টের অনুগামী হওয়ার সিদ্ধান্ত নিয়ে থাকে তাদের মধ্যে ১০ শতাংশ একটি মণ্ডলীর সেবাকাজে রত থাকে। অত্যধিক পরিমাণে মণ্ডলীর দূরবর্তী সুসমাচার প্রচারের উন্নত নজির হল সমস্ত সপ্তাহ ব্যাপিয়া সদস্যদের ব্যক্তিগত সাক্ষ্যদান।

অন্য আরেকটি গবেষণা প্রকাশ করে যে, জনসভার ১০ শতাংশেরও কম ব্যক্তিগত সুসমাচার প্রচারের কাজ করে। কেন অধিক খ্রীষ্টিয়ানেরা যীশু খ্রীষ্ট সম্পর্কে অন্যান্যদের বলে না? অনেকে মনে করে সবচেয়ে প্রচলিত কারণ হল, আগ্রহের বা অনুভূতির অভাব। —সেই খ্রীষ্টিয়ানেরা গ্রাহ্য করে না। কিন্তু বেশীর ভাগ লোকের ক্ষেত্রে, কারণ হল সাহসিকতার অভাব। আমার বিশ্বাস, খ্রীষ্টের অনুগামীরা ফলপ্রসূ সাক্ষী হতে চান, কিন্তু তারা নিজেদের অপর্যাপ্ত, ভগ্নোদ্যম মনে করে অথবা তাদের বিশ্বাসের কথা আলোচনা করার বিষয়ে এমনকি ভীরু বোধ করে, বিশেষতঃ সেই একজন যার কোনো খ্রীষ্টিয় পরিচিতি থাকে না।

যীশু বলেন, “তোমরা সেই সত্য জানিবে, এবং সেই সত্য তোমাদিগকে স্বাধীন করিবে” (যোহন ৮:৩২)। সুসমাচার প্রচারের প্রকৃতি সম্পর্কে ঈশ্বরের অনুপ্রাণিত বাক্য কি কথা বলে সেটির উপলব্ধিকরণ বিশ্বাসীদেরকে তাদের অপর্যাপ্ততার অনুভূতি থেকে মুক্ত করে। এমনকি ব্যক্তিগত সাক্ষ্যদান প্রসঙ্গে ভয় থেকে মুক্তি দেয়।

কলসীয় বাসীদের মধ্যে পৌল সুসমাচারের উদ্দেশ্যে এমন একটি পথে কথা বলেন যা খ্রীষ্টের কথা আলোচনা করার ক্ষেত্রে বাধাদান করতে পারার ভুল ধারণা ও আবেগ সমূহ থেকে বিশ্বাসীদেরকে মুক্ত হতে সাহায্য করবে।

সম্পর্কমূলক সুসমাচার প্রচারকরণে বিশ্বাসীদের সাহায্য করার জন্য তিনি এক সহজ, বাইবেলভিত্তিক বাস্তবসম্মত পথ প্রদান করেন।

সুসমাচার প্রচার কার্যভারের সবচেয়ে পুনঃ পুনঃ নির্ধারিত অনুরোধ হল, ব্যক্তিগত অনুপ্রেরণা ও সাক্ষ্যদানের প্রশিক্ষণ প্রসঙ্গে উপকরণগুলির উদ্দেশ্যে। পালকেরা ও অন্যান্য মণ্ডলীর নেতাগণেরা মণ্ডলীর মধ্যে একাধিক পথে পৌলের দ্বারা সমর্থিত পরবর্তী নানান অনুশীলন ও নীতিসমূহের শিক্ষা দিতে পারে। এই সকল নীতিসমূহ ব্যক্তিগত সুসমাচার প্রচারের শিক্ষাদানের ক্ষেত্রে এক বাইবেলভিত্তিক পরিকাঠামোর যোগান দেয় যা একজন বিশ্বাসীর জীবনধারার এক সাধুতার দিক রূপে পরিণত হতে পারে।

প্রেরিত পৌলের পন্থা

সুসমাচার প্রচার এক মনোনয়ন নয়; আমরা কিভাবে সেটি সম্পাদন করি সেটিই বিচার্য বিষয়। একই বাইবেল যা আমাদের সুসমাচারসহ লোকেদের কাছে পৌঁছানোর জন্য আদেশ করে, সেই একই বাইবেল আমাদেরকে জানায় কিভাবে সেই কাজ করতে হবে।

পৌল কলসীয়দের মণ্ডলীতে কার্যকর খ্রীষ্টিয় সাক্ষ্যদান প্রসঙ্গে বাস্তবসম্মত তথা নিগূঢ় শিক্ষাদান করেন। পত্রে তাঁর বিবেচিত চূড়ান্ত নির্দেশাবলী, খ্রীষ্টিয়ানদের অবিশ্বাসীদের দিকে কিভাবে বর্ণনা করা দরকার, যাদেরকে তিনি উপযুক্তভাবে বলেন “বাইরের লোক” (৪:৫)। আমি পৌলের পন্থাকে আখ্যা দিই *প্রত্যুত্তর সুসমাচারপ্রচার (রেসপন্স্ ইভ্যান্জেলিজ্ম)* (দেখুন, পদ ৬)। “তোমরা প্রার্থনায় নিবিষ্ট থাক, ধন্যবাদ সহকারে এ বিষয়ে জাগিয়া থাক। আর তৎসঙ্গে আমাদের জন্যও প্রার্থনা কর, যেন ঈশ্বর আমাদের জন্য বাক্যের দ্বার খুলিয়া দেন, যেন খ্রীষ্টের সেই নিগূঢ়তত্ত্ব জ্ঞাত করিতে পারি, যাহার জন্য আমি বন্ধনযুক্তও আছি, যেন আমার যেমন বলা উচিত, তেমনি তাহা প্রকাশ করিতে পারি। তোমরা বাহিরের লোকেদের প্রতি বুদ্ধিপূর্ব্বক আচরণ কর, সুযোগ কিনিয়া লও। তোমাদের বাক্য সর্ব্বদা অনুগ্রহ সহযুক্ত হউক, লবণে আস্বাদযুক্ত হউক, কাহাকে কেমন উত্তর দিতে হয়, তাহা যেন তোমরা জানিতে পার” (কলসীয় ৪:২-৬)।

> *ব্যক্তিগত সুসমাচার প্রচারকালে আমাদের অংশের কার্য সম্পাদনের দিকে নিজেদেরকে নিয়মানুবর্তিতার মধ্যে রাখতে হবে, একই সময়ে, একমাত্র ঈশ্বরের কার্যসাধনের উপর নির্ভরশীল থাকা একান্তই আবশ্যক।*

পৌলের শিক্ষাগুলির মধ্যে কার্যকর সাক্ষ্যদানে যে দুটি নীতি অন্তর্ভুক্ত থাকার সন্ধান আমরা পাই তা হল — *নির্ভরশীলতা* (পদ ২-৪) এবং *নিয়মানুবর্তিতা* (৫,৬)। ব্যক্তিগত সুসমাচার প্রচারকালে আমাদের অংশের কার্য সম্পাদনের দিকে নিজেদেরকে নিয়মানুবর্তিতার মধ্যে রাখতে হবে, একই সময়ে, একমাত্র ঈশ্বরের কার্যসাধনের উপর নির্ভরশীল থাকা একান্তই আবশ্যক।

পৌল তাঁর এই মানবীয়/ঐশ্বরিক প্রতিক্রিয়া তাঁর পত্রাবলীর প্রথম অংশে প্রকাশ করেন ঃ "আর তাঁহার যে কার্য্যসাধক শক্তি আমাদের সপরাক্রমে নিজ কার্য্য সাধন করিতেছে, তদনুসারে প্রাণপণ করিয়া আমি সেই অভিপ্রায়ে পরিশ্রমও করিতেছি" (কলসীয় ১:২৯)। পৌলের মানবীয় প্রচেষ্টা (আমি প্রাণপণ পরিশ্রম করিতেছি) সমর্থন করা ঈশ্বরের উপর নির্ভর করে (তাঁহার কার্যসাধক শক্তি স পরাক্রমে")।

নির্ভরশীলতা ও নিয়মানুবর্তিতার নীতিগুলির পাশাপাশি, পৌল খ্রীষ্টিয় জীবন যাত্রার ছয়টি অনুশীলনের কথা বোঝাতে চেষ্টা করেন যা অবিশ্বাসীদের প্রতি ক্রিয়াশীল, কার্যকর সাক্ষ্যলাভ করতে সাহায্য করে। একজন পালক এই সকল নীতিসমূহ একটি ধর্মসভায় দুটি পথে শিক্ষা দিতে পারেন। প্রথমে, যাজকেরা ব্যক্তিগত সুসমাচার প্রচারের ক্ষেত্রে একটি ব্যাপক বাইবেলভিত্তিক পন্থা হওয়ার জন্য নীতিসমূহ ও অনুশীলনগুলি একত্রে শেখাতে পারেন। পরে, প্রতিটি নীতি ও অনুশীলন বিভিন্ন প্রসঙ্গগুলিতে যখনই সম্ভবপর হয় গুরুত্ব আরোপ করে প্রকাশ করা দরকার। শুধুমাত্র একটি শিক্ষা অথবা একটি ধর্মোপদেশ তাদের জীবনধারায় এই সকল অনুশীলনগুলিকে এক অংশ করে গড়ে তোলার জন্য, বিশ্বাসীদের ক্ষেত্রে পর্যাপ্ত পরিমাণে সাহায্য প্রদান করবে না।

অনুশীলন নম্বর ১ — উন্মুক্ত দ্বারগুলির উদ্দেশ্যে প্রার্থনা করা

"প্রার্থনা কর, যেন ঈশ্বর আমাদের জন্য বাক্যের দ্বার খুলিয়া দেন" (কলসীয় ৪:৩)

প্রার্থনা করার জন্য পৌল কলসীয়বাসীদের দিকে উপদেশ দেওয়ার মাধ্যমে তাঁর শিক্ষাদান শুরু করেন। প্রার্থনা সুসমাচার প্রচারে অপরিহার্য দিক। যতক্ষণ না ঈশ্বর মানুষের হৃদয়ে ও জীবনে কার্য্য সাধন করেন, আমাদের কাজ স্থায়ী ফলাফল উৎপন্ন করবে না।

প্রেরিতের পুস্তকের মধ্যে, আমরা ঈশ্বরের ক্রিয়াকলাপের এক প্রকাশিত দৃষ্টান্ত তাঁর এক দূতবাহকের দ্বারা দেখতে পাই। পৌল যখন তাঁর সঙ্গীদের সঙ্গে ফিলিপের বাইরে একটি নদীতীরে বিশ্রাম বারে প্রার্থনা করতে গেলেন, তখন তাঁরা বসে সমাগত স্ত্রীলোকদের কাছে কথা বলতে শুরু করলেন। "থুয়াতীরা নগরের লুদিয়া নাম্নী একটি ঈশ্বর-উক্ত স্ত্রীলোক, যিনি বেগুনিয়া কাপড় বিক্রয় করতেন, আমাদের কথা শুনিতেছিলেন; আর প্রভু তাঁহার হৃদয় খুলিয়া দিলেন, যেন তিনি পৌলের কথায় মনোযোগ করেন" (প্রেরিত ১৬:১৪)। পৌল ঈশ্বরের কথা বললেন। *সদাপ্রভু* লুদিয়ার হৃদয় খুলে দিলেন।

আমাদের সুসমাচারের কথা বলার অধিকার ও দায়িত্ব রয়েছে। কিন্তু একমাত্র ঈশ্বরই একজন ব্যক্তির হৃদয় খুলে দিতে পারেন। সুযোগসুবিধাগুলি যোগান দেওয়া, শ্রোতাদের মনে বোধশক্তি আনার ও মনস্থির করার দিকে তাদের অন্তরে সাড়া জাগানোর জন্য আমরা ঈশ্বরের উপর নির্ভর করি।

বিশ্বাসীদের জীবন ধারায় চারিত্রিক গুণাবলী তৈরী করার জন্য নিয়মিত প্রার্থনার বিষয়ে শিক্ষাদান ও উৎসাহপ্রদান পুনরাবৃত্তি হওয়া দরকার।

অনুশীলন নম্বর ২ — বার্তাটি সুস্পষ্ট ভাবে প্রকাশ করা

"যেন আমার যেমন বলা উচিত, তেমনি তাহা প্রকাশ করিতে পারি" (কলসীয় ৪:৪)

পৌলের ঘোষিত বার্তাটি ছিল "ঈশ্বরের নিগূঢ়তত্ত্ব" (কলসীয় ২:২)। আমাদের কথা বলার লক্ষ্য হওয়া দরকার যীশুর বিষয়ে (দেখুন কলসীয় ১:১৩-২৩,২৮; ২:৯-১৫)

যীশুর স্বর্গারোহণের পর, প্রেরিত পিতর অবিলম্বে নূতন নিয়মের মণ্ডলীর সবচেয়ে সুস্পষ্ট কণ্ঠস্বরের একজন ব্যক্তি রূপে পরিণত হয়েছিলেন। পবিত্র আত্মার পরাক্রমে, এই অত্যধিক পরিমাণে অশিক্ষিত মৎস্যধারী, সুসমাচার প্রচারের একজন বাক্পটু ও উৎসাহী প্রচারকরূপে পরিণত হয়েছিলেন।

পঞ্চাশত্তমীর দিনে পিতর তাঁর সর্বশ্রেষ্ঠ পরিচিত ধর্মোপদেশ প্রচার করেন। কিন্তু লূক প্রেরিত পুস্তকের মধ্যে পিতরের একাধিক ঘোষণা করা সুসমাচার নথিভুক্ত করেন (৩:১২-২৬; ৪:৮-১২; ৫:২৯-৩২; ১০:৩৪-৪৩)। এইসকল উপস্থাপনগুলি বিশ্লেষণ করার সময়ে, আমরা দেখতে পাই যে পিতর দুটি মৌলিক সত্যের কথা বলেন ঃ যীশু *কে* ও *কেন* তিনি তাঁর জীবন দান করেন। এই সকল দুটি সত্যসমূহ আলোচনা করার দিকে প্রস্তুত হওয়ার জন্য যে কোনো বিশ্বাসীকে, অবিশ্বাসীদের সঙ্গে খ্রীষ্টের কথা ফলপ্রদায়করূপে আলোচনা করার জন্য গড়ে তুলবে।

যীশু *কে* ছিলেন?

ধর্মনিরপেক্ষ মিডিয়ার মাধ্যমে খ্রীষ্টের বিবরণ সাধারণতঃ যীশুকে একজন রূপকথার চরিত্ররূপে উপস্থিত করে। এমনকি মিডিয়াগুলি যীশুকে একজন ঐতিহাসিক ব্যক্তির মত দেখানোর সময়ে, একজন মহৎ শিক্ষাগুরু অথবা এমনকি একজন ভাববাদীর মত — কিন্তু একমাত্র একজন মানুষ রূপে মিডিয়া তাঁকে চিত্রিত করে।

বিশ্বাসীদের অবশ্যই সংবাদ প্রদান করা দরকার যে যীশু একজন শিক্ষাগুরু এবং ভাববাদী অপেক্ষা বৃহত্তর ছিলেন। তিনি ছিলেন মানবীয় আকারে ঈশ্বর। আমাদেরকে পাপের ক্ষমাশীলতা দান করা ও অনন্তকালীন জীবনের অনুগ্রহ দান করার জন্য, পবিত্র আত্মা দ্বারা গর্ভজাত হয়ে তিনি এক কুমারীর মাধ্যমে জন্ম গ্রহণ করেন, এক পাপহীন জীবন যাপন করেন, আমাদের পাপের কারণে মৃত্যুবরণ করেন এবং পুনরায় উত্থিত হওয়ার দ্বারা মৃত্যুকে জয় করেন।

কেন তিনি তাঁর জীবন দান করেন?

বাপ্তাইজিত যোহন যীশুর ধরায় আগমনের বিষয়ে ঘোষিত সাক্ষ্যের সময়ে, তিনি বলেন, "ঐ দেখ, ঈশ্বরের মেষশাবক, যিনি জগতের *পাপভার* লইয়া যান" (যোহন ১:২৯)। সমগ্র মানবজাতির পাপই হল যীশুর মৃত্যুর কারণ। ক্রুশের অস্তিত্ব দুটি ঘটনা স্থাপন করে ঃ সকলেই পাপী, আর এটির বিষয়ে আমরা কিছুই করতে পারি না।

বিষয়টি গুরুত্বপূর্ণ কারণ পিতরের মত পৌল একই সত্য থিষলনীকীয়দের প্রতি প্রদান করেন। বিশ্রাম বারে সমাজগৃহে লূক পৌলের শিক্ষাদান সংক্ষিপ্ত করে বলেন ঃ "পৌল আপন রীতি অনুসারে তাহাদের কাছে গেলেন, এবং তিনি বিশ্রাম বারে তাহাদের সহিত শাস্ত্রের কথা লইয়া প্রসঙ্গ করিলেন, অর্থ বুঝাইয়া দিলেন, এবং দেখাইলেন যে, খ্রীষ্টের মৃত্যুভোগ ও মৃতগণের মধ্য হইতে পুনরুত্থান করা আবশ্যক ছিল, এবং এই যে যীশুকে আমি তোমাদের কাছে প্রচার করিতেছি, তিনিই সেই খ্রীষ্ট" (প্রেরিত ১৭:২,৩)।

সুসমাচারের উপস্থাপনে, যীশুর বিষয়ে এই দুটি সত্য অন্তর্ভুক্ত থাকা দরকার। ক্রুশের উপরে যীশুর মৃত্যু, তাঁর পুনরুত্থান ও সকল মানবজাতির মুক্তিলাভ ফলস্বরূপ আগত হওয়ার মাধ্যমে, ঈশ্বরের প্রদর্শিত অনুগ্রহ অনুধাবন করার জন্য উভয়ই অপরিহার্য।

অনুশীলন নম্বর ৩ — "বাইরের লোকেদের" সঙ্গে বিচক্ষণ থাকা

"তোমরা বাইরের লোকেদের প্রতি বুদ্ধিপূর্বক আচরণ কর, সুযোগ কিনিয়া লও।" (কলসীয় ৪:৫)

পৌলের ভাষায় *বাইরের লোকেরা* মণ্ডলীর সম্পর্কযুক্ত অবিশ্বাসীদের অবস্থানের এক উপযুক্ত ও বাস্তবসম্মত বিবরণ প্রদান করে। একাধিক কারণে, আজকের দিনের বেশীর ভাগ অবিশ্বাসী ব্যক্তিরা চিরকালের অপেক্ষা খ্রীষ্টের প্রসঙ্গে আরও অনেক দূরের বাইরের লোক। অবিশ্বাসী ব্যক্তিরা খ্রীষ্টিয় মূল্যবোধ অথবা সেগুলি বোঝার বিষয়েও অঙ্গীকারবদ্ধ হওয়ার কথা আমরা ধরে নিতে পারি না।

বিদেশের শহরগুলিতে মিশনারীদের কার্য্যের মত নানান সংস্কৃত ও ভাষাভাষীদের মধ্যে সুসমাচারের কথা আদান প্রদান করার ক্ষেত্রে মণ্ডলীগুলি আজকের দিনে নানান চ্যালেঞ্জের সম্মুখীন হয়। বিশ্বাসীরা মণ্ডলীতে তাদের জীবনের অধিকাংশ সময় কাটালে, তারা মণ্ডলীর মূল্য, ধারণা ও ভাষার তারতম্যগুলির অভিজ্ঞতা লাভ করে থাকে। খ্রীষ্টিয় ব্যক্তি ও অবিশ্বাসী ব্যক্তি উভয়ই ইংরাজী ভাষায় কথা বলতে পারে, কিন্তু খ্রীষ্টিয়গণেরা সর্বদাই মণ্ডলীর ভাষা ব্যবহার করে যা পার্থিব সংস্কৃতির কাছে অপরিচিত অথবা অন্য ধরনের অর্থ বোঝাতে পারে।

আমরা খ্রীষ্টিয় অর্থহীন বাক্য ব্যবহার করে অবিশ্বাসী *ব্যক্তিদের* কাছে একটি কথোপকথনের প্রতিবন্ধক তৈরী করি। বিশ্বাসীজনের কাছে *উদ্ধারিত, সুসমাচার* ও

এনজেল স্কেল

এনজেল স্কেল হল গণনা করণের পদ্ধতি যেটি দেখায় লোকেরা নিজস্ব আর্থিক পদক্ষেপের কোন স্থানটিতে রয়েছে।

- ৮ এক সর্ব্বশ্রেষ্ঠ সত্তার বিষয়ে সচেতনতা, কিন্তু সুসমাচারের কোনো ধারণা না থাকা।
- ৭ সুসমাচারের প্রাথমিক সচেতনতা।
- ৬ সুসমাচারের মৌলিক বিষয়গুলি অবগত থাকা।
- ৫ সুসমাচারের ভাবার্থগুলির ধীশক্তি
- ৪ সুসমাচারের প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি
- ৩ ব্যক্তিগত সমস্যা স্বীকৃতি
- ২ কার্য সম্পাদনের সিদ্ধান্ত
- ১ খ্রীষ্টে বিশ্বাস ও অনুতাপ
০ মন পরিবর্তন
+ ১ পরবর্তী সিদ্ধান্তমূলক মূল্যায়ণ
+ ২ খ্রীষ্টের দেহে সম্মিলন
+ ৩ খ্রীষ্টের ধারণামূলক ও আচরণগত বৃদ্ধির এক জীবনকাল।

লোকেরা বিশ্বাস করতে ইচ্ছুক হওয়ার আগে অধিকারভুক্ত হতে ইচ্ছুক হয়। সুসমাচার প্রচার করার সময়ে মৌলিক ভাষা ব্যবহার করুন। লোকেরা সেই শব্দগুলি বুঝতে পারেনা যেমন *অনুতাপ, পবিত্রকরণ,* এবং *মুক্তি* যদি তারা সেগুলি প্রথমে না শুনে থাকে এবং *প্রেম, দয়াশীল* ও স্বীকৃতির মত শব্দগুচ্ছ যদি না দেখে থাকে। এমনকি ঈশ্বরের বাক্য প্রস্তাবনা দেয় যে ঈশ্বরের প্রেম অনুতাপের দিকে চালনা করে। এই সকল বিব্রতমূলক শব্দগুচ্ছ সুসমাচারের গভীরতম বিষয়গুলির দিকে চালনা করে। পৌল উপলব্ধি করেন যে শিশুদের মাংসের প্রয়োজনের আগে দুধের প্রয়োজন। তিনি যার দিকে পরামর্শ দান করতেন তার অনুসারে বিভিন্ন স্তরের সুসমাচার উপস্থাপন করতেন।

আমাদের প্রত্যাশা নেতিবাচক সংখ্যা থেকে ইতিবাচক সংখ্যার দিকে লোকেদের ক্রমোন্নতি দেখা, এবং অবশেষে এক সুস্থ, উন্নতিশীল হতে দেখাত + ৩। প্রায়শই বিশ্বস্ত জগত ও অবিশ্বাসের জগতের মধ্যে একটি ব্যবধান থাকে। খ্রীষ্টিয়ানদের এক *সামাজিক-স্বেচ্ছাচারী জ্ঞান* অথবা *সুনির্দিষ্ট সাংস্কৃতিক জ্ঞান* অতি সম্পূর্ণরূপে বিকশিত হতে পারে যাতে তারা অ-খ্রীষ্টিয় ব্যক্তিদের কাছে সম্পূর্ণরূপে পরজাতী হয়ে ওঠে। এরূপ খ্রীষ্টিয়গণেরা নির্জ্ঞানভাবে অর্থহীন বাক্য ব্যবহার করতে শুরু করে যা একমাত্র তারাই বর্ণনা করতে পারে কারণ তারা খ্রীষ্টিয়ান সংস্কৃতির শিক্ষা লাভ করে থাকে।

প্রচারক হওয়ার জন্য, আমাদের শেখা দরকার কিভাবে আমাদের জীবন, কাজ ও কথাবার্তা পুর্নগঠন করা দরকার যাতে যাদের মধ্যে খ্রীষ্টিয়ধর্মের এক ধীশক্তি গঠিত না হয়ে থাকে তাদের কাছে সেটি প্রাসঙ্গিক হয়। আমাদের অবশ্যই শেখা দরকার পৌল যেমন বলেন, "সর্ব্বদা কতকগুলি লোককে পরিত্রাণ করিবার জন্য আমি সর্ব্বজনের কাছে সর্ব্ববিধ হইলাম।" (১ করিন্থীয় ৯:২২)।

অভিষিক্তকরণের মত শব্দগুলি বোধগম্য, কিন্তু যাদের সেই শব্দগুলির সম্পর্কে কোনো পরিচিতি থাকে না, তাদেরকে সেগুলি বিচলিত করে তুলতে পারে। অবিশ্বাসী ব্যক্তিদেরকে আমাদের ভাষার দ্বারা নয় তাদের ভাষার মাধ্যমে নাগাল পাওয়া দরকার।

মণ্ডলীর সংস্কৃতির একটি অংশ হল, এমন একটি ভাষায় খ্রীষ্টিয়ানদের তাদের বিশ্বাসের কথা বলার জন্য গড়ে তোলা দরকার যাতে অবিশ্বাসীরা বুঝতে পারে এবং সেই ধারণার মাধ্যমে তারা যেন বর্ণনা করতে পারে — যেরূপে যীশু করেছিলেন।

অনুশীলন নম্বর ৪ — বেশীর ভাগ সুযোগগুলি প্রস্তুত করা

"সুযোগ কিনিয়া লও" (কলসীয় ৪:৫)

সুযোগগুলি কালের কাঠামোতে থাকে। কথায় আছে যে, সুযোগ শুধু একবার দ্বারে কড়া নাড়তে পারে, বিষয়টি সত্য। একটি সুযোগ দ্বিতীয় বার আসতে নাও পারে। প্রতিটি সুযোগ অসাধারণ কারণ ব্যক্তিবর্গের পরিস্থিতিগুলি ভিন্নভিন্ন।

কিছু শাস্ত্রাংশ মুখস্থ করা অথবা সাক্ষ্য দানের পাঠক্রম সম্পূর্ণ করা, লোকেদের প্রতি সাড়াদানের ক্ষেত্রে খ্রীষ্টিয়দের প্রস্তুত করে না। এগুলি সাহায্য করতে পারে, কিন্তু সত্য সম্পর্কে জ্ঞান আমাদেরকে শিক্ষার এক ক্রিয়াশীল কার্যাবলীর জীবনধারার প্রয়োজনীয় একাধিক পরিস্থিতিসমূহের মধ্যে ব্যক্তিদের প্রতি প্রত্যুত্তর দিতে সমর্থ করে তোলে। এর অর্থ হল, আমাদেরকে যীশু খ্রীষ্টের বিষয়ে এক ব্যক্তিগত ধারণার মধ্যে বৃদ্ধি পেতে হবে। আমরা কখনই স্নাতক/উপাধি গ্রহণ করিনা। আমরা সকলেই এক আত্মিক যাত্রাপথে রয়েছি। ব্যক্তিগতভাবে আমরা যা শিক্ষালাভ করি আমরা এক নূতনভাবে আলোচনা করতে পারি যা অবিশ্বাসী ব্যক্তিদের মনে সন্দেহ রাখবে না।

অনেকেই সাক্ষীরূপে অনুপযুক্ত মনে করে কারণ তারা তথ্যাদি স্মরণে রাখতে পারে না অথবা শাস্ত্র মনে রাখতে পারে না, যা তারা মনে করে তাদের জানা দরকার। এমনকি যদি তারা পারে, প্রলোভনের সময় সেগুলি মনে করার প্রতি তাদের দক্ষতার বিষয়ে নিশ্চিত হতে পারে না। কিন্তু প্রত্যেক বিশ্বাসী, ব্যক্তিগত সুসমাচার প্রচারের প্রশিক্ষণ না থাকা সত্ত্বেও, তার ব্যক্তিগত সাক্ষ্য ও প্রার্থনার কথা আলোচনা করতে পারে।

সকলেরই এক ব্যক্তিগত সাক্ষ্য রয়েছে। সততা ও দৃঢ় বিশ্বাস সহকারে যীশু খ্রীষ্টের সঙ্গে আমাদের ব্যক্তিগত সম্পর্ক ও অভিজ্ঞতার কথা আলোচনায় কয়েকজন লোকের সঙ্গে বাধ্যমূলক তর্ক বিতর্ক হতে পারে।

অবিশ্বাসীদের প্রতি পরামর্শ দান করার সবচেয়ে সুবিধাজনক পথগুলির মধ্যে একটি হল প্রার্থনা। যখন অবিশ্বাসী ব্যক্তিরা সমস্যাসমূহের কথা বলে, তাদেরকে প্রার্থনা করার বিশেষ সুবিধার উদ্দেশ্যে অনুরোধ করতে বলুন। আমরা যদি বিশ্বাস করি ঈশ্বর প্রার্থনায় উত্তর দেন, লোকেদের সঙ্গে এবং তাদের জন্য প্রার্থনা করার মাধ্যমে আমাদের বিশ্বাস অনুশীলন করা দরকার এবং নিশ্চিত থাকা দরকার যে ঈশ্বর উত্তর দেবেনই। একজন বিশ্বাসীর প্রার্থনা শ্রবণ অবিশ্বাসী ব্যক্তিদের মনে এক গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারে। বিশ্বাসীরা যখন একটি প্রয়োজনের জন্য প্রার্থনা করে, লোকেরা অনুভব করতে পারে তারা যথার্থ ও ঈশ্বরের সঙ্গে তাদের এক সম্পর্ক রয়েছে। ঈশ্বর প্রার্থনায় উত্তর দেওয়ার সময়ে সুসমাচারের দিকে হৃদয়ের দ্বার খুলে দিতে পারেন।

যাজকীয় নেতৃত্ব বহু দূরের ঘটনাবলীর মাধ্যমে অবিশ্বাসী ব্যক্তিদের সঙ্গে যোগসূত্র স্থাপিত করার কারণে মণ্ডলীর সদস্যদের ক্ষেত্রে আবার সুযোগ সুবিধাগুলি প্রবেশ করাতে পারে।

অনুশীলন নম্বর ৫ — অনুগ্রহ সহকারে কথা বলা

"তোমাদের বাক্য সর্বদা অনুগ্রহ সহযুক্ত হউক, লবণে আস্বাদযুক্ত হউক" (কলসীয় ৪:৬)

> *ঈশ্বর প্রত্যেক বিশ্বাসীকে এক সাক্ষী হওয়ার দিকে আহ্বান করেন, এবং সকল বিশ্বাসীরা ঈশ্বরের সহায়তায় এক হতে পারে।*

১ পিতর ৩:১৫ পদে, প্রেরিত পিতর পৌলের মত একই ধরনের মন্তব্য প্রকাশ করেন। পিতর বিশ্বাসীদের বলেন তাদের অন্তরস্থ প্রত্যাশার পক্ষে একটি উত্তর দেওয়ার জন্য সর্বদা প্রস্তুত থাকতে কিন্তু "মৃদুতা ও ভয় সহকারে' উত্তর দিতে বলেন। শুধুমাত্র আমাদের বক্তব্য বিষয়টি গুরুত্বপূর্ণ নয় বরং আমরা কিভাবে ব্যক্ত করি সেটিও গুরুত্বপূর্ণ।

আমাদের অধিকাংশ পারস্পরিক ভাববিনিময়গুলি অবাচনিক বা অকথিত। যদি কোনো একজনের বক্তব্য বিষয়টি ও বলার ভঙ্গীটির মধ্যে অসংগতি থাকে, আমাদের সকল সময় অকথিত বার্তাটি বিশ্বাস করতে হবে। একজন ব্যক্তির দোষ স্বীকার করে দুঃখ প্রকাশ করার ধারণা থাকতে পারে — একই শব্দগুলি দ্বারা

এই পুর্নগঠন এমনকি আমাদের বক্তৃতাকেও প্রসারিত করে। পৌল, আরেয়পাগের মধ্যস্থলে উপদেশ দেওয়ার সময়ে তাঁর বক্তব্য যে ঠিক তা প্রমাণ করার জন্য, পুরাতন যুগের সংস্কৃতি মূলক মূর্তিগুলি ব্যবহার করেন (দেবতা ও প্রতিমা, এবং পুরাতন যুগের কবি)। তিনি যাদের নাগাল পাওয়ার জন্য চেষ্টারত ছিলেন। তাদের কাছে একটি প্রাসঙ্গিক স্তরে কথা বলার জন্য তিনি অপরিচিত দেবের মূর্তি ও তাদের কবিদের উল্লেখ করেন, যারা বলেছেন "কারণ আমরাও তাঁহার বংশ" (প্রেরিত ১৭:২২-৩১)।

মাইকেল ফ্রস্ট (Michacel Frost) ও অ্যালান হাসক (Alan Hirsch) কর্তৃক *দ্যা সেপিং অফ থিংস টু কাম* পুস্তকের মধ্যে ব্যাখ্যা করার জন্য একটি চিত্র লেখনী ব্যবহার করা হয়, শিষ্যত্বের ফাঁকটি জয় করতে পারার পূর্বে কিভাবে অবিশ্বাসী ব্যক্তিরা ঈশ্বরের বিষয়ে তাদের অজ্ঞতার সাংস্কৃতিক অভাব জয় করবে যা সকল বিশ্বাসীরা শেষে অবশ্যই জয় করবে।

এনজেলের প্রস্তাবনা অনুসারে লোকে কর্মধাপগুলি সম্পূর্ণরূপে সম্পাদন করলে আমাদের অবশ্যই পরীক্ষা করতে হবে, কিভাবে এবং কখন ঈশ্বরের রাজ্যে কথিত ও অকথিত ইঙ্গিতগুলি আমরা উপস্থাপন করব। এমনকি যখন যীশুর শিষ্যরা শিশুদেরকে বার করে দেওয়ার চেষ্টা করত তিনি তাদের দিকে কথা বলার বিষয়ে জোর দিতেন। তিনি তার শিষ্যদের মৌখিকভাবে ও অকথিতভাবে শিক্ষা দিতেন যে স্বর্গরাজ্যে প্রবেশ করার জন্য একজনের অন্তর একটি শিশুর ন্যায় হওয়া দরকার।

কূপের ধারে ব্যভিচারী রমণীর সঙ্গে যখন তিনি কথা বলেন (যোহন ৪:৫-২৯), তিনি তাঁর কথোপকথন সেই নারীর পাপ ও তার অনুতাপ করার দরকারের বিষয়টি নিয়ে শুরু করেন নি। তিনি কথা বলার সময়ে শারীরিক বিষয়টি লক্ষ্য করে কথা বলেন "আমাকে পান করিবার জল দাও"। তিনি "তাঁর অসংখ্য স্বামী থাকার" ঘটনাটি উল্লেখকরণের মাধ্যমে তার সম্প্রতি জীবনধারার উদ্দেশ্যের কথা বলেন। প্রয়োজনীয় তৃপ্তির সন্ধানের উদ্দেশ্যে তিনি বলেন — যা কিছু ভাল সে সকলই পান করতে। তারপর তিনি তাকে জীবন্ত জল উৎসর্গ করলেন। "যীশুর দান সেইসময় খ্রীষ্টিয় দৃষ্টান্ত ছিল না;এটি ছিল এমন এক দান যা তার জীবনের বর্তমান প্রয়োজন পূরণ করেছিল।

খ্রীষ্টিয় রূপে আমাদেরকে নিজেদের কথাগুলি বিবেচনা করতে হবে। আমাদের কখনও কখনও কথা নিজেদের জীবনের প্রয়োজন থেকে হয়ত উদয় হতে পারে, কিন্তু আমরা যারা সম্মুখীন হওয়া অব্যাহত রাখি তাদের একই প্রয়োজনগুলি হয়ত নাও থাকতে পারে। তাদের হয়ত ঠিক এখনই মণ্ডলীর দরকার হয় না, কিন্তু তাদের কাউকে হয়ত দরকার হতে পারে, নানান ধরনের শব্দগুচ্ছ এবং অকথিত সংকেতগুলির মাধ্যমে ঈশ্বরের প্রেম প্রদর্শন করার জন্য যেমন কর্মসম্পাদন ও পরিচর্য্যা। নিজেদের সুসমাচারের উপর চিন্তিত ভাবটি আমাদের ফুটিয়ে তোলা আর আমাদের শব্দগুচ্ছ গঠন করার কৌশলটি নির্ধারণ করে, আমরা নিজেদের অহংকারের দ্বারা বিরক্তিকর ও মণ্ডলীর কথাবার্তার ক্ষেত্রে অন্যমনস্ক রূপে নাকি আমাদের প্রতিবাসীর প্রয়োজনগুলির ক্ষেত্রে নিজেদের একত্রে চিন্তাধারার দয়ালু ও নম্ররূপে আবির্ভূত হই।

বিশ্বাসীদের পক্ষে তাদের আত্মিক তারুণ্যের বিস্মৃত ভাষা পুনরায় আবিষ্কার করার দিকে এটাই হল প্রকৃত সময়। এনজেল স্কেলে উপর তাদের জীবনধারার, তাদের কর্মপদ্ধতি ও তাদের অবস্থান কোথায় সেই বিষয়ে আমাদেরকে অবিশ্বাসী ব্যক্তিদের সঙ্গে কথা বলতে হবে।

ল্যালটন গ্যারীসন, স্প্রিংফিল্ড, মিসৌরি

স্বীকার করা কিন্তু বিভিন্ন পথে সেগুলি বলা — হয় সরলভাবে কিংবা ব্যঙ্গসূচক শব্দে। কণ্ঠস্বরের রূপসাধন এবং মুখায়বের বহিঃপ্রকাশ মিশ্র সংবাদগুলি প্রদান করতে পারে যা আমাদের বক্তব্যের শব্দগুচ্ছের বিরুদ্ধাচরণ করে।

আমাদের অনেকেই মার্কিন যুক্তরাষ্ট্রের মণ্ডলীর মধ্যে নামঞ্জুর ইতিহাস প্রাপ্ত হওয়ার দিকে চেষ্টারত থাকি এবং খ্রীষ্টিয় সক্ষ্যতার দিকে প্রতিরক্ষামূলক অথবা এমনকি শত্রুভাবাপন্ন হই। আগেবমূলক ক্ষতগুলি দ্বারা অন্যান্যরা আত্মিক বিষয়গুলির প্রতি অসংবেদীরূপে পরিণত হয়। ব্যক্তিগত অনুগ্রহ ও বিশ্বাসযোগ্যতা সহ একজন খ্রীষ্টিয় ব্যক্তি, যাদের জীবনধারা নিজেদের কথাবার্তার সঙ্গে অসঙ্গত হয়ে থাকে তাদের থেকে লোকেদের প্রাপ্ত মিশ্রিত লক্ষণগুলি বিকল করতে সাহায্য করতে পারে।

অবিশ্বাসী ব্যক্তির সঙ্গে আমাদের কথোপকথনে উপযোগী করে তোলার জন্য লবণ আস্বাদযুক্ত আহারের অনুগ্রহ, মৃদুতা ও সম্মানের মত এক আত্মার প্রয়োজন। আমরা সত্যতার সঙ্গে আপসে নিষ্পত্তি কখনই করব না, বরং আমরা সদয় হৃদয়ে সত্য কথার ভাব-বিনিময় করতে পারি।

বিশ্বাসীদের আত্মিক গঠনের মধ্যে অবিরাম শিষ্যত্বের দরকার, ফলতঃ আত্মার ফল তাদের জীবনে ক্রমবর্ধনশীলরূপে সুস্পষ্ট হয়ে উঠবে। আজকের দিনে ব্যক্তিগত সুসমাচার প্রচারের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল দূতবাহকের বিশ্বাসযোগ্যতা।

অনুশীলন নম্বর ৬ — ব্যক্তিগতভাবে উত্তর প্রদান

"কাহাকে কেমন উত্তর দিতে হয়, তাহা যেন তোমরা জানিতে পার" (কলসীয় ৪:৬)

প্রাসঙ্গিকতা এক ব্যক্তিগত বিষয়। বাইরের লোকেদের প্রতি বিচক্ষণভাবে আচরণ করা ও তাদেরকে বোঝার চেষ্টা করার মধ্যে, আমরা কখনই ভুলে যাবনা যে প্রতিটি বাইরের লোক হল অসাধারণ। বিভিন্ন প্রজন্ম ও একাধিক সংস্কৃতির লোকদের ইচ্ছা, অনুরাগ, চিন্তাভাবনা, মূল্য ও মনস্থির করার শিক্ষা সাহায্যপ্রদ। সাধারণ শ্রেণীভুক্তিগুলি, পক্ষান্তরে, ভুলপথে চালনা করতে পারে কেননা সকল ব্যক্তিই হল অসাধারণ। *বেবী বুমার্‌স, বাস্টারস, জেন জেরস, এবং পোস্ট-খ্রীষ্টিয়ান অথবা পোস্ট-মর্ডান* কথাগুলি হল রেখাচিত্র এবং অপরিবর্তনীয়, কোনো ব্যক্তিগত বাস্তবতা নয়।

জনগণ, প্রমাণিত তথ্যাবলী নয় কিংবা রাজ্যের জন্য আমাদের জয় করা শুধুমাত্র সত্তাগুলি নয়, লোকেদের পৃথক পৃথক ব্যক্তিত্ব থাকে — এবং তারা এক অনুপম সৃষ্টি যাদের জন্য ঈশ্বরের ব্যক্তিগত পরিকল্পনা ও উদ্দেশ্য রয়েছে। আমরা একজন ব্যক্তির একটি সময়ে ঈশ্বরের রাজ্য নির্মাণ করি।

লোকেদের দিকে উত্তর দেওয়া সম্পর্কে পৌলের শিক্ষাদানে যীশু হলেন শ্রেষ্ঠ দৃষ্টান্ত। যীশুর শিক্ষা তাঁর শ্রোতাদের কাছে ছিল সুস্পষ্ট। তিনি তাঁর শ্রোতাদের দৈনন্দিন জীবন থেকে আগত ভাষা এবং বাক্যর চিত্রাবলী ব্যবহার করেন। তিনি তাঁর শ্রোতাদের সঙ্গে সনাক্ত ও সংযুক্ত হন, তাদের বোধগম্য ভাষা ব্যবহার করেন, ধারণাগুলি প্রয়োগ করেন যেগুলি তারা বর্ণনা করতে পারে।

আমাদের নিজেদেরকে মনে করিয়ে দেওয়া দরকার যে বাইবেলের উদ্ধৃত যোহন ৩:১৬পদে যীশুর উপদেশমূলক শিক্ষাগুলির একটির অংশ ছিল না। যীশু নীকদিমের প্রতি রাত্রিরে এক কথোপকথনে মৃদু ভাষায় এই সকল বাক্যগুলি উচ্চারণ করেন, যীশু ফরীশীদের অনুসন্ধাণরত প্রশ্নসমূহের উত্তর প্রদান করে থাকেন।

এমনকি বিশাল জনতার কাছে শিক্ষা দেওয়ার সময়ে যীশু ব্যক্তিগণের উপরে মনোযোগ দেন ও তাদের দিকে উত্তরও দেন। হারানো লোকেরা এক ব্যক্তিগত উত্তর লাভের যোগ্য হয়, যখন তারা যীশুর সঙ্গে যোগসূত্র স্থাপন করতে আসে।

ঈশ্বর প্রত্যেক বিশ্বাসীকে সাক্ষী হওয়ার দিকে আহ্বান করেন এবং সকল বিশ্বাসী ঈশ্বরের সহায়তায় এক হতে পারে। মণ্ডলীর সদস্যগণেরা সুনিশ্চিত হতে পারেন কারণ ঈশ্বর তাদেরকে কার্যকর সাক্ষ্যতার মধ্যে ব্যবহার করেন, পবিত্র আত্মার কার্যে তাদের সহযোগিতা অনুসারে, যে কাজ পবিত্র আত্মা অবিশ্বাসীদের জীবনে সম্পাদন করেন। কলসীয়ের এই পাঁচটি পদ ব্যক্তিগত সুসমাচারপ্রচারে বাইবেলভিত্তিক, বাস্তবসম্মত ও ব্যাপক শিক্ষা প্রদান করে। নির্ভরশীলতা (পদ ২-৪) ও নিয়মানুবর্তিতার (পদ ৫,৬) নীতিসমূহ সকল খ্রীষ্টিয় জীবন ধারার সঙ্গে সম্বন্ধ যুক্ত। অনুশীলনগুলি মাণ্ডলিক জীবনের সকল দিকে অবিরতভাবে অতিরিক্ত সফলতর হওয়া দরকার।

সুসমাচার প্রচারের প্রকৃতি প্রসঙ্গে ঈশ্বরের বাক্যের সত্যতা লোকেদের যেকোনো প্রতিবন্ধকতাগুলি থেকে মুক্ত করতে পারে, সমভাবে তাদের মাধ্যমে ঈশ্বরের কার্যসম্পাদন করতে চাওয়ার উদ্দেশ্যটি সম্পাদন করার দিকে তাদেরকে সাহায্য করতে পারে। যাজকীয় নেতৃত্ব পৌলের নেতৃত্বের প্রভাবশালী সত্যতাগুলি লোকেদেরকে বুঝতে সাহায্য করলে, বিশ্বাসীগণেরা ব্যক্তিগত সুসমাচার প্রচারের এক জীবনধারা গঠন করতে পারে। ■

র‍্যান্ডি হারস্ট্‌, কমিশনর অফ ইভ্যানজেলিজ্‌ম, জেনারেল কাউন্সিল অফ দ্যা অ্যাসেমব্লিস্‌ অফ গড, স্প্রীংফ্লিড, মিসৌরি, রেশপনস ইভ্যানজেলিজ্‌ম রেশপনস্‌

ইভ্যানজেলিজমের বিষয়ে আরও অধিক তথ্যের জন্য দেখুন
http://www.reaching.ag.org and
http://www.evangelism.ag.org

অগ্রবর্তী পতন

আমরা যদি নিজেদের সকল ব্যর্থতাগুলিকে আমাদের নিরূপণ করার সুযোগ করে দিই, সেগুলি আমাদেরকে ধ্বংস করে দিতে পারে। কিন্তু ব্যর্থতাকে সঠিকভাবে পরিচালনা করলে সর্বশ্রেষ্ঠ বিষয়টি ঘটতে পারে।

— মার্ক ব্যাটারসন কর্তৃক

এক দশক অপেক্ষা আরও অধিক কাল আমি ওয়াশিংটন, ডি, সি-তে ন্যাশনল কমিউনিটি চার্চের একজন প্রধান পালকরূপে পরিচর্য্যা করে থাকি। আমি ক্যাপিটল হিলে থাকতে ভালবাসি। জীবনে একটি মণ্ডলীতে পালকের কাজ করার সুযোগ থাকার জন্য আমি প্রার্থনা নিবেদন করি।

কিন্তু, আমি আবার আমার নানান চ্যালেঞ্জ, নৈরাশ্য ও ব্যর্থতাসমূহের কথা আলোচনা করার অভিজ্ঞতাও সঞ্চয়ন করে থাকি।

মিসৌরির স্প্রীংফিল্ডের সেন্ট্রাল বাইবেল কলেজ থেকে স্নাতক হওয়ার পরে, আমি ইলিনয়ের ডিয়ারফ্লিডের ট্রিনিটি ইভ্যানজেলিকল ডিভিনির্টি স্কুলের শিক্ষাস্থলে যোগদান করেছিলাম। আমার স্বপ্ন ছিল, শিকাগো শহরাঞ্চলে একটি মণ্ডলী স্থাপন করার। আমি ও আমার স্ত্রী শিকাগোর পাশ্চাত্ত্য শহরতলির নেপারভিলিতে বড় হয়েছিলাম। আমি শিকাগোর পিৎজার ধরনটি ভালবাসতাম। আর মাইকেল জরডন (Michael Jordon) শিকাগো বুলগুলির জন্য তখনও খেলাধুলা করত। আমরা কেন অন্য কোন স্থানে যেতে চাইব? তাই আমরা একটি মূল দল গঠন করলাম, একটি ব্যাঙ্কের অ্যাকাউন্ট্ খুললাম আর মণ্ডলীর একটি নাম নির্বাচন করেছিলাম। কিন্তু আমাদের প্রথম সেবাকাজ দখল করতে পারার পূর্বেই আমাদের মূল দল বাতিল হয়ে গিয়েছিল।

আমাদের এখনও সেই প্রথম মণ্ডলী স্থাপনের বিষয়ে উত্তর না পাওয়া প্রশ্নগুলি রয়ে গেছে। এমনকি এই মণ্ডলী স্থাপন করার জন্য আমরা কি আহ্বানিত হয়েছিলাম অথবা ঈশ্বর কি ব্যর্থতার কল্পনা করেছিলেন? আমাদের কি সময় চলে গিয়েছিল? নাকি আত্মার নির্বুদ্ধিতা অথবা অনভিজ্ঞতা সেই ব্যর্থতার কারণ ছিল? এক মূল দৃঢ়বিশ্বাসসহকারে আমার এই অভিজ্ঞতা প্রকাশ পায়ঃ কোনো কোনো সময়ে ঈশ্বরের পরিকল্পনা সফল হওয়ার জন্য আমাদের পরিকল্পনাগুলি ব্যর্থ হওয়া দরকার।

মণ্ডলী স্থাপনকরণ শ্রেণীবদ্ধ করার প্রচেষ্টায় সেই ব্যর্থতা আমার জীবনের সবচেয়ে লজ্জাজনক ও মোহমুক্তকরণের সময়কালের মত। আমার কোনো ধারণা ছিল না কোথায় যেতে হবে এবং কি কাজ করতে হবে। আর আমি আবেগপ্রবণরূপে ও আত্মিকরূপে নিঃস্ব হয়েছিলাম।

আমরা যদি নিজেদের সকল ব্যর্থতাকে আমাদের নিরূপণ করার সুযোগ করে দিই সেগুলি আমাদেরকে ধ্বংস করে দিতে পারে। কিন্তু সঠিকভাবে ব্যর্থতাকে পরিচালনা করলে, আমরা আমাদের সবচেয়ে মূল্যবান শিক্ষাগুলি শিখি। আমরা সম্ভবতঃ সম্মান লাভ করা থেকে কম দূরে থাকি কিংবা সাফল্যগুলি পরে অনুমোদিত হওয়ার কথা মেনে নিই। আমরা আবিষ্কার করি যে, এমনকি যখন আমরা সর্বক্ষেত্রেই সমানভাবে দুর্বল হই, ঈশ্বর সেখানে থাকেন আমাদের তুলে ধরেন। ব্যর্থতাতে অন্যান্য মনোনয়নগুলির দ্বার খুলে দেওয়ার বিষয়ের একটি সুযোগ থাকে।

ব্যর্থ ও সফল মণ্ডলী স্থাপন করার ভিনিয়ার্ড্ স্টাডি

টড হান্টার (Todd Hunter) মণ্ডলী স্থাপনের এক সাম্প্রদায়িক পরিচালক থাকার সময়ে একটি তাৎপর্যমূলক অধ্যয়নের পরিকল্পনা করেছিলেন। সময় গত হওয়া সত্ত্বেও ১৯৮৬ সালে ডিসেম্বরের *অ্যাসোসিয়েশন অফ ভিনিয়ার্ড্ চার্চেস চার্চ প্যাথোলজি রিপোর্টের* ক্ষেত্রে তাঁর গবেষণা থেকে একাধিক তাৎপর্যমূলক অনুসন্ধানগুলি এখনও অত্যন্ত প্রাসঙ্গিক।

হান্টার তাঁর সংবাদ দুটি প্রধান শ্রেণীতে ভাগ করেন ঃ ব্যর্থ মণ্ডলীসমূহের "ব্যক্তিগত তদন্তের সংবাদ" এবং "সফল মণ্ডলী সমূহ"। মূল বিষয়গুলি স্থান পেয়েছিল যেটি মণ্ডলী স্থাপনের ব্যর্থতাগুলির অন্তভুর্ক্তির দিকে প্রচুর পরিমাণে কাজে লাগে ঃ

- নেতাদের ও কর্মীদের প্রতিপালন; কার্যকরী ও নূতন কাজে লাগানোর দিকে স্থাপকের অক্ষমতা।
- ফলপ্রসূরূপে পরিকল্পনা করার জন্য স্থাপকের দুর্বলতা।
- নতুন লোকেদের একত্রকরণের ক্ষেত্রে স্থাপকের নিষ্ফলতা আর
- স্থাপকের অযোগ্য সুসমাচারপ্রচারক মূলক বিদ্যা।

হান্টার মন্তব্য করেন যে প্রশিক্ষণ ও মণ্ডলী বৃদ্ধির অভিজ্ঞতা সঞ্চয়নের দ্বারা মণ্ডলী স্থাপকেরা এই সকল বিষয়গুলি সংশোধন করতে পারে।

হান্টার আবিষ্কার করতে অগ্রসর হন যে পালক প্রোথিতকরণের ব্যবস্থা এক গুরুত্বপূর্ণ পার্থক্য সৃষ্টি করে।

যে সকল পালকেরা সবচেয়ে বেশী সংগ্রাম করে তারা দৃঢ় নেতৃত্বমূলক দক্ষতার অভাব ও কঠিন কার্যভারপ্রাপ্ত থাকার চেয়ে আরও অধিক যাজকীয়। নিম্নমানের মণ্ডলীর স্থাপকেরা পরিচর্য্যা কার্যের দিকে অধিক নিষ্ক্রিয় মনোভাব সহজভাবে আগের থেকেই প্রবৃত্ত করে যা উদ্যমশীলভাবে যারা সমাজে প্রবেশ করতে চেষ্টারত থাকে ও অঞ্চলটির জন্য কার্যকরী নেতাদের সংগ্রহ করে, তাদের অপেক্ষা বরং স্বাভাবিকভাবে যারা তাদের কাছে আসে সেই সকলের লালন পালনের/শিক্ষার উপর আলোকপাত করে। তাদের সমাজে গবেষণা অথবা পরিকল্পনা, সুসমাচার প্রচার, নতুন কর্মে নিযুক্ত করার চেয়ে বরং তারা বর্তমান সম্পর্কগুলি প্রতিপালন করতে পছন্দ করে।

সাফল্যের কারণগুলি

অপরদিকে, ভিনিয়ার্ড্ গবেষণা অনুসারে, স্থাপিত হয় যে উন্নতিশীল হওয়া হল যারা কঠিন পরিশ্রম করে, যাদের সুচিন্তামূলক পরিকল্পনা থাকে, যারা নতুন লোকেদের সংগ্রহ করার বিষয়ে মনোযোগ কেন্দ্রীভূত করে এবং যারা সৃজনশীলরূপে কার্য সম্পাদন ও সমস্যার সমাধান করতে পারে সেই সকল পালকের দ্বারা নেতৃত্ব। এই সকল পালকেরা উদ্যমশীল প্রসারণ ও আশাবাদ এবং তাদের আবেগ বিশ্বাসের ইন্ধন চাপানোর মধ্যে নিযুক্ত থাকে। অতিরিক্তভাবে সেই সকল স্থাপকেরা উত্তম সামাজিক দক্ষতাগুলি আর লোকেদের কাছে মণ্ডলী মূল্য বিদিত বা জ্ঞাত করানোর সময়ে মণ্ডলীর বৃদ্ধির ক্ষেত্রে দায়িত্ব গ্রহণ করে।

অবশেষে, হান্টার নতুন ধর্মসভার সঙ্গে সম্পর্কযুক্ত একাধিক সাফল্যের কারণগুলিও আবিষ্কার করেছিলেন। একটি নতুন মণ্ডলীর জীবিত থাকার ক্ষমতার উন্নতি কমে যায় যদি প্রথম ধাপে মণ্ডলী বহু অত্যধিক অবাস্তব কিংবা ক্ষতিকারক খ্রীষ্টিয়ানদের আকর্ষণ করে যারা পরিবর্তন এবং বৃদ্ধি হওয়ার ক্ষেত্রে অক্ষম অথবা অনিচ্ছুক (যেমন, মণ্ডলী অনুসন্ধানকারী, উত্তেজিত নেতাগণ, দীর্ঘকালস্থায়ীরূপে আঘাত প্রাপ্ত হওয়া ইত্যাদি)। আবার যদি ঐ সকল প্রাথমিক সদস্যগণেরা সক্রিয়ভাবে চেষ্টা করতে অনিচ্ছুক ও যারা নিজেদের থেকে ভিন্ন ধরনের তাদেরকে সাদরে আহ্বান করে, সেটিও টিকে থাকার ক্ষমতা ও সুস্থ থাকার ক্ষমতা কমিয়ে দিতে পারে। সমাজ-বিজ্ঞানগত শ্বাসরোধকরণ ও গুপ্ত সমস্যাগুলি নতুন মণ্ডলীসমূহে সমভাবে স্থাপিত মণ্ডলীসমূহের ক্ষতি করে।

— এড স্টেটজার

লিডারশিপ নেটওয়ার্কের "নতুন মণ্ডলীসমূহের জীবিত থাকার ক্ষমতা ও স্বাস্থ্যের উন্নতিসাধন" থেকে, অনুমতি দ্বারা ব্যবহৃত।

শিকাগোতে একটি মণ্ডলী স্থাপনকরণের স্বপ্ন শেষ হয়ে যাওয়ার সময়ে, আমি যেকোনো স্থানে যেতে ইচ্ছুক হয়েছিলাম। অতএব, প্রার্থনা ও অন্বেষণে থাকার একাধিক মাস পার হওয়ার পরে আমি ডি.সি.তে একটি উন্মুক্ত দ্বারের সন্ধান পেলাম। আমার বাস করার সঠিক কোনো স্থান ছিল না আবার নির্ধারিত কোনো বেতনও ছিল না; কিন্তু বিশ্বাসের দ্বারা আমরা আমাদের সম্পত্তিগুলি বাঁধলাম ও অগ্রসর হলাম।

আপনার নিকটে একটি নাট্যশালা অবিলম্বে উপনীত হওয়া

১৯৯৬ সালের জানুয়ারী মাসে প্রথম সপ্তাহের শেষে ক্যাপিটল জাতির উপর দিয়ে পূর্ব তটরেখার মাধ্যমে এক ভয়ংকর তুষারঝড়ে রেকর্ড তুষারপাত ঘটে। ন্যাশনল কমিউনিটি চার্চের পালকরূপে আমার ছিল সেটি প্রথম সপ্তাহ শেষ।

একমাত্র তিনজন লোককে সভায় আসতে দেখা গিয়েছিল — আমার স্ত্রীকে, আমার পুত্রকে এবং আমাকে। অংশটি হল পরবর্তী রবিবারের ১৯ জন লোককে দেখার সময়ে আমরা একটি সপ্তাহ ৬৩৩ শতাংশ বৃদ্ধির অভিজ্ঞতা লাভ করেছিলাম।

আমরা একাধিক মণ্ডলী স্থাপনের স্বতঃসিদ্ধ সত্য ভেঙ্গে ছিলাম। আমাকে বলা হয়েছিল যে আপনি যদি প্রথম বছরের মধ্যে ১০০ জন অথবা দ্বিতীয় বছরের মধ্যে ২০০ জন লোকের কাছে না পৌঁছোতে পারেন, আপনারা কখনই সেই সকল বাধাগুলি ভাঙ্গতে পারবেন না। আমাদের প্রথম বছরে গড়পড়তা উপস্থিতি ছিল প্রায় ৩৫ জন ব্যক্তির; আমাদের প্রায়শই ছয় অথবা আটজন লোকের উপস্থিতির মধ্যে সভাগুলি শুরু করতে হয়েছিল। আমরা উপাসনা চলাকালীন সময়ে চোখবন্ধ রাখতাম, কেননা চোখ খুললে সেই দৃশ্য আমাদের উদ্যমহীন করে তুলত। কিন্তু আমি কখনই নিয়তির বোধ হারাই নি। আমি জানতাম ঈশ্বর আমাদের আহ্বান করেছিলেন। আর আমার ধারণা ছিল কিছু মঙ্গল ঘটনা ঘটবে। আমি শুধু জানতাম না আমার মন্দ বিষয়রূপে প্রত্যক্ষ করার কিছু বিষয় উত্তম বিষয় হতে পারার কথা।

১৯৯৬ সালের শরৎকালে, ডি.সি. অঞ্চলের পাবলিক স্কুলে যেখানে আমাদের সভা হয়েছিল, উত্তেজিত সংকেত পদ্ধতি লঙ্ঘন করার কারণে সেটি বন্ধ হয়ে গিয়েছিল। ন্যাশনল কমিউনিটি চার্চ সহজেই একটি মণ্ডলী স্থাপনকরণ তত্ত্ব রূপে পরিণত হয়ে থাকতে পারে। আমার অন্য জায়গায় সভা করার স্থান যত্ন সহকারে অনুসন্ধান করা শুরু করেছিলাম। সমস্ত দ্বার রুদ্ধ ছিল একমাত্র এটি দ্বার ছাড়া, সেটি হল ইউনিয়ন স্টেশনের চলচ্চিত্র নাট্যশালা।

অতীতের দিকে দৃষ্টি দিলে, ইউনিয়ন স্টেশন অপেক্ষা আরও অধিক সুপরিকল্পিত আত্মিক বেলামুখ কল্পনা করা কঠিন বিষয়। পঁচিশ লক্ষ লোক ইউনিয়ন স্টেশনের মধ্য দিয়ে পার হয়ে যাওয়ার মাধ্যমে প্রত্যেক বছরে ডি.সি. সবচেয়ে পরিদর্শিত গন্তব্যস্থলরূপে গড়ে ওঠে। আমাদের নয়টি (কার্যক্ষেত্র) নাট্যশালা রয়েছে, ৪০টি খাওয়াদাওয়ার রেস্তোরা ও একটি গাড়ী রাখার গ্যারেজ আছে। আমাদের এমনকি নিজস্ব ভূনিম্নস্থ পথ (সাবওয়ে) রয়েছে যা আমাদের নীচে নামিয়ে সামনের দরজার দিকে নিয়ে যায়। ঈশ্বর যদি ডি.সি পাবলিক স্কুলের দ্বার বন্ধ করে না দিতেন, আমরা নাট্যশালার এক উপযুক্ত দ্বারের জন্য অন্বেষণরত থাকতাম না।

আমার একটি ঐতিহাসিক পাদটীকা উল্লেখ করা দরকার। ইউনিয়ন স্টেশনে চলচ্চিত্র নাট্যশালার সঙ্গে আমি ইজারা সই করার দিনে, আমি *ইউনিয়ন স্টেশনঃ এ হিস্ট্রি অফ ওয়াশিংটনস্ গ্র্যান্ড টারমিন্যল* নামক পুস্তকটি সংগ্রহ করলাম। আমি স্টেশনটির অতীতের কাহিনী জানতে চেয়েছিলাম। ১৯০৩ সালের ২৮ শে ফেব্রুয়ারী প্রেসিডেন্ট থিওডোর রুজভেল্ট (Theodore Roosevelt) ইউনিয়ন স্টেশনটি নির্মাণ করার অনুমতি দানের জন্য কংগ্রেসের বিল সই করেছিলেন। বিলে ব্যক্ত ছিল ঃ কংগ্রেসের কাজ একটি ইউনিয়ন স্টেশন নির্মাণ করা, এবং অন্যান্য উদ্দেশ্য সমূহের জন্য।

রুজভেল্ট ভেবেছিলেন তিনি একটি রেলগাড়ীর স্টেশন তৈরী করছেন, কিন্তু ঈশ্বর জানতেন যে বহুবছর পর ইউনিয়ন স্টেশনটি ন্যাশনল কমিউনিটি চার্চের পরিচর্য্যা কার্য্যের মাধ্যমে তাঁর উদ্দেশ্যে সেবাব্রত পালন করবে।

বাজারের মধ্যস্থলে

প্রথাগত মানসিকতার দ্বারা আমি মণ্ডলী স্থাপন করতে গিয়েছিলাম ঃ একটি মণ্ডলীর গৃহাদি নির্মাণ করা অথবা ক্রয় করতে পারা না পারা পর্যন্ত আপনি ভাড়া করার সুযোগ সুবিধাগুলির অভিজ্ঞতা লাভ করতে পারেন। কিন্তু আমি এক পরিবর্তনশীলতার অভিজ্ঞতা লাভ করেছিলাম। এমনকি নির্মাণ করা অথবা কিনতে পারার বিষয়ে চিন্তা করতে পারার পূর্বে আমি জানতাম এটির জন্য দীর্ঘ সময় লাগবে। সম্পত্তি জমিজমার মাপবিশেষে ২০ লক্ষ ডলার বেড়ে গিয়েছিল। আর এই চিন্তাভাবনা আমার কাছে উদয় হল ঃ *কেন আমরা মণ্ডলীর একটি গৃহাদি নির্মাণ করব, যখন আমাদের পর্দা, আরামদায়ক বসার জায়গা ও চারিদিকে শব্দধ্বনি ছড়িয়ে পড়ার ব্যবস্থাসহ সম্পূর্ণ মানানসই রঙ্গালয় রয়েছে? পাশাপাশি, কত মণ্ডলীর একটি খাওয়ার জায়গা, গাড়ি রাখার গ্যারেজ ও ভূনিম্নস্থ পথ থাকে?* বাজারের মাঝখানে মণ্ডলী থাকা আমাদের আত্মিক ডি এন-এর অংশ রূপে পরিণত হয়েছিল।

আমি ইউনিয়ন স্টেশন থেকে বাড়ীর দিকে হেঁটে গেলাম আর পঞ্চম ও এন ই, এফ্ রাস্তার কোণায় এক দর্শন পেলাম। দেবদূত সংক্রান্ত গির্জায় গায়কদল নয়। ফুটপাতের উপর কোনো বৃক্ষাদির কলম নয়। কিন্তু আমার মানস চক্ষুতে একটি মেট্রো ম্যাপ দেখতে পেলাম। সমগ্র ডিসি শহরে ব্যাপিয়া মেট্রো স্টেশনগুলির চলচ্চিত্রের নাট্যশালায় আমি এন, সি, সির (NCC) সভার দর্শন পেলাম।

আমরা অবশেষে আমাদের দ্বিতীয় চলচ্চিত্র নাট্যশালার অবস্থান ভার্জিনিয়ার ওয়াশিংটেনের প্রচলিত কেনাকাটার জায়গা বলস্টনের মধ্যে স্থাপন করলাম। আমরা তথাপি আরও দুটি নাট্যশালার অবস্থানগুলি জর্জ টাউন (ওয়াশিংটন, ডি.সি) এবং ভার্জিনিয়ার আলেকজানড্রিয়ার মধ্যে নির্ণয় করলাম।

আমাদের চারটি নাট্যশালার অবস্থানের পাশাপাশি, এন, সি, সি (NCC) আবার ক্যাপিটল হিলের বিশাল কফি হাউস অধিকার করে ও চালায়, AOL সিটি গাইড দ্বারা ২০০৮ সালে, এবেনজারস (Ebenezers) ডিসি শহরের ১ নম্বর কফিহাউস বলে ভোট পেয়েছিল।

ভাবাবেগগুলি ছিল খুবই সহজ সরল ঃ একটি স্থান তৈরী করা, যেখানে মণ্ডলী ও সমাজের লোকেদের পথের সংযোগ হয়। যীশু শুধুমাত্র গৃহের দিকে ঝোঁকেন নি, তিনি কূপের দিকেও ঝুঁকেছিলেন। কূপগুলি শুধুমাত্র জল তোলার স্থান ছিল না। প্রাচীন সংস্কৃতিতে কূপগুলি ছিল একত্রিত হওয়ার স্থান। কফি হাউসগুলি হল পরবর্তী আধুনিককালের কূপসমূহ।

আমরা শুধুমাত্র দৈনিক শত শত ক্রেতাদের সঙ্গে মধ্যস্থতা করি না, আমরা আবার আমাদের কার্যসম্পাদনের স্থানের দুটি শনিবার রাত্রিরে সভা করি। কফিহাউসের সমস্ত লাভ মিশনগুলিতে যায়।

পাঁচটি শিক্ষা

আমদের মণ্ডলী স্থাপন যাত্রা পথের সময়ে আমার শেখা শিক্ষাগুলি এখানে প্রদান করা হল।

#১ জুম আউট (ক্যামেরার ফোকাস বাড়ানো)

আপনার যদি কম-সময়ের দৃশ্য থাকে, আপনি চিরস্থায়ী নিরুৎসাহ থাকার মধ্যে জীবন যাপন করবেন। আমি নিরুৎসাহিত হওয়ার সময়ে, সচরাচর যা আমাকে হতাশ করে দেয় সেই বিষয়টিকে আমাদের ভেতরে ফোকাস করে দেখি। আমার দরকার বাইরের দিকে ফোকাস বাড়ানো এবং বৃহৎ চিত্রটি স্মরণ করা। আমার প্রয়োজন নিজেকে মনে করানোর যে ২০০০ সাল পূর্বে যীশু আমার পাপের কারণে মৃত্যু বরণ করেন। আর আমার অধিকারের অনন্তকালীন ভবিষ্যতের কথা নিজেকে আমার মনে করিয়ে দেওয়া দরকার। যা আমাকে আত্মিকভাবে যোগ্যতা নিরূপণ করতে সাহায্য করে। যে কাজ আমি করছি সেটি কেন করছি? আমার জীবনে ঈশ্বরের আরোপিত প্রথম আহ্বানটির সঙ্গে আমার পুনরায় যোগসূত্র স্থাপন করা দরকার, আর আমার স্মরণ রাখা দরকার যে প্রবল টানের জন্য আমি এটির মধ্যে রয়েছি।

বৃদ্ধি সময় নেয়। নিজ দক্ষতার বাইরে এটি পরিচালনা করার জন্য ঈশ্বর আপনাকে আশীর্বাদ করবেন না। আপনার যোগ্য হওয়া অপেক্ষা আপনার ক্রিয়াকলাপের বিষয়ে তিনি খুব কম ভাবিত হন। যত দীর্ঘকাল আপনি অপেক্ষারত থাকেন, ততবেশী আপনার মূল্য বৃদ্ধি পায়। উদাহরণ স্বরূপ, আমাদের কফি হাউস হল প্রার্থনা করা, নির্মাণ করা ও পুনরায় বিশেষ অঞ্চল করার বিষয়ে ৮ বছরের নিজস্ব কার্য।

মণ্ডলীর বৃদ্ধিটি বিচার্য বিষয় নয়। বিষয়টি হল ব্যক্তিগত বৃদ্ধি। আপনার যদি ব্যক্তিগতভাবে বৃদ্ধি হয়, যে মণ্ডলী আপনি চালনা করেন সেটি যৌথভাবে উন্নত হবে।

এই মহান মণ্ডলী বৃদ্ধির এক বিপরীতার্থক ভাষাপ্রয়োগে অর্থ প্রকাশ করা হয়। সপ্তাহগুলিতে আমি আটটি স্তম্ভ তে আঘাত করতে থাকি আর ভাবি সকল দর্শকেরা পরবর্তী সপ্তাহে একজন সদস্যরূপে পরিণত হবে, কিন্তু কেউই ফিরে আসেনা। তারপর পরবর্তী সপ্তাহে আমি সেই বোমাগুলির কথা প্রকাশ করি। আমি ভাবি নিজের প্রতি যেন ই-মেল করে অসন্তোষ প্রকাশ করছি। তারপর লোকেরা উদ্ধার পায় আর সকল অতিথিরা ফেরৎ আসে।

২ ভুলগুলি করা

সকল মণ্ডলীস্থাপকেরা ব্যর্থতার ভয়ের সঙ্গে যুদ্ধ করে। আরোগ্যবিধান সাফল্য নয়। আরোগ্যবিধান হল ক্ষুদ্র মাত্রায় ঔষুধের নিষ্ফল কার্য, প্রায় অ্যালর্জি ইনজেকশনের মত, অতএব আপনি সংক্রমণ মুক্ত হওয়ার শক্তি বাড়ান।

ব্যর্থতাতে এক স্বাধীন হওয়ার প্রভাব রয়েছে। আপনি উপলব্ধি করেন ঈশ্বর সেখানে বিদ্যমান আপনার গায়ের ধূলো ঝেড়ে আপনাকে তুলে ধরার জন্য। আর সেটি আপনাকে নত রাখতে সাহায্য করে।

আমাদের (NCC) এন, সি, সি-র ক্ষেত্রে একটি প্রধানমূল্য রয়েছেঃ সকল কিছুই একটি পরীক্ষা। যদি স্বর্গরাজ্যে বিভাজিত কার্যক্ষেত্র থাকে, আমরা গবেষণা ও উন্নতিসাধন করতাম। আমি এক মূল দৃঢ়বিশ্বাস দ্বারা চালিত হই; মণ্ডলীর কার্যসম্পাদনে নানান উপায় বা পথসমূহ রয়েছে যা এখনও পর্যন্ত কেউ চিন্তা করেনি। কিন্তু সেটির অর্থ বোঝায় আমার দরকার কিছু ভুল করার। ভুল করা অপেক্ষা কোথায় সুযোগগুলি হারানোর বিষয়ে আমি অধিক ভীত সেই বিষয়টি জানা দরকার।

একটি ভুল করার দরুণ কর্মীদের সঙ্গে আমার কোনো সমস্যা থাকে না। বার বার একই ভুল করে আমি তাদেরকে শুধু চাই না। ভুল করার অর্থ আপনার নতুন কোনো বিষয়ে চেষ্টারত থাকা। আর সেই পথেই একজন নেতার উন্নত হওয়া অব্যাহত থাকে।

৩ তুলনাকরণ ত্যাগ করা

আমি প্রতিযোগিতামূলক। আমি আমার শিশুদের কাছে ক্যান্ডিল্যাণ্ড খেলায় হেরে যেতে পছন্দ করি না। কিন্তু আমি ঈশ্বরের কাছে অনুরোধ করে বলি তিনি যেন তাঁর উদ্দেশ্যগুলির ক্ষেত্রে আমার প্রতিযোগিতামূলক গুণাবলী পবিত্র করেন আর কাজে লাগান। প্রায়শই অন্যান্য যাজকগোষ্ঠীদের সঙ্গে আমরা নিজেদের তুলনা করি এবং অন্য সকল মণ্ডলীগুলিকে প্রতিযোগী রূপে দেখি।

সুস্থ নেতাদের কল্পনায় একটি রাজ্য থাকে। সকল লোকেদের জন্য সর্ববিধ হওয়ার অধিকার আমার থাকেনা কারণ শহরে আমারই একমাত্র মণ্ডলী নই। আমাদের বিভিন্ন ধরনের মণ্ডলীগুলি থাকার দরকার কেননা রাজ্যে বিভিন্ন ধরনের লোক থাকে। আসুন, যতক্ষণ আমরা সুসসমাচার প্রচার করি ততক্ষণ আমাদের বিভিন্নতার গুণকীর্তন করি।

আপনি এমন একজনের সঙ্গে নিজের তুলনা করতে পারেন যিনি আপনার মত অনুগ্রহ প্রাপ্ত নন, আর সেটি দর্পরূপে পর্যবসিত হবে। অথবা আপনি সেই একজনের সঙ্গে নিজের তুলনা করতে পারেন যিনি আরও অধিক অনুগ্রহ লাভ করে থাকেন আর সেটির ফলাফল হবে ঈর্ষা। যেকোনোভাবেই আপনি হেরে যান।

নেতৃত্বমূলক চ্যালেঞ্জের অর্দ্ধেক অংশ হল নিজেকে আবিষ্কার করা। অন্য অর্দ্ধেক অংশ হল আপনি যা নন তা উপলব্ধি করা। আর তারপর নিজেকে লোকেদের দ্বারা পরিবেষ্টিত করা, যারা আপনার দুর্বলতাগুলির জন্য ক্ষতিপূরণ দিতে পারে। পরিচর্য্যাকার্য্যের প্রথম দিকে আপনার অনুগ্রহপ্রাপ্তিতার স্তর আপনার প্রভাব নির্ধারণ করবে। কিন্তু সময় পার হলে আপনার অনুগ্রহপ্রাপ্তিতা আপনার চরম প্রভাব দ্বারা কাজ করার জন্য কম হয়ে পড়বে। আপনার নিজের চারিপাশে পরিবেষ্টিত লোকেদের অনুগ্রহ প্রাপ্ততার দ্বারা আপনার প্রভাব নির্ধারিত হবে। সেই কারণে নেতৃত্বমূলক উন্নতিসাধন ও কর্মীবর্গ ভাড়াকরা হল এরূপ বিশেষ কার্যমূলক গুরুত্বপূর্ণ ধারণ ক্ষমতাসমূহ।

আপনার যদি স্পষ্টরূপে এক নিরূপিত দর্শন না থাকে, আপনি চেষ্টা করবেন সকল লোকেদের জন্য সর্ব্ববিষয় সম্পাদন করার। বেশীর ভাগ যাজকেরা অর্থ বিকৃতি-কারক। যারা আমাদের দ্বারগুলি মধ্য দিয়ে গমন করে তাদের সকলের ইচ্ছা ও খেয়ালগুলি আমরা পূরণ করার চেষ্টা করি।

কয়েকবছর আগে আমি এব্রাহাম লিন্‌কনের (Abraham Lincoln) কিছু কথা মনে করছিলাম আর সেটি নেতৃত্বমূলক মন্ত্ররূপে পরিণত হয়েছেঃ "তুমি কিছু সময়ে সকল লোকেদের, কিছু লোকেদের সকল সময়ে সন্তুষ্ট করতে পারে, কিন্তু সকল সময়ে সকল লোকেদের সন্তুষ্ট করতে পারে না।"

৪ শিক্ষালাভ বজায় রাখা

একজন স্বদেশীয় আমাকে প্রশ্ন করেছিল ঃ "পরিচর্য্যাকার্য্যের সাফল্যের জন্য মূল চাবিকাঠিটি কি?

আমি বলেছিলাম, "শিক্ষালাভ বজায় রাখা"

নেতারা হলেন শিক্ষার্থী। এক সৎ কৌতুহল তাদের চালিত করার অর্দ্ধেক অংশ। আর তাদের জ্ঞানের অভাব স্বীকার করার ক্ষেত্রে তারা যথেষ্ট বিনীত থাকে।

আমার একটা ভয় হল এক নিয়মবদ্ধ রূপে গড়ে ওঠা। কল্পনার বাইরে আপনার পরিচর্য্যার কার্যকলাপ বন্ধ করুন আর সেটি স্মৃতি রোমন্থনের দরুণ করতে শুরু করুন। আপনি ভবিষ্যত রচনা করা বন্ধ করুন আর অতীতের পুনরাবৃত্তি করা শুরু করুন। আপনি নেতৃত্ব থামান এবং কার্য নির্বাহ করতে শুরু করুন।

এক উন্মুক্ত পদ্ধতি ধরে রাখার ক্ষেত্রে দুটি বিষয় আমাকে সাহায্য করে থাকে। প্রথমটি হল, বই পত্রগুলি নতুন পথে আমাকে অনুপ্রাণিতকরণের সংক্ষিপ্ত বিবরণগুলি রক্ষা করে। আর আমি যতদূর সম্ভব উদ্দেশ্যসাধনের প্রাথমিক পর্যবেক্ষণ সম্পাদন করার চেষ্টা করি। আমি আলোচনা সভায় যাই এবং নতুন ধারণাগুলি পাওয়ার জন্য অন্যান্য মণ্ডলীদের সঙ্গে দেখাসাক্ষাৎ করি। এই কাজ ন্যাশনল কমিউনিটি চার্চ্চের বিষয়ে আপনার এক সুস্থ দৃষ্টিভঙ্গি বজায় রাখতে সাহায্য করে।

৫ যাত্রাপথটি উপভোগ করা

পরিচয়পত্রগুলির জন্য আমার সাক্ষাৎকারের সময়ে, পরিচয়পত্রকরণ সমিতির একজন পালক প্রশ্ন করেছিলেন ঃ "আপনাকে যদি বলা হয় নিজেকে একটি শব্দে বর্ণনা করতে, আপনি কি বলবেন?"

আমি বললাম, "চালনা" আমার মনে হয় তখনকার জন্য এটি মহৎ উত্তর ছিল। আমি এখন তত নিশ্চিত নই।

একজন মণ্ডলী স্থাপক রূপে আমার লক্ষ্য ছিল আমার ৩০ বছর হওয়ার আগে হাজার হাজার লোকেদের কাছে একজন পালকরূপে পরিণত হওয়া। উদ্দেশ্য যদি সঠিক থাকে ঈশ্বর নির্ধারিত লক্ষ্যগুলি সন্নিবেশিত করা কোনো ভুল কাজ নয়। আমাদের সকল স্বপ্নের আকার আত্মিক পরিপক্কতার এক সুন্দর উপযুক্ত ব্যারোমিটার। কিন্তু সেই বিশিষ্ট লক্ষ্য দ্বারা সমস্যা হল ঃ আমি লোকেদের অপেক্ষা সংখ্যাবৃদ্ধির বিষয়ে অত্যন্ত চিন্তিত হয়েছিলাম। আমরা রোপণ করি ও জল সেচন করি; কিন্তু ঈশ্বর বৃদ্ধি দেন (১ করিন্থীয় ৩:৭)

আমি এতবেশী ভবিষ্যৎ-কেন্দ্রিক যে আমি অনেকবারই যাত্রাপথটির গুণগান করার ক্ষেত্রে ব্যর্থ হই। সদাপ্রভু প্রথম দিকেই আমার উপরে ছাপ ফেলেন ঃ ঠিক এখন, ঠিক এখানে আপনি শ্রেষ্ঠ পালক হতে পারেন। ঠিক যেন এক পিতামাতার সত্তা। আপনার প্রত্যেক বয়স এবং সকল ধাপ উপভোগ করা দরকার। পরিচর্য্যার কাজ খুবই কঠিন। কিন্তু আমরা কি কখনও ভুলতে পারি পৃথিবীর জন্য ঈশ্বরের উদ্ধারমূলক পরিকল্পনার অংশ হওয়ার বিস্ময়কর সুযোগের কথা। আমাদের আত্মবলিদান অনন্তকালীন লাভের মূল্য দেবে। ■

মার্ক ব্যাটারসন *ওয়াশিংটন ডি, সি, ন্যাশনল কমিউনিটি চার্চ্চের একজন প্রধান পালক, এবং ওয়াইল্ড গুজ চেজ এবং এ লায়ন ইন এ পিট অন এ স্নোয়ি ডে -এর লেখক।*

সিদ্ধান্তগুলি সংকলনের মধ্যে এবং শিষ্যকারকদের মধ্যে বৃদ্ধিসমূহ আবর্তন করা

(নূতন মন পরিবর্তনকারীর তত্ত্বাবধান)

জিম হল কর্তৃক

সকল আত্মিক শিশুরা কোথায় চলে যায়? এক বিপৎসংকেতসূচক ও বিশৃঙ্খলকরণের প্রবণতা অ্যাসেম্ব্লিস অফ গডের মধ্যে ঘটে চলেছে। যখন অ্যাসেম্ব্লিস অফ গড চার্চ্চের মধ্যে খ্রীষ্টের উদ্দেশ্যে নির্ধারিত সকল সিদ্ধান্তগুলির ৭৫ শতাংশের বেশী পেছনের দ্বারের মাধ্যমে হারিয়ে যায়, কিছু বিষয় বেপরোয়াভাবে ভুল হয় আর প্রশ্ন ভিক্ষা করে "কেন খ্রীষ্টের উদ্দেশ্যে এত অল্প সংখ্যক সিদ্ধান্তগুলি মণ্ডলীর বৃদ্ধির মধ্যে ফলদায়ক হয়?"

এই প্রশ্নটির উত্তর দিতে চেষ্টা করার মধ্যে, আমাদেরকে প্রথমে থিষলনীকীয়ের বিশ্বাসীদের প্রতি প্রেরিত পৌলের দৃষ্টান্তটি বিবেচনা করতে হবে ঃ আমরা "যেমন স্তন্যদাত্রী নিজ বৎসদিগের *লালনপালন* করে, তেমনি *তোমাদের মধ্যে* কোমলভাবে দেখাইয়াছিলাম" (১ থিষলনীকীয় ২:৭)। পৌল জানতেন খ্রীষ্টে এই সকল নবজাত শিশু বেঁচে থাকবে এবং স্নেহশীল সম্পর্কগুলির দ্বারা বৃদ্ধি পাবে অথবা, যদি তাদের একা ছেড়ে দেওয়া হয় তারা শেষ হয়ে যাবে। তাদের সঙ্গে পৌলের সংযোগ স্থায়ী থাকার দরুণ তিনি আশ্বাস দিতে, দৃঢ়রূপে আদেশ করতে ও সান্ত্বনা দিতে পারতেন "পিতা যেমন আপন সন্তানদিগকে" দিতেন (১ থিষলনীকীয় ২:১২)। ফলাফল স্বরূপ তাদের প্রভাবশালী সাক্ষ্যতাগুলির মধ্যে নিজেদের রূপান্তর ও

> *নতুন বিশ্বাসীকে শিষ্য করা অপরিহার্য যদি পালকেরা তাদের মধ্যে বিপৎসূচক মূলক আত্মিক মৃত্যুর হার সংযত করে।*

তাদের আত্মিক উদ্বর্তন হয়েছিল। একজন গর্বিত পিতার মত পৌল লক্ষ্য করেছিলেন যে "ঈশ্বরের প্রতি তোমাদের যে বিশ্বাস, তাহার বার্তা সর্বত্র ব্যাপ্ত হইয়াছে" (১ থিষলনীকীয় ১:৮)। নতুন বিশ্বাসীকে শিষ্য করা অপরিহার্য যদি পালকেরা তাদের মধ্যে বিপৎসূচকমূলক আত্মিক মৃত্যুর হার সংযত করে। আপনার মণ্ডলীতে কি সুগঠিত শিষ্যকরণের মিনিষ্ট্রি রয়েছে যা আপনার নতুন মন পরিবর্তনকারীদের টিকে থাকার হার নিশ্চিত করবে ও তাদেরকে মণ্ডলীর উন্নতিশীল ও সমৃদ্ধশালী সদস্যরূপে পরিণত হওয়ার দিকে সাহায্য করবে?

এই প্রবন্ধটি বাস্তবসম্মত ধাপগুলির উদ্দেশে বর্ণনা করা আছে, যেকোনো আকারের একটি মণ্ডলীর মধ্যে এক কার্যকর নতুন মনপরিবর্তনকারী শিষ্যকরণের পরিচর্য্যাকার্য স্থাপন করার জন্য *সিদ্ধান্তগুলিকে* সংকলনের মধ্যে এবং *শিষ্যকারকদের* মধ্যে বৃদ্ধিসমূহ আবর্তন করবে। এই গতিশীলতা সীমাহীন ও ফলপ্রসূ।

শিষ্যকরণের মূল্যসমূহ

ঈশ্বর আনন্দবোধ করেন যখন একজন হারানো ব্যক্তির সন্ধান পান, আর আমাদেরকে তার সঙ্গে আনন্দ করার জন্য আহ্বান করেন (লূক ১৫:৬-১০)। অমিতব্যয়ী পিতা তাঁর জ্যেষ্ঠ পুত্রের সঙ্গে বাদানুবাদ করে বলেন যে তার আনন্দ অনুষ্ঠানে যোগদান করার প্রয়োজন কারণ "এই তোমার ভ্রাতা" ফিরে এসেছে (লূক ১৫:৩২)। স্পষ্টভাবে আত্মিক নবজাতকেরা আমাদের ভাইসকল, এবং প্রত্যেকের সাদরে আমন্ত্রিত হওয়া দরকার, কেননা আমাদের মত নতুন বিশ্বাসীদেরও স্বর্গস্থ পিতার কাছে সমান মূল্য রয়েছে।

নূতন নিয়মে, খ্রীষ্টের প্রতিটি শিশুর মূল্য ব্যক্তিকেন্দ্রিক তত্ত্বাবধানের জন্য প্রৈরিতিক নির্দেশসমূহের মধ্যে প্রতিফলিত হয়। পৌল থিষলনীকীয়দের বললেন যে, পিতার মত *"তোমাদের প্রত্যেক জনকে"* (১ থিষলনীকীয় ২:১১) তিনি উপদেশ দিতেন। তিনি ইফিষীয়দের স্মরণ করিয়ে দেন যে "আমি তিন বৎসর কাল রাত দিন *প্রত্যেক জনকে* অশ্রুপাতের সহিত চেতনা দিতে ক্ষান্ত হই নাই" (প্রেরিত ২০:৩১)। যীশু তাঁর প্রকাশ্য পরিচর্য্যাকার্যের সূচনা থেকে একের পর এক পিতরকে শিক্ষা দেন। নতুন মন পরিবর্তনকারীর নিমিত্তে প্রথম লক্ষ্য **অনুসরণ** করা হল, অন্য আরেকজন অভিজ্ঞ খ্রীষ্টিয়ানের অথবা শিক্ষিত শিষ্যকারকের সঙ্গে সম্পর্কের মধ্যে

তাঁকে স্থাপন করার দ্বারা প্রত্যেক নতুন বিশ্বাসীদের নিমিত্তে ব্যক্তিগত যত্নশীলতা যোগান দেওয়া।

শিষ্যকরণের বন্ধুত্ব

শিষ্যকরণের বিষয়ে বন্ধুত্বমূলক উপকরণ হয়ত মন পরিবর্তনকে গুরুত্ব দিতে পারে অথবা একজন শিষ্যকারকের মাধ্যমে গঠিত হতে পারে যিনি খ্রীষ্টে অঙ্গীকার বদ্ধ হওয়ার পরে একজন নতুন বিশ্বাসীর দিকে কার্যভার প্রাপ্ত হন। আবার বয়স, ব্যক্তিত্ব, পেশা, কাজের সময়তালিকা, লোকেদের বসবাস করার স্থান, এবং আত্মার নেতৃত্ব বিবেচনার মধ্যে রাখা দরকার। একজন নতুন বিশ্বাসী ও শিষ্যকারকের মধ্যেকার প্রাথমিক অপ্রস্তুত পরিস্থিতি সচরাচর ক্ষুদ্র একটি অধ্যবসায় দ্বারা পার হয়ে যায়। পুনরায় কার্যভার প্রদান নির্ধারিত হওয়ার দরকার হতে পারার ঘটনাগুলি বিরল।

শিষ্যকরণে বিশ্বস্ততা

নতুন এক বিশ্বাসীর মণ্ডলীর দ্বারা সংযুক্ত হওয়া এবং অনিয়মিত শিষ্যকরণের ক্ষেত্রে এক নির্ধারিত সময়সূচীতে তার মন পরিবর্তন করার পরে প্রথমদিনের মধ্যে শিষ্য হতে পারার বিষয়টি গুরুত্বপূর্ণ (১ থেকে ১ ১/২ ঘণ্টা)। নতুন বিশ্বাসীদের ক্ষেত্রে দেখাসাক্ষাৎ করার এক আরামদায়ক স্থান নির্বাচন করা হল — নুতন বিশ্বাসীদের গৃহ, অথবা তার পছন্দ করার অন্যান্য কিছু স্থান।

নতুন বিশ্বাসীদের গৃহে দেখাসাক্ষাৎ করা শিষ্যকারকদের পরিবারের অন্যান্য সদস্যদের ও বন্ধুদের সঙ্গে দেখা করার সুযোগ করে দেয় আর তাদের কাছে নতুন বিশ্বাসীদের সাক্ষ্যতার-সমর্থন প্রদান করে। নতুন বিশ্বাসীরা কোন পরিস্থিতি থেকে আসে সেই পরিবেশ বোঝার জন্য এবং লক্ষ্য করার জন্য শিষ্যকারকদের ক্ষেত্রে এটি আবার গুরুত্বপূর্ণ প্রসঙ্গ প্রদান করে।

সপ্তাহে সপ্তাহে শিষ্যত্ব স্থান পাওয়া দরকার। শিষ্যকারকের বিশ্বস্ততা এক স্থায়ী অভিজ্ঞতা তৈরী করে যা নতুন বিশ্বাসীদের আত্মিক জীবনের নিমিত্তে গুরুত্বপূর্ণ।

প্রত্যেক শিষ্যকরণ সভার গুণাবলী এবং সামঞ্জস্যতার সংবাদ প্রদানের জন্য শিষ্যকারকদের ক্ষেত্রে মণ্ডলীর এক দায়বদ্ধতার পদ্ধতি গঠন করা দরকার।

শিষ্যকরণের পরিকাঠামো

যীশুর সঙ্গে এক দৈনন্দিন সম্পর্ক বজায় রাখার উপায়গুলি শিক্ষা লাভ করার দিকে, শাস্ত্রের সঙ্গে প্রতিক্রিয়া করার বিষয়ে নতুন বিশ্বাসীদের সাহায্য করার জন্য শিষ্যকরণ সভাগুলিতে আলোকপাত করা দরকার। কার্যপুস্তক ধরনের পাঠ সমূহ যা সরাসরি নতুন বিশ্বাসীদেরকে বাক্যের প্রতি মনোনিবেশ করতে সাহায্য করে, ঈশ্বরের কথাই যে সর্বশ্রেষ্ঠ তা নিজে উপলব্ধি করার জন্য। ঈশ্বরের সঙ্গে ভাব বিনিময় শেখা যায়, তাঁর রচিত বাক্য শ্রবণ করা, প্রার্থনায় উত্তর প্রদান এবং তারপর প্রার্থনা করার সময়ে আত্মার দ্বারা ঈশ্বরের কথা শ্রবণ করার মাধ্যমে।

প্রত্যেক নতুন বিশ্বাসীদের ক্ষেত্রে লক্ষ্য হল ঈশ্বরের সঙ্গে ক্ষণে ক্ষণে সহযোগিতা করা। শিষ্যকারক, সমভাবে ব্যবহৃত পাঠসমূহে গুরুত্ব আরোপ করা দরকার যে বাইবেলের বিষয়বস্তু শেখা হয় বাইবেল পরিচালনা করার কারণে। ঈশ্বর নতুন বিশ্বাসীদের জীবনধারা কিরকম দেখতে চান সেই বিষয়ে তাঁর বক্তব্য অনুমোদন করণের ক্ষেত্রে শিষ্যকরণ সম্পর্কে দরকার সমর্থনমূলক দায়বদ্ধতা প্রদান করা। ক্রমোন্নতির অনুষ্ঠান প্রকৃত ও পুনঃ পুনঃ সংগঠিত হওয়া দরকার (প্রেরিত ১১:২৩)।

শিষ্যকরণ পদ্ধতি

প্রথম সভা

পরিচিত হওয়ার পরে, শিষ্যকারকের প্রশ্ন করা দরকার, প্রভুর বাক্য পাঠ করা অনুসারে তিনি তাদেরকে সাহায্য করার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করতে পারেন কিনা। প্রার্থনা সরল, সংক্ষিপ্ত এবং প্রত্যেকদিনের ভাষায় হওয়া দরকার। নতুন বিশ্বাসীদের ক্ষেত্রে এটি এক দৃষ্টান্ত স্থাপন করে যে প্রার্থনা হল স্বাভাবিকভাবে ঈশ্বরের সঙ্গে কথা বলা। পাঠের শেষের দিকে নতুন বিশ্বাসীদেরকে একইভাবে ঈশ্বরের সঙ্গে কথা বলার জন্য অনুপ্রাণিত করা দরকার। আর সকল এবং অমার্জিত প্রার্থনাগুলি শিষ্যকারকদের দ্বারা অনুমোদিত হওয়া দরকার। (উদাহরণ স্বরূপ; সেটি ছিল এক সুন্দর প্রার্থনা। আমি জানি আপনার প্রার্থনায় নিবেদিত কথাগুলি ঈশ্বর শুনতে ভালবেসেছিলেন)।

দ্বিতীয়তঃ, শিষ্যকরণের পাঠসমূহ ব্যবহার করুন যার লেখনী একজন মণ্ডলীভুক্ত না থাকা ব্যক্তি বুঝতে পারে। নতুন বিশ্বাসীদের কাছে তুলে ধরার জন্য পাঠগুলিতে প্রয়োজন ঈশ্বরের বাক্যের সহজ সরল অনুচ্ছেদ সমূহ যা দেখায় কিভাবে তিনি বিশ্বাসীদের সঙ্গে সহযোগিতা ও ভাববিনিময় করতে চান। পাঠসমূহের বিষয়বস্তুতে অন্তর্ভুক্ত হওয়া দরকার ঃ (১) যীশুকে অনুসরণ করার চুক্তির এক পুর্নবিবেচনা; (২) বাধ্যতাকে সাহায্য ও নিয়ন্ত্রণ করার জন্য তাঁর অবিরত উপস্থিতি; (৩) প্রথম ও দ্বিতীয় আজ্ঞাসমূহ; (৪) জলে ও আত্মায় বাপ্তিস্ম; (৫) প্রভুভোজ; (৬) কার্য ও অর্থ পরিচালনার নীতিসমূহ; এবং (৭) সাক্ষ্যদানের ও অন্যান্যদের শিক্ষা দানের কৌশল।

তৃতীয়তঃ, নতুন খ্রীষ্টিয়ানদের সঙ্গে প্রথম পাঠটি সম্পাদন করা, পাঠটি সম্পাদন করার উপায়, কিভাবে শাস্ত্রাংশের নির্দেশগুলি খুঁজে বার করা হয়, পাঠের সত্যতা হৃদয়ঙ্গম করার কৌশল আর কিভাবে প্রতিদিনের জীবনধারায় সত্যটা কাজে লাগাতে হয় — এ সকলই সহজ সরল ভাষায় আলোচনা করা।

নতুন বিশ্বাসীরা প্রতিটি প্রশ্ন এবং একসঙ্গে শাস্ত্রের অনুচ্ছেদগুলি পাঠ করে থাকলে প্রশ্নাবলী তুলে ধরুন যা পঠিত শাস্ত্র থেকে কার্যপুস্তকমূলক প্রশ্নসমূহের উত্তর দেখতে তাকে ধীরে ধীরে নিয়ন্ত্রণ করে। পূর্ববর্তী ধারণার উপর ভিত্তি করে একটি উত্তর অথবা এক উপযুক্ত অনুমান করা স্থির করবেন না। জীবনের উত্তরগুলি অনুসন্ধান করার জন্য সারাজীবন বাইবেল ব্যবহার করার নিয়মানুবর্তিতার মধ্যে এই নতুন বিশ্বাসীদের আপনি ভাসিয়ে দিচ্ছেন।

নতুন বিশ্বাসীরা অনুচ্ছেদের মধ্যে তাদের উপলব্ধি করা কোন্ বিষয়টি ব্যাখ্যা করে যা পাঠের প্রশ্নটির উত্তর প্রদান করে —এবং যেকোনো অন্য কৌতুহলজনক বিষয়টি তুলে ধরে। পাঠের প্রশ্নের মাধ্যমে নিয়োগ না করে আত্মা প্রায়শই তাকে সত্যগুলি দেখাবে, কিন্তু সেটি শাস্ত্রের অনুচ্ছেদে প্রকাশিত থাকে আর তার কাছে সাহায্যমূলক হয়। সঠিক পর্যবেক্ষণগুলি নিশ্চিত হওয়া দরকার এবং যতক্ষণ পর্যন্ত না সত্য নিশ্চিত ও হৃদয়ঙ্গম হয় ভুল উত্তরগুলি ধীরে ধীরে পুনরায় নিয়ন্ত্রিত হওয়া দরকার। পরে প্রতিটি প্রশ্নের উত্তরসমূহ কার্যপুস্তকের পৃষ্ঠার মধ্যে সকল প্রদত্ত জায়গাগুলিতে লিখে দরকার। নতুন আচরণের দ্বারা পুরাতন জীবনের অভ্যাসগুলি পুনঃস্থাপিত করার প্রসঙ্গে বাইবেলের সত্যসমূহ দৃঢ় বিশ্বাসের সঙ্গে আলোচনা করার আত্মা প্রদান করে।

চতুর্থতঃ, যতদূর সম্ভব নতুন বিশ্বাসীদের সুবিধা অনুসারে একটি নিয়মিত সময়ে প্রতি সপ্তাহে দেখা সাক্ষাৎ করার জন্য সম্মত হওয়া। তদতিরিক্তি বন্ধুত্ব বৃদ্ধির সাহায্যের জন্য প্রতি সপ্তাহে অনিয়মিত যোগাযোগ অথবা কার্যকলাপ আলোচনা করাও দরকার (কফি খাওয়া, বাজার করা, আমোদ-প্রমোদ, অথবা ফোনে কথোপকথন)। এই পরিবেশে, নতুন খ্রীষ্টিয়ান তার মনে এবং অন্তরে থাকা বিষয়সকল সম্পর্কে কথা বলতে পারে অথবা প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে পারে। নতুন খ্রীষ্টিয়ানদের কত ভালভাবে আত্মিক সম্পন্নরূপে বৃদ্ধি ঘটছে অথবা তার সংগ্রাম ও মূল্যগুলি কোথায় রয়েছে এই বিষয়টি শিষ্যকারককে আরও ভালভাবে বুঝতে সাহায্য করে। নতুন খ্রীষ্টিয়ানদের সঙ্গে সাক্ষাৎকরণে ও সময় কাটানোর মধ্যে বিশ্বস্ত থাকুন। তার আত্মিক জীবন সেটির উপর নির্ভর করে।

অবশেষে, এই সভার শেষের দিকে পাঠের নির্দিষ্ট কার্যভার অপেক্ষা অতিরিক্তভাবে দৈনিক একটি সময়ে প্রার্থনা ও অধ্যয়ন করার গুরুত্বপূর্ণতা ব্যাখ্যা করুন। ঈশ্বরের সঙ্গে সময় কাটানোর জন্য একটি স্থান ও সময় পরিকল্পনা করার ক্ষেত্রে তাকে সহায়তা করুন এবং ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎকরণে বিশ্বস্ত থাকার জন্য তাকে অনুপ্রাণিত করুন।

দ্বিতীয় সভা

পরবর্তী পাঠটি নতুন খ্রীষ্টিয়ানদের সঙ্গে সম্পূর্ণরূপে সম্পাদন করা — অথবা প্রথম পাঠটি শেষ করার সময়ে তাদের প্রয়োজনের সকলরকমের সাহায্য প্রদান

করুন। তার জীবনে পূর্ববর্তী সভাতে তার লেখা যেকোনো বিষয় সে কাজে লাগিয়ে থাকে কিনা সেই বিষয়ে তাকে প্রশ্ন করুন। তার নিষ্ঠা ও ঈশ্বরে ভক্তি সম্পর্কে অনুসন্ধান করুন; এবং ঈশ্বরের উপস্থিতি অথবা সেই সময়ে কিংবা সপ্তাহের অন্য কোনো সময়ে তার সঙ্গে ঈশ্বরের কথা বলার বিষয়ে সচেতনতার বিষয়ে জিজ্ঞাসাবাদ করে জানতে চেষ্টা করুন।

নতুন বিশ্বাসী পাঠের পরিকাঠামো, পাঠ্যপদ্ধতি দ্বারা সন্তুষ্ট বোধ করলে আপনার পরবর্তী সভার আগে তার নিজে নিজে সম্পাদন করার জন্য পরবর্তী বিষয়টি আরোপ করুন। ভালোভাবে কাজটি করার জন্য তাকে অনুপ্রাণিত করুন এবং যা কিছু অস্পষ্ট থাকে সেটি তাকে বুঝতে সাহায্য করুন।

তৃতীয় ও অবশিষ্ট সভাগুলি

পূর্ববর্তী সভাতে আপনার আরোপিত পাঠটি সম্পূর্ণরূপে সম্পাদন করুন। পাঠ্য বিষয়ের সত্যটি উপলব্ধি করার দিকে আপনার নতুন বিশ্বাসীদের পথ দেখান। নির্দিষ্ট করে দেওয়া পাঠটির অন্যান্য উত্তরসমূহ, প্রশ্নাবলী ও তার উত্তরগুলি আলোচনা করুন। সে যদি তার জীবনে অবিলম্বে প্রয়োজনীয় প্রশ্নগুলি আলোচনা করতে চায়, তাকে বিনীতভাবে বলুন আপনি তার প্রশ্নের উত্তর পরে দেবেন ও পাঠটিতে মনোনিবেশ করার জন্য তাকে অনুরোধ করুন। যদি বিষয়টি তাকে শিক্ষা থেকে অন্যমনস্ক করে দেয় ও পরের একটি পাঠে সেই বিষয়টি আলোচনা করলে, সেই পাঠটির দিকে অগ্রসর হন ও তার জেদী বিষয়গুলির সঙ্গে মোকাবিলা করুন। নমনীয়তায় একের পর এক শিষ্য করে তোলার সুযোগ-সুবিধা থাকে। ঈশ্বরের বাক্য হতে তার শিখে থাকা শিক্ষাগুলি প্রতিদিনের জীবনে কিভাবে সে কাজে লাগাচ্ছে সেকথা অবিরতভাবে আলোচনা করার বিষয়ে আপনি নিশ্চিত থাকুন। বাক্যের এক কার্যকরীরূপে পরিণত হওয়ার দিকে এই নতুন বিশ্বাসীদের উদ্দেশ্যে আপনার সভাগুলি এই নতুন বিশ্বাসীদের লক্ষ্যে পৌঁছানোর জন্য এটি এক বন্ধুত্বপূর্ণ দায়বদ্ধতা স্থাপন করে। বিষয়টি আবার ক্রমোন্নতির এক আনন্দানুষ্ঠানের সুযোগ করে দেয় যা তাকে অনুমোদন করে ও অনুপ্রেরণা দেয়। একসঙ্গে প্রার্থনা করার সময়ে, তার জীবন ঈশ্বরের কার্য্যের সাক্ষ্যতা ও উন্নতির জন্য ধন্যবাদ জ্ঞাপন অন্তর্ভুক্ত করুন। দিনে দিনে তার সম্মুখীন হওয়া চ্যালেঞ্জগুলির উদ্দেশে ঈশ্বরের সাহায্যের জন্য অনুরোধমূলক প্রার্থনা হওয়া দরকার।

প্রত্যেকটি সভার শেষে পরবর্তী পাঠটি স্থির করুন। অবশিষ্ট পাঠগুলির ক্ষেত্রে এই প্রক্রিয়া চালু রাখুন। আমি একের পর এক সময়ের কাঠামোতে ৬ থেকে ৮ মাস সুপারিশ করেছিলাম। এই শিষ্যকরণের পদ্ধতি সমাপনের পর, কিছু মণ্ডলী নতুন বিশ্বাসীদের দলগত শিক্ষার পরিবেশের মধ্যে স্থানান্তরিত করে। যখনই একের পর এক শিষ্যকরণ শেষ হয়, নতুন বিশ্বাসীদের পরবর্তী শিক্ষা ও বৃদ্ধির পর্য্যায়ের জন্য সবচেয়ে উপযুক্ত যেকোনো দলে যোগদান করা দরকার। দলগত শিক্ষার পদ্ধতির মধ্যে তার স্থায়ী অংশপ্রদান করা সতর্ককরণের জন্য একটি চিহ্নিত পথের অনুসরণ পদ্ধতি স্থান পাওয়া দরকার।

শিষ্যকরণে গতিবেগ

প্রত্যেক সভায় একটি পাঠ সম্পাদন করা অপেক্ষা নিয়মিতভাবে সভা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কখনও কখনও নতুন বিশ্বাসীদের জীবনের জরুরী প্রয়োজনগুলির সঙ্গে মোকাবিলা করার অর্থ বোঝায় একটি পাঠ শেষ করতে একাধিক সভা সমাবেশের প্রয়োজনীয়তা। জীবনের দিকে সত্য কাজে লাগানো ও হৃদয়ঙ্গম করার ক্ষেত্রে যেকোনো সময় দেওয়ার প্রয়োজনীয়তা এক গুরুত্বপূর্ণ বিষয়। একটি শিশুকে খাওয়ানোর মত — শিশুটি স্থির করে কত দ্রুত আপনি তাকে খাওয়াবেন। শিষ্যকরণের গতিবেগের মধ্যে নমনীয়তা একের পর এক পদ্ধতির মাধ্যমে প্রচুর পরিমাণে সহজতর হয়।

শিষ্যকরণ যুক্ত করে

একটি ক্ষুদ্র দলের মধ্যে অথবা মণ্ডলীতে নতুন বিশ্বাসীদের নিমন্ত্রণ করার দ্বারা শিষ্যকারক মণ্ডলীর দিকে ও নতুন বিশ্বাসীদের যোগসূত্র গড়ে তোলেন। শিষ্যকারক হয় নতুন বিশ্বাসীদের সঙ্গে সভায় মিলিত হয় অথবা তার সঙ্গে গাড়ীতে গমন করেন। শিষ্যকারকের আবার প্রয়োজন তার সঙ্গে বসা ও তার সঙ্গে লোকেদের কার্যকারিতাগুলির পরিচয় করিয়ে দেওয়া, ক্রিয়াকলাপগুলি বুঝিয়ে দেওয়া। এই প্রধান ভূমিকাটি শিষ্যকারকের দ্বারা বিশ্বস্তভাবে পরিপূর্ণ হওয়া দরকার।

জলে বাপ্তিস্ম

জলে বাপ্তিস্ম হল নতুন বিশ্বাসীদের ক্ষেত্রে বাধ্যতার এক গুরুত্বপূর্ণ ধাপ এবং তার নবজন্মের পর যত শীঘ্র সম্ভব প্রবলভাবে তাদের অনুপ্রাণিত হওয়া দরকার। বাপ্তিস্ম গ্রহণের পূর্বে একটি সংক্ষিপ্ত বাক্যে কথা বলার প্রস্তুতিকরণে নতুন মনপরিবর্তনকারীকে শিষ্যকারকেরা সহায়তা করতে পারেন। সময় সংরক্ষণ ও স্নায়বিক দুর্বলতা লাঘব করার জন্য বিষয়টি নতুন বিশ্বাসীর দ্বারা পড়া ও লেখনী হতে পারে। (অন্য উপায় হল তাকে সাক্ষী প্রদান করণের একটি সম্পাদিত ভিডিও দেখানো)। শিষ্যকারক দ্বারা বাপ্তাইজিত করণের কার্যসম্পাদনের দ্বারা অথবা তার শিষ্যকারকের জন্য প্রার্থনারত থাকার মাধ্যমে বাপ্তিস্মতে শিষ্যকারকের অংশ প্রদান করা এক উত্তম ধারণা। নতুন বিশ্বাসীদের ক্ষেত্রে সাক্ষ্য শোনার ও বাপ্তিস্মে সাক্ষী হওয়ার জন্য পরিবার ও বন্ধুদের নিমন্ত্রণ জানানোর এ এক সুযোগ।

উন্নতি পরিমাপ করা

শিষ্যকারকের প্রয়োজন ধৈর্য্য অনুশীলন করার এবং ঈশ্বরের পুনঃস্থাপনগুলির জন্য পূর্ব জীবনের অভ্যাসগুলি স্বীকার করা অনুসারে ভেতর হতে পরিবর্তন আনয়ন করার দিকে আত্মা ও বাক্যের জন্য সময় দেওয়া। মানবিক চাপের দ্বারা কোনো বাধ্যতা অনুসারে নয় নতুন বিশ্বাসীর জীবনের পরিবর্তন খ্রীষ্টের প্রভুত্বের দিকে এক উত্তর হওয়া দরকার। পরিবর্তন ঘটার সময়ে পরিবর্তনের গুণকীর্তন প্রকাশিত হওয়া দরকার। পরিবর্তনের পরিমেয় সাক্ষ্যে অন্তর্ভুক্ত থাকা দরকার ঃ প্রার্থনা ও বাইবেল অধ্যয়নের মধ্যে সুসঙ্গত প্রচেষ্টা; বাধ্যতার দ্বারা অনুসারিত এক শাস্ত্র পাঠ ও প্রার্থনার মাধ্যমে ঈশ্বর হতে শ্রবণ করার প্রমাণ; এবং, প্রেমময় ঈশ্বরকে ও স্নেহশীল লোকেদের মধ্যে বৃদ্ধির সচেতন কার্য।

পুনরুৎপাদন

যতক্ষণ না নতুন বিশ্বাসী আরেকজন নতুন বিশ্বাসীকে শিষ্য করে, ততক্ষণ প্রাথমিক শিষ্যকরণ সম্পাদিত বলে বিবেচিত হয় না। শিষ্যকারকের নতুন বিশ্বাসীকে তার সম্পর্কের বেড়াজালের একজন সাক্ষী হওয়ার দিকে অনুপ্রাণিত করা দরকার। শিষ্যকরণের ক্রমোন্নতিগুলি অনুসারে শিষ্যদেরকে ব্যাখ্যা করুন যে অন্য কোনো একজনকে শিষ্য করার জন্য তাকে শিক্ষিত করা হয়। তাকে দেখান যে অন্যান্য নতুন বিশ্বাসীদের সাহায্যের জন্য ঈশ্বর তাকে ব্যবহার করতে পারেন। নতুন বিশ্বাসীর প্রশিক্ষণ দেওয়া দরকার যাতে শিষ্যগণেরা শিষ্য করতে শুরু করে।

স্বীকৃতি

প্রাথমিক শিষ্যকরণ পদ্ধতি সম্পাদিত করার পরে, শিষ্যকারক ও নতুন বিশ্বাসীর একটি রবিবারের সকালের সভার মধ্যে সম্মানিত হওয়া দরকার। উভয় ব্যক্তিসমূহের অর্ন্তভুক্তির ক্ষেত্রে শিষ্যকরণের অভিজ্ঞতার মূল্য প্রকাশ্যে দৃঢ়ভাবে নিশ্চিত করার উদ্দেশে কার্য সম্পাদনের একটি সার্টিফিকেট ও একটি স্টাডি বাইবেল দ্বারা বিশ্বাসী ব্যক্তিকে পালক উপস্থিত করতে পারেন।

শিষ্য করার দিকে প্রস্তুতি

শিষ্যকারক নিয়োগ করা

শিষ্যকরণের উপর একটি ধারাবাহিক ধর্মোপদেশ প্রচারকরণের মাধ্যমে আপনাকে প্রশিক্ষণের উদ্দেশে আপনার ধর্মসভায় কর্মদক্ষ শিষ্যকারক পদপ্রার্থীকে সঞ্চালিত করতে হবে। পক্ষান্তরে পদপ্রার্থীর প্রকাশ্যে নয় - ব্যক্তিগতভাবে এগিয়ে আসা দরকার

শিষ্যত্ব সিদ্ধান্তের দিকে চালনা করে

একজন অবিশ্বাসীকে এক জীবন পরিবর্তনকারী সিদ্ধান্তের ক্ষেত্রে প্রস্তুত করার দিকে বন্ধুত্বের প্রসঙ্গে পূর্বসিদ্ধান্তমূলক শিষ্যকরণ ঘটতে পারার ভিত্তিশীল বিষয় ঃ

চুক্তির এক সুস্পষ্ট ধারণা

ক) উদাহরণস্বরূপ, বিষয়টি স্পষ্ট হওয়া দরকার যে যীশু একমাত্র তাদেরকেই অনন্তকালীন জীবন প্রদান করেন যারা তাঁর কর্তৃত্বে আত্মসমর্পণ করে। বশীভূত না হওয়া; পরিত্রাণ না পাওয়া।

খ) কথিত ভাষায় কথা বলুন যা মণ্ডলীতে যুক্ত না থাকা ব্যক্তির কাছে স্পষ্ট হয়। ব্যক্তিদের কাছে বর্ণনা করার সময় নির্দিষ্ট অর্থের শব্দ ব্যবহার করুন। উদাহরণস্বরূপ, যীশু মৎস্যধারী মানুষের কাছে মাছ ধরার কথা বলেছিলেন আর কূপের দিকে স্ত্রীলোকের কাছে জীবন্ত জলের কথা বলেছিলেন।

ঈশ্বর হতে এক আভ্যন্তরিক প্রবর্তনার বিষয়টি হল সুসমাচার সত্য। আত্মার কাজ হল একজন ব্যক্তিকে খ্রীষ্টের সান্নিধ্যে আনা আর দৃঢ় বিশ্বাস করানো। ব্যক্তিকে অবশ্যই মনস্থির করতে হবে।। যীশু বলেন, “কিন্তু ফল পাকিলে সে তৎক্ষণাৎ কাস্তে লাগায়, কেননা শস্য কাটিবার সময় উপস্থিত” (মার্ক ৪:২৯) আমাদের ভূমিকা হল প্রার্থনা করা।

যীশুর সঙ্গে সম্পর্ক স্থাপনের মধ্যে প্রবেশ করার দিকে এক অনুপ্রাণিত সিদ্ধান্ত তার শব্দরাশির উপর ভিত্তিশীল। প্রার্থনাকরাকে ব্যাখ্যা করা যেতে পারে চুক্তি সই করার মত এবং শব্দরাশি পূর্ণ বিবেচিত হওয়া আর প্রার্থনাতে অন্তর্ভুক্ত হওয়া দরকার। পরিত্রাণ অন্বেষণকারী অনুপ্রাণিত হতে পারে তাদের নিজস্ব প্রার্থনা করার জন্য অথবা ব্যাখ্যা অনুসারে একটি প্রার্থনার মধ্যে চালিত হতে পারে। অনিয়মিত শিষ্যকরণ আরও অধিক নিয়মিত শিষ্যকরণের (শিক্ষার) উদ্দেশ্যে ধাপটি স্থাপন করে যা পরের দিকে প্রয়োজনীয়তা থাকে।

জিম হল, স্প্রীংফিল্ড, মিসৌরি

— এবং প্রশিক্ষিত হওয়ার জন্য আমন্ত্রিত হওয়া দরকার। যেসকল শিষ্যকারকের প্রকাশ্যভাবে স্বেচ্ছাসেবকের কাজ করার দিকে আত্মবিশ্বাসের অভাব থাকে তারা প্রায়শই একজন পালকের অথবা কর্মী ব্যক্তির ব্যক্তিগত আমন্ত্রণের দিকে উত্তর প্রদান করবে। এক ব্যক্তিগত আমন্ত্রণ আবার প্রশিক্ষণের উদ্দেশ্যে স্বেচ্ছাসেবাকরণ থেকে অনুপযুক্ত ব্যক্তিদের বাধা দেবে।

শিষ্যকারক পদপ্রার্থীর চারিত্রিক গুণাবলীতে অন্তর্ভুক্ত থাকার দরকার ঃ যীশু ও লোকেদের নিমিত্তে অটল ও প্রকৃত ভালবাসা; ঈশ্বরকে মান্য করার নিষ্ঠা; উত্তম শিক্ষার্থী; আর উত্তম শ্রোতা ও ভাববিনিময়কারী। উপযুক্ত পদ প্রার্থীর পবিত্র আত্মায় বাপ্তাইজিত হতে হবে অথবা এই আত্মিক অনুগ্রহের সৎ অন্বেষণকারী হওয়া দরকার। শিষ্যকরণ পদ্ধতি ব্যবহৃত হওয়ার দ্বারা পদপ্রার্থীর যোগ্য রূপে পরিণত হওয়ার জন্য প্রশিক্ষিত হওয়া দরকার। প্রশিক্ষণ আবার গুরুত্বপূর্ণ কেননা বেশীর ভাগ কখনই শিক্ষিত হয়নি। প্রশিক্ষণ তাদের শিষ্যকরণের ক্ষেত্রে দক্ষতাগুলি ও সাহসিকতা গঠনে উন্নতি করার সুযোগ করে দেবে।

শিষ্যকারকের প্রশিক্ষণ

একের পর এক শিষ্য করা ও শিষ্যকারকের প্রশিক্ষণ উভয়ক্ষেত্রেই পালক যে এক নমুনা/আদর্শ একথা সুপারিশ করা হয়। পালকের অন্তর্ভুক্তি শিষ্যকরণের পরিচর্য্যাকার্যে মূল্য বাড়ায় এবং শিষ্যকরণের মাধ্যমে তিনি মূল্যায়ন অভিজ্ঞতা লাভ করেন যা তাঁর অন্যান্য প্রশিক্ষণ করার উন্নতিসাধন করবে। শিষ্যকারকেরা মূল্যবান বোধ করে কারণ তাদের পালক মণ্ডলীতে যাজকীয় পদ্ধতির এক অংশ দ্বারা তাদেরকে বিশ্বাস করে। প্রশিক্ষণে অবশ্যই অন্তর্ভুক্ত থাকা দরকার।

১) বাইবেলভিত্তিক বিষয়বস্তু ও কাঠামোর সঙ্গে পরিচিত হয়ে ওঠার জন্য ব্যক্তিগতভাবে নতুন বিশ্বাসীদের পাঠসমূহ অধ্যয়ন করা।

২) শিষ্যত্বের বিষয়বস্তুর প্রশ্ন ও উত্তরসমূহের আলোচনার করার জন্য একটি দল অনুসারে সপ্তাহে সপ্তাহে মিলিত হওয়া। প্রশিক্ষক ও শিক্ষানবিশদের একে অপরকে সাহায্য করা দরকার অর্থহীন বাক্য এড়িয়ে চলার জন্য ও প্রতিদিনের কথিত ভাষার ব্যবহার করার জন্য ফলে নতুন বিশ্বাসীরা বিষয়টি হৃদয়ঙ্গম করবে। বিষয়টি উত্তম মণ্ডলীর ক্ষেত্রে একটি চ্যালেঞ্জ হতে পারে কিন্তু নতুন বিশ্বাসীদের সাহায্য করণের ক্ষেত্রে সেটি গুরুত্বপূর্ণ।

৩) ধৈর্য্য অনুশীলন করা ও মনোযোগ সহকারে শ্রবণ করা।

৪) তাদের নিজস্ব পরিচিতি ও উন্নত অভিজ্ঞতাগুলির বিষয়ে উন্মুক্ত মনোভাব থাকার ও সৎ হওয়া অনুশীলন করা। শিষ্যকরণের সময়ে, বিষয়টি একজন নতুন খ্রীষ্টিয়ানকে খ্রীষ্টিয় জীবনযাপনের বৃদ্ধিশীল প্রক্রিয়া উপলব্ধি করতে সাহায্য করে।

৫) শিষ্যকরণের ক্ষেত্রে যখন প্রশিক্ষণ ক্রমোন্নতির পথে থাকে, একজন সংগ্রামরত বিশ্বাসীর — অথবা একজন নতুন বিশ্বাসীর নির্দিষ্ট কার্যভার গ্রহণ করা। (সভার মধ্যে প্রশিক্ষণ থাকার সুবিধা এটি যুক্ত করে)

ফলপ্রসূ শিষ্যকারকের প্রশিক্ষণ হল মঙ্গল শিবিরের (Boot-Camp) অভিজ্ঞতালাভ সঞ্চয়ণ — কার্যকলাপ দ্বারা নিয়ন্ত্রিত শিক্ষা।

শিষ্যকরণের কর্মদক্ষতা

অভিজ্ঞতা দেখায় একজন উত্তরকারী নতুন বিশ্বাসী ১ বছরের মধ্যে অন্যান্য নতুন বিশ্বাসীদের একজন শিষ্যকারক রূপে পরিণত হওয়ার দিকে সাধারণত শিক্ষিত হতে পারে; এইরূপে প্রতিবছরে শিষ্যকারকদের সংখ্যা দ্বিগুণ হয়। একজন পালকের নিজের মণ্ডলীতে কর্মদক্ষ শিষ্যকারকদের সংখ্যা নিরূপণ করা দরকার যাদেরকে তিনি শিক্ষা দিতে পারেন আর তারপর প্রতিবছর শিষ্যকারকের সংখ্যা দ্বিগুণ হলে মণ্ডলীর সংখ্যাগত বৃদ্ধির শক্তি বিবেচনা করা দরকার। উদাহরণস্বরূপ, তিনি যদি ১০ জন শিষ্যকারককে প্রশিক্ষণ দেন যারা প্রত্যেকে শিক্ষা দেয় এবং প্রথম বছর একজন শিষ্যকারক যুক্ত করে, ৫ বছরের মধ্যে মণ্ডলীতে ৩২০ জন শিষ্যকারক হতে পারে (১০+১০=২০+২০=৪০+৪০=৮০+৮০=১৬০+১৬০=৩২০) ঈশ্বরের পরিকল্পনা ব্যক্তিগত বিশ্বাসীদের জীবন পরিবর্তন সাধনের সর্বশ্রেষ্ঠ ফলাফল উৎপন্ন করে, আর বিশ্বাসীদের সংখ্যা বহুগুণ বৃদ্ধি করার মধ্যে সর্বশ্রেষ্ঠ ফলদায়ক হয়।

উপসংহার

সমুদয় জাতিকে শিষ্য করা হল তাঁর মণ্ডলীর উদ্দেশে আমাদের সর্বাধিনায়কের কাজের বিবরণ। আমরা যখন তাঁর সম্মুখে দাঁড়াই, এবং আমাদের বাধ্যতার প্রমাণ চিত্রটি কি হবে সেই সকলের প্রতি যাদেরকে আমরা একজন অনুসরণকারীরূপে আমাদের জীবনের জন্য ও পালক রূপে চালনা করি? আমাদের বাধ্যতার ফলাফল স্বরূপ সদাপ্রভুর সামনে তাদের কতজন দাঁড়াবার জন্য উপস্থিত হবে? আমরা এখন ভবিষ্যতের এই গুণকীর্তন পূর্ব প্রদর্শনের এক অভিজ্ঞতা লাভ করতে পারি যেহেতু নতুন বিশ্বাসীর শিষ্যকরণ মণ্ডলীতে *ক্রমবর্ধমান* ও *নতুন জীবন* আনয়ন করে।

প্রকৃত সিদ্ধান্ত ঃ

পরিত্রাণ এবং প্রভুত্ব

বিলি গ্রাহামের পত্রিকা। সুসমাচার প্রচারকরণের উপর আলোকপাত করা একটি প্রকাশিত গ্রন্থের উদ্দেশে একটি উপযুক্ত শিরোণাম *সিদ্ধান্ত*। হয় একের পর এক ব্যক্তিগত সুসমাচার প্রচার অথবা জনসমাবেশে সুসমাচার প্রচারমূলক সেবাকাজের পরিত্রাণ, সিদ্ধান্তগুলি হল এক কেন্দ্রীয় বিষয়।

আমি আমার সারা জীবন পেন্টিকস্টাল মণ্ডলীগুলির মধ্যে বহুবার এই প্রশ্ন শুনেছিঃ "তুমি তোমার মুক্তিদাতারূপে খ্রীষ্টকে গ্রহণ করেছ — কিন্তু তুমি কি তাঁকে তোমার সদাপ্রভুরূপে গ্রহণ করেছ?" এই প্রশ্ন লোকেদেরকে আত্মিক অঙ্গীকারে গভীরতর যাত্রার দিকে সঞ্চালিত করে। দুর্ভাগ্যবশতঃ এটি আবার কয়েক লোকের মনের সাথে পরিত্রাণ ও প্রভুত্বের মধ্যে অ-বাইবেলভিত্তিক পার্থক্য সৃষ্টি করতে পারে।

আমরা কখনই অবিশ্বাসীদের দিকে ইঙ্গিত করব না যে পরিত্রাণ হল শুধুমাত্র নরকে পলায়ন করার একটি বিষয়। খ্রীষ্ট শুধুমাত্র পাপের দণ্ড থেকে আমাদের মুক্ত করতে আসেননি কিন্তু আবার পাপের ক্ষমতা থেকেও মুক্ত করেন।

আমার জীবনের দুটি সর্বশ্রেষ্ঠ গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলি উভয়ই একটি বেদীর প্রতি নির্ধারণ হয়েছিল। প্রথমটি হল খ্রীষ্টকে গ্রহণ করা, দ্বিতীয়টি হল বিবাহ। এইসকল সিদ্ধান্তগুলির একাধিক সাদৃশ্যতা রয়েছে। একটি বিশিষ্ট মুহূর্তের প্রত্যেকটি সিদ্ধান্ত অসংখ্য ভবিষ্যতের মনোনয়নগুলি নির্ধারণ করে।

আবার বিবাহের সময়ে — দুটি ছোট শব্দগুচ্ছ — "আমি করি" একথা বলার সময়ে আমার অধিকার লাভ করার অঙ্গীকারের দীর্ঘজীবনব্যাপী পরিণতিগুলি বিষয়ে আমার সামান্য ধারণা ছিল। সেই একটি সিদ্ধান্তের মধ্যে আমি আরও হাজার হাজার সিদ্ধান্তগুলি নির্ণয় করেছিলাম। মূলতঃ, আমি মনস্থির করেছিলাম আমার বেশীরভাগ ভবিষ্যতের আহারের জন্য কি খাব, কি ধরনের থালায় আমার খাদ্য পরিবেশিত হবে, রান্নাঘরে কি ধরনের আসবাবপত্র থাকবে, আর কি ধরনের পর্দাগুলি জানলাতে টাঙ্গানো হবে। রূথকে আমার স্ত্রী হওয়ার প্রশ্ন করার সময়ে অন্তর্ভুক্ত ছিল নানান বিষয়গুলির সম্পর্কে তার সিদ্ধান্তগুলি ও তার নানান স্বাদ এবং পছন্দগুলি মনোনয়নের বিষয়টি সেই প্রশ্নে ছিল।

সাত বছর বয়সে আমি খ্রীষ্টকে আমার পরিত্রাতারূপে গ্রহণ করার সিদ্ধান্ত নিই। যদিও আমার সেই সময়ে কোনো ধারণা ছিল না, আমি আবার হাজার হাজার সিদ্ধান্তগুলিও নির্ণয় করেছিলাম। সদাপ্রভুর প্রতিটি দিনে কোথায় আমি থাকব, প্রত্যেক ডলারের প্রথম ১০ সেন্ট কোথায় আমি খরচ করব, কি ধরনের বইগুলি আমি পড়ব এবং কি ধরনের আমোদ প্রমোদে আমি যোগদান করব যে সকল নির্ধারণ করা আমি অব্যাহত রেখে ছিলাম। খ্রীষ্টকে গ্রহণ করার সময়ে, আমরা পাপের ক্ষমার সুবিধা লাভ করি। কিন্তু আমাদের জীবন যীশুর কর্তৃত্বের অধীনে রাখার মাধ্যমে তাঁর বলিদানের দিকে আমরা আবার একটি উপযুক্ত উত্তর প্রদানও করি।

হয় ব্যক্তিগত সুসমাচার প্রচারের মধ্যে কিংবা একটি প্রকাশ্য সভায় খ্রীষ্টকে গ্রহণ করার জন্য কোন একজনের সঙ্গে আমরা প্রার্থনা করার সময়, তাদের নির্ণয় করার সিদ্ধান্তের প্রকৃতিটি হৃদয়ঙ্গম করার বিষয়ে আমাদের নিশ্চিত হওয়া দরকার। পরিত্রাণের সময়ে, ঈশ্বরের অনুগ্রহ দ্বারা আমরা ক্ষমালাভ করি এবং খ্রীষ্টের প্রভুত্বের দিকে নিজেদেরকে সমর্পণ করি।

ঈশ্বরের বাক্য শিক্ষা দেয় যে একজন ব্যক্তির খ্রীষ্টকে গ্রহণ করার সিদ্ধান্ত সুসমাচার প্রচার পদ্ধতির শেষ কথা নয়। সারাজীবন ধরে তাকে অনুসরণ করাই হল সারাজীবনের একটি প্রবেশদ্বার।

র্যান্ডি হারস্ট, স্প্রীং ফিল্ড, মিসৌরি

খ্রীষ্টে শিশুদেরকে স্নেহ করার সফল কাজ গির্জায় ঘেরাআসনে বসা আত্মিক পিতামাতার দ্বারা অনুভূত পরিপূর্ণতা ও বিশ্বাস প্রচুর পরিমাণে বৃদ্ধি করে। শিষ্যকারকগণ যখন আত্মিক পিতামহী বা মাতামহী রূপে পরিণত হয়, আনন্দোৎসব এমনকি আরও বৃদ্ধি পায়। একজন নতুন মন পরিবর্তনকারী শিষ্যকরণের পরিচর্য্যাকার্য্য অপেক্ষা প্রত্যেক ব্যক্তির ক্ষেত্রে "স্ব স্ব পরিমাণানুযায়ী কার্য্য" অনুসারে (ইফিষীয় ৪:১২,১৬) "পরিচর্য্যাকার্য্য সাধিত হওয়ার নিমিত্তে পবিত্রগণকে পরিপক্ক করার" মত কোনো মহত্তর প্রকাশণ নেই যা নতুন বিশ্বাসীদের শিক্ষা দেয় যারা তাদেরকে শিষ্য করে তাদের পাশাপাশি ফসল তোলার দিনে শিষ্যকরণে উদ্যমী হয়ে ওঠার জন্য। সেটি ছিল আগাগোড়া ঈশ্বরের পরিকল্পনা; এবং রাজ্য এটির অবহেলার দ্বারা অনেক দুঃখ ভোগ করেছে। রাজ্য সমৃদ্ধি লাভ করে যখন আমরা শিষ্যসমূহ অনুসরণ করার দিকে বিশ্বস্ত হই আর পিতা, পুত্র ও পবিত্র আত্মা আনন্দ বোধ করেন। ফসল তোলায় সদাপ্রভুর দ্বারা নির্দেশিত ও আদর্শস্বরূপ পদ্ধতিগুলি ব্যবহার করার মাধ্যমে। আমরা কি ফসল বহুগুণে বৃদ্ধি করা ও সংরক্ষণ কার্যে নিজেদেরকে সঁপে দিতে পারি। ■

***জিম হল**, নিউ লাইফ খ্রীষ্টিয়ান মিনিষ্ট্রির, স্প্রীং ফিল্ড, মিসৌরির প্রতিষ্ঠাতা। অ্যাসেম্বলিস অফ গড সহ মার্কিন যুক্তরাষ্ট্রের একজন জাতীয় মিশনারী, নগরোচিত বাইবেল শিক্ষণ কেন্দ্রগুলির কার্যের ৩৫টি শহর অপেক্ষা আরও অধিক নগরের পালকদের সাহায্যকরণ, প্রশিক্ষণ পাঠক্রমে প্রকাশিত বিষয়বস্তুগুলি ব্যবহার, শিষ্যকরণ ও বন্ধু ত্ব মূলক সুসমাচার প্রচারের শিক্ষাসহ হল, (Hall) আমেরিকার বিশাল জনগণ কেন্দ্রের উপর আলোকপাত করেন।*

জীবনের সূচনার মূল্য দান ঃ জীবন-নীতি এবং প্রাক্-বৈবাহিক পরামর্শ দান

—খ্রীস্টিনা এম, এইচ পাওয়েল কর্তৃক

পরিবারপরিকল্পনার সম্ভাবনাসূচক দুঃসাধ্য বিষয়গুলি পরিচালনায় নতুনভাবে আবদ্ধ দম্পতিদের সাহায্য করার মাধ্যমে, পালকদের একটি খ্রীষ্টিয় গৃহে ভিত্তিস্থাপন করার ক্ষেত্রে প্রস্তরগুলি সাজানোর অধিকার রয়েছে।

যাজকীয় পরিচর্য্যাকার্য্যের মহান আনন্দগুলির একটি হল, জীবনের অধিকাংশ স্মরণীয় পর্বের মাধ্যমে লোকেদের নিয়ন্ত্রণকরণের অধিকার, যেমন দুটি জীবন বিবাহের দ্বারা যুক্ত করা। প্রাক্-বৈবাহিক পরামর্শ দানের সময়ে, পালকদের জীবন-নীতি শাস্ত্রগত বিষয়গুলি সহ বিবাহিত জীবনের সঙ্গে সম্বন্ধযুক্ত নানান বিষয়গুলির সম্পর্কে দম্পতিদের শিক্ষিত করে তোলার সুযোগ থাকে। আসুন, দম্পতিদের বিবাহিত জীবনের শুরুতে সম্মুখীন হওয়া জীবন-নীতি শাস্ত্রগত বিষয়গুলি আবিষ্কার করি এবং প্রাক্-বৈবাহিক পরামর্শদানের মধ্যে একত্রিত হতে পারার বিষয়গুলি সম্পর্কে শিক্ষাদানের সেই পথগুলির অনুসন্ধান করি।

গর্ভধারণের বিষয়ে বাইবেল ভিত্তিক বনাম সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গি

দম্পতিরা তাদের বিবাহের দিন এগিয়ে আসার সময়ে প্রায়শই স্বামী ও স্ত্রীর মত একসঙ্গে উত্তেজনার জীবন ভোগ করার মধ্যে জড়িয়ে পড়ে। পিতামাতারূপে পরিণত হওয়ার এবং এক পরিবাররূপে একসঙ্গে জীবন ভাগ নেওয়ার চিন্তাভাবনা, প্রায়শই মনে হয় এক দূর সম্ভাব্য বিষয়ের মত, জীবনের একটি যুগের মত যা শেষকালে আসে। পক্ষান্তরে, প্রাক্-বৈবাহিক পরামর্শদানে গর্ভধারণ সম্পর্কিত বিষয়গুলি আলোচনা করার আদর্শ সুযোগ করে দেয়। এইরূপ

বিষয়গুলি গর্ভধারণের সময়সীমা ও আকাঙ্খিত সংখ্যার সন্তানসন্ততি প্রসঙ্গে মনোনয়নগুলি সমভাবে প্রজনন শিল্পবিজ্ঞান সম্বন্ধযুক্ত বিষয়গুলি অন্তর্ভুক্ত করে।

বিবাহিত দম্পতির বয়স গর্ভধারণের আদর্শ সময়ের বিষয়ে তাদের ধারণাকে প্রভাবিত করবে। একটি দম্পতির কুড়ি বছরের প্রথম দিক থেকে মাঝামাঝির মধ্যে তাদের লক্ষ্যগুলি একটি পরিবার আরম্ভ করার আগে সম্পাদন করার প্রত্যাশা করে।

উদাহরণস্বরূপ, একজন অথবা দুজনারই ইচ্ছা থাকতে পারে সন্তান ধারণ করার পূর্বে পড়াশুনা শেষ করার, অথবা একটি কেরিয়ার গড়ে তোলার আর আর্থিক স্থিরতার একটি নির্দিষ্ট ডিগ্রী অর্জন করার। দম্পতিরা ৩০ বছর বিবাহ করলে তাদের শিক্ষাগত, পেশাগত ও আর্থিক সংক্রান্ত লক্ষ্যগুলি সম্পাদিত হয়ে থাকতে পারে ও তারা গর্ভধারণ করার দিকেও প্রস্তুত থাকতে পারে।

এক দম্পতিরূপে নিজেদের সম্পর্কের বাঁধন শক্ত করার সময়ে সন্তান ধারণের বিষয়ে অপেক্ষা করা এক দম্পতির বিবেচনায় থাকলে, সন্তানেরা কখনও বোঝা হয়ে উঠতে পারে না অথবা অন্যান্য লক্ষ্যগুলি জয় করার দিকে বাধার কারণ হতে পারে না। সন্তান ধারণ করার এক বাইবেলভিত্তিক দর্শন হল যে "সন্তানেরা সদাপ্রভুদত্ত অধিকার, গর্ভের ফল তাঁহার দত্ত পুরস্কার" (গীত ১২৭:৩)। মানবজাতির দিকে ঈশ্বরের প্রথম নির্দেশের একটি ছিল "তোমরা প্রজাবন্ত ও বহুবংশ হও" (আদি ১:২৮)। আমরা যদি জীবনকে দূরদৃষ্টি দিয়ে বিবেচনা করি, জগতে আমাদের দিন শেষ হয়ে যাওয়ার পরে যে সন্তানদের ক্ষমতা থাকবে আগামী দিনকে স্পর্শ করার, তাদেরকে ধারণ করার ক্ষমতা হল, আমাদের প্রতি ঈশ্বর দত্ত এক মহৎ পুরস্কার। সন্তানেরা আমাদের জীবনের অর্থ বয়ে নিয়ে আসে, যা আমাদের সীমিত জীবনে বাধ্যতাগুলি অতিক্রম করায়।

দুর্ভাগ্যবশতঃ জরুরী প্রায়শই গুরুত্বপূর্ণতাকে বাতিল করে দেয়। বর্তমান লক্ষ্যগুলির চাপ দীর্ঘ জীবনের লক্ষ্য সমূহ অর্জনকরণের পথটি প্রবর্তিত করতে পারে। ঐশ্বরিক সন্তানদের গড়ে তোলার লক্ষ্য মুহূর্তের উদ্বেগগুলির দ্বারা গোপনে বরখাস্ত হতে পারে। আমাদের সংস্কৃতি বাহ্যিক হাবভাব ও পেশার সাফল্যের উপরে উচ্চমূল্য স্থাপন করে। এইরকম পরিবেশে এক নারীর মাতৃত্বের দাবীমূলক বিষয়ের ত্যাগগুলি, যেমন গর্ভাবস্থায় দৈহিক পরিবর্তন এবং পেশায় উন্নতিসাধনের জন্য কম সময় পাওয়া যা সন্তান জন্মগ্রহণের পরেও স্থায়ী থাকে, একজন নারীকে সন্তান ধারণ এড়িয়ে চলা অথবা দেরী করার জন্য প্ররোচিত করতে পারে। একইভাবে পার্থিব সম্পদ সংগ্রহ করণের উপরে আমাদের সংস্কৃতির উচ্চ মূল্য প্রদান, একজন পুরুষকে তার পিতৃত্ব আলিঙ্গন করাকে রোধ করতে পারে, যতক্ষণ না সে অনুভব করে যে তার উপার্জ্জনের দক্ষতা যথেষ্ট পরিমাণে বৃদ্ধি লাভ করেছে।

খ্রীষ্টিয় দম্পতির ক্ষেত্রে প্রত্যেক শিশু ঈশ্বরের দ্বারা পরিকল্পিত, এমন কি তাদের জন্ম তার পিতামাতার অপরিকল্পিত থাকা সত্ত্বেও (গীত ১৩৯:১৫, ১৬;ইফিষীয় ১:৪-১৪)। সন্তানদের সংখ্যা ও সন্তানদের মধ্যেকার দূরত্ব নিয়ন্ত্রণ রাখার চেষ্টার জন্য এক দম্পতির উপযুক্ত ব্যবস্থা নেওয়া যুক্তিযুক্ত হতে পারার সময়ে একজন খ্রীষ্টিয় দম্পতির যেকোনো সন্তানের আগমনকে স্বীকার করা ও ভালবাসার জন্য প্রস্তুত থাকা দরকার।

প্রাক-বৈবাহিক প্রস্তুতির এক অংশরূপে, দম্পতিদেরকে ঈশ্বরের এক আশীর্বাদ রূপে সন্তানদের বিবেচনা করার জন্য অনুপ্রাণিত করতে হবে এবং মনোযোগ সহকারে তাদেরকে গড়ে তোলার দায়িত্বশীলতা গ্রহণ করার জন্য পরামর্শ দেওয়া দরকার। অবশেষে প্রার্থনা (যাকোব ১:৫), পরস্পরের সঙ্গে সত্য আলাপ করা (ইফিষীয় ৪:২৫) এবং মনুষ্য জীবনের পবিত্রতার উদ্দেশ্যে সম্মান দেখানোর দ্বারা পরিবার পরিকল্পনার বিষয়ে সিদ্ধান্তগুলি গ্রহণ করার জন্য দম্পতিদের জ্ঞাত করানো দরকার হতে পারে।

মনুষ্য জীবনকে কোন বিষয়গুলি পবিত্র করে তোলে?

আমরা যখন মনুষ্য জীবনের পবিত্রতার কথা বলি, মনুষ্য জীবন হল পবিত্র সেই বিষয়টির অনুমোদন আমরা অব্যাহত রাখি। *পবিত্র* বলতে বোঝায় ঈশরের অধিকৃত। মনুষ্য জীবন ঈশ্বরের অধিকারভুক্ত। "কারণ আমাদের মধ্যে কেহ আপনার উদ্দেশে জীবিত থাকেনা এবং কেহ আপনার উদ্দেশে মরে না। কেননা যদি আমরা জীবিত থাকি; তবে প্রভুরই উদ্দেশে জীবিত থাকি, এবং যদি মরি, তবে প্রভুরই উদ্দেশে মরি" অতএব আমরা জীবিত থাকি বা মরি, আমরা প্রভুরই (রোমীয় ১৪:৭,৮)। মনুষ্য জীবন হল অনন্তকালীন (মথি ২৫:৪৬)। অধিকন্তু, মনুষ্য জীবন পবিত্র কেননা আমরা ঈশ্বরের সাদৃশ্যে নির্মিত (আদি ৫:১)। মনুষ্য জীবন ঈশ্বরের দ্বারা নির্মিত অন্যান্য সকল জীবন থেকে অসাধারণ এই কারণে যে খ্রীষ্ট স্বর্গ থেকে নেমে এলেন ও এক মানব রূপ ধারণ করলেন (যোহন ১:১৪) আমাদেরকে উদ্ধার করার জন্য (১ তীমথিয় ১:১৫)। প্রতিদানে ঈশ্বরের সঙ্গে পুনর্মিলিত হওয়ার ও খ্রীষ্টকে বিশ্বাস করার দিকে মনোনয়ন করার স্বাধীনতা (যোহন ৩:১৬) আমাদেরকে প্রদান করা হয়ে থাকে, সুসমাচার মনুষ্য জীবনের পবিত্রতাকে কম মূল্য দেয়। যদিও মনুষ্য জীবনের পবিত্রতার বিষয় বাইবেলে এত সুস্পষ্ট, প্রশ্নটি আমাদের করতেই হবে ঃ জীবনের সূচনা কখন হয়?

জীবনের সূচনা কখন শুরু হয়?

আপনি, একজন ব্যক্তিরূপে, কখন অস্তিত্বের মধ্যে প্রবেশ করেন? একজন শিশুরূপে আপনার টলমল করে চলার প্রথম পদক্ষেপে, আপনি কি *আপনার* ছিলেন? আপনি কখন ছিলেন একজন একদিনের বয়স্ক শিশু? আপনার মায়ের জঠরে থাকার সময়ে যখন আপনার হৃৎস্পন্দন প্রথম শুরু হয়েছিল তখনকি আপনি জীবিত ছিলেন? আপনি কি জীবিত ছিলেন যখন আপনি অসাধারণ উৎপত্তি-বিষয়ক সংকেত সহ দেহকোষের একমাত্র একটি পিণ্ডাকারে ছিলেন, যেটি আপনার সারাজীবনের দৈহিক বৈশিষ্ট্যগুলি নিরূপিত করে? ফলবান না হওয়া একটি ডিম রূপে আপনার জীবন কি শুরু হয়েছিল?

মনুষ্যের ক্রমবিকাশ যাকোব গর্ভধারণ থেকে জীবনের শেষ পর্যন্ত এক অবিচ্ছিন্ন বিষয়। একটি ছোট শিশুর পরিবারের রান্নাঘরের টেবিলে আপেলের সরবত পান করা কিংবা জলখাবারের ফল খাওয়ার থেকে একটি ব্লাস্টোসিস্ট (দেহকোষগুলির এক গোলক যা পরে একটি ভ্রূণ ও একটি প্লাসেনটা গঠন করে) প্রচুর আলাদা। পক্ষান্তরে, আমাদের যদি এক নতুন জীবনের সূচনা চিহ্নিত করার দিকে একটি রেখা টানার দরকার হয়, সেই রেখা সবচেয়ে যুক্তিপূর্ণভাবে গর্ভধারণ থেকে টানা হয়। একটি ফলবান না হওয়া ডিম কখনও উৎপত্তি বিষয়ক সংকেতের পূর্ণ পরিপূরক অধিকার করেনা যে সংকেতটি একজন অসাধারণ ব্যক্তিকে নিরূপণ করার জন্য প্রয়োজনীয়। যে মুহূর্তে একটি ডিম ফলবান্ হয়, তখনই এক অসাধারণ উৎপত্তি বিষয়ক সংকেত সহ এক নতুন ব্যক্তি গঠিত হয়। সময় দিলে ও সঠিক পুষ্টি দিলে সেই একটি কোষ দশ লক্ষাধিক বিশিষ্ট দেহকোষগুলি অপেক্ষা আরও বেশী কোষ দ্বারা গঠিত এক পূর্ণ বয়স্ক মানবিক সত্তায় বিকশিত হওয়ার বিষয়ে দক্ষ হয়।

বাইবেলে নিশ্চিত করে যে আমাদের জীবনের উদ্দেশে ঈশ্বরের উপস্থিতি ও উদ্দেশ্য স্থাপিত হয় যখন আমরা আমাদের মাতৃগর্ভে থাকি তখনই (গীত ১৩৯: ১২-১৬; লূক ১:৩৯-৪৪)। এইরূপে, আমাদের যুক্তির সাহায্যে সিদ্ধান্তে উপনীত হতে হবে যে ঈশ্বর অজাত সন্তানদের মূল্য দেন।

হবা (প্রথম মানবী) ঃ ভয়াবহরূপে ও আশ্চর্যরূপে নির্মিত

"ভয়াবহরূপে ও আশ্চর্যরূপে নির্মিত" (গীত ১৩৯:১৪) হওয়ার পন্থাটিকে গীতরচয়ক উচ্চ মর্যাদা দেন। মনুষ্য দেহের আশ্চর্য্য ঘটনাগুলির একটি উদাহরণ হল, রমণীর সন্তান উৎপাদন ক্ষমতার

বাইবেলে নিশ্চিত করে যে আমাদের জীবনের উদ্দেশে ঈশ্বরের উপস্থিতি ও উদ্দেশ্য স্থাপিত হয় যখন আমরা আমাদের মাতৃগর্ভে থাকি তখনই (গীত ১৩৯: ১২-১৬; লূক ১:৩৯-৪৪)।

ঋতুচক্র এবং নতুন মনুষ্য জীবন পোষণ করা ও সুরক্ষা করার দিকে একজন নারীর দেহের ক্ষমতা। বিবাহের উদ্দেশে পুরুষের প্রস্তুতিকরণের ক্ষেত্রে এক রমণীর জীববিজ্ঞানের এক মৌলিক ধারণা অমূল্য। এইরূপ এক ধারণা তাদের আসতে পারে একটি বিজ্ঞান পুস্তকের পাঠ্যাংশ থেকে, একজন পালক পরিচালিত প্রাক্ বৈবাহিক পরামর্শে প্রজনন বিষয়গুলি সম্পর্কে বিবেচনামূলক মনোনয়ন সকল নির্ণয় করণের প্রয়োজনীয়তার বিষয়ে নৈতিক পথ নির্দেশ প্রদান করতে পারা যায়।

রমণীর সন্তান উৎপাদন ক্ষমতার বিভিন্ন দিকগুলি পরিবার পরিকল্পনার সিদ্ধান্তগুলির সম্পর্কে বোঝার জন্য গুরুত্বপূর্ণ বিষয় যা অন্তর্ভুক্ত করে ডিম্বানুনিঃসরণ (Ovulation), চামড়ার আভ্যন্তরীণ আচরণের পর্যায়ক্রম এবং সন্তান উৎপাদন ক্ষমতার হরমোনের নিয়ন্ত্রণ, গর্ভাবস্থা ও মাতৃদুগ্ধ পান। একজন সুস্থ পুরুষ মানুষ সর্বদাই সন্তান উৎপাদনে সক্ষম কারণ তার দেহের মধ্যে এক সেকেণ্ডে প্রায় এক হাজার হারে অবিরতভাবে শুক্রানুগুলি তৈরী হয়। একজন সুস্থ রমণী, পক্ষান্তরে একমাত্র সন্তান উৎপাদনে সক্ষম প্রতি মাসের প্রায় এক সপ্তাহ। সাধারণতঃ ঋতুচক্রের প্রতি মাসে একটি ডিম্বাণু প্রস্তুত হয়।

ডিম্বানুনিঃসরণ (Ovulation), হল একটি প্রক্রিয়া যার দ্বারা একটি ডিম্বানু উৎপাদিত হয় এবং একটি ডিম্বকোষের ক্ষুদ্র কোষ থেকে নির্গত হয়। একটি ডিম্বানু ক্ষয় হয়ে যায় যদি না সেটি ডিম্বানুনিঃসরণ প্রক্রিয়ার ২৪ ঘণ্টার মধ্যে ফলবান্ না হয়। গর্ভধারণ ঘটে তখনই যখন ডিম্বানুটি শুক্রের সঙ্গে মিলিত হয়। ডিম্বানুনিঃসরণ ঘটে মাসে একবার, কিন্তু একজন রমণীর সারভাইক্যালে জলীয় পদার্থ থাকার সময়ে সন্তান ধারণ ক্ষমতা থাকে বলে বিবেচিত হয়, যা শুক্রকে জীবিত রাখতে সাহায্য করে যখন তারা পরিপক্ক ডিম্বানু মুক্ত হওয়ার জন্য অপেক্ষা করে। একজন সন্তান ধারণ ক্ষমতায় রমণীর দেহের মধ্যে শুক্রানু ৫ দিন পর্যন্ত জীবিত থাকতে পারে। একবার ডিম্বানুনিঃসরণ অতিক্রম হয়ে গেলে, এক নারীর ঋতুচক্রের অবশিষ্ট ভাগে গর্ভধারণ সম্ভব হয় না।

হরমোনভিত্তিক জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতিগুলি প্রাথমিকভাবে ডিম্বানুনিঃসরণ প্রক্রিয়া প্রতিরোধকরণ দ্বারা কাজ করে, যদিও সারভাইক্যাল মিউকস চওড়া হয়ে যাওয়ার দরুণ সারভিক্সের মাধ্যমে শুক্রের একস্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়ার ক্ষেত্রে বাধাদানের দ্বিতীয় প্রভাবও থাকে, এইরূপে, ডিম্বানুর ফলবান হওয়ার ক্ষমতাকে (fertilization) বাধা দান করে। জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতির প্রতিবন্ধক, শুক্রটিকে ডিমটি ফলবানকরণে বাধা দান করে। সন্তান উৎপাদন ক্ষমতার সচেতনতা পদ্ধতিগুলি দেহের মূল উত্তাপের ও সারভাইক্যাল মিউকসের মধ্যে পরিবর্তনগুলি বার করে যা ডিম্বানুনিঃসরণের সংকেত দেয়। এই তথ্যাদি গর্ভাবস্থা লাভ করা অথবা প্রতিরোধ করার ক্ষেত্রে ব্যবহৃত হতে পারে।

একজন স্ত্রীলোকের ডিম্বানুনিঃসরণ দমিত হয় যে নারী তার শিশুকে কেবল মাতৃদুগ্ধ দ্বারা পুষ্টিকর করে তোলে, মাতৃদুগ্ধ পান করানো স্বাভাবিকভাবে শিশু জন্ম দেওয়ার মধ্যে ব্যবধান তৈরী করার একটি পদ্ধতি। পক্ষান্তরে, একজন রমণী যদি তার শিশুকে একটি সময়ে অথবা দুধের বোতলে খাওয়াতে পছন্দ করে ও পরিচারিকার সাহায্যে শিশুকে শান্ত করার চেষ্টা করে তার আবার জন্ম দেওয়ার পর শীঘ্রই ডিম্বানু নিঃসরণ ক্ষমতা শুরু হতে পারে।

একবার ডিমটি ফলবান হলে, গর্ভধারণ থেকে জন্মদান পর্যন্ত যাত্রাপথের পরবর্তী পৃথক ধাপ হল রোপণ করা। গর্ভধারণের এক সপ্তাহ পরে, ফলবতী ডিম ফ্যালোপিয়ান টিউবের দ্বারা (ইউটেরাসে) জরায়ুর মধ্যে প্রবেশ করে। ফলবতী ডিম এখন একটি পিণ্ডকোষের মত তৈরী হয়ে থাকে, যাকে বলে ব্ল্যাস্টোসিস্ট। এটি জরায়ুর চামড়ার অভ্যন্তরীণ আবরণের মধ্যে যদি সফলভাবে রোপণ হতে পারে, তাহলে হিউম্যান কোরিওনিক গোনাডোট্রপিন (human chorionic gonadotropin) (hCG) সক্রিয় হবে। গর্ভাবস্থায় পরীক্ষা নিরীক্ষা দ্বারা এই হরমোন আবিষ্কৃত হয়। স্বাভাবিকভাবে নারীর ঋতুচক্রের এই বিষয়টি দ্বারা আভ্যন্তরীণ চর্মের আচরণ মোটা হয়ে থাকার দরুন রোপণ করার এক উষ্ণ, পুষ্টিকর সমৃদ্ধ স্থান তৈরী হয়। কিছু কিছু জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি, যেমন ইন্ট্রাইডটেরিয়ন ডিভাইস (IUD), কখনও কখনও রোপণ করাকে বাধা দেওয়ার কাজ করে, যদিও তাদের প্রাথমিক কাজের কৌশল পদ্ধতি হল ফলবান হওয়াকে বাধাদান করা।

পরিবার পরিকল্পনার বিষয়ে অনুপ্রাণিত সিদ্ধান্তগুলি জ্ঞাপন করা

নৈতিক চিকিৎসা বিদ্যাগত সতর্কতার সবচেয়ে গুরুত্বপূর্ণ নীতি সমূহের একটি নীতি হল অনুপ্রাণিত সম্মতি। *অনুপ্রাণিত সম্মতি* বলতে বোঝায় একজন রুগীর প্রস্তাবিত সিদ্ধান্তগুলি গ্রহণ করা অথবা চিকিৎসা শাস্ত্রের মধ্যস্থতার কিংবা সিদ্ধান্তের প্রকৃতি প্রথমে বোঝার পর চিকিৎসা শাস্ত্রের মধ্যস্থতা, যুক্তিসঙ্গত বিকল্প সুযোগ; এবং ঝুঁকি, উপকারিতা ও চিকিৎসা শাস্ত্রে মধ্যস্থতা করা সম্পর্কে অনিশ্চয়তাগুলি এবং যেকোনো বিকল্প ব্যবস্থাগুলি গ্রহণ করা। অনুপ্রাণিত সম্মতির নীতিটি বজায় রেখে, একজন দম্পতির জন্ম নিয়ন্ত্রণ সম্পর্কে একটি মনোনয়ন নিশ্চিতকরবে যে তাদের মনস্থ করা জন্ম নিয়ন্ত্রণের ধরণ ও ঝুঁকিগুলি তারা বোঝে।

পরিবার পরিকল্পনা সম্পর্কে একটি সিদ্ধান্ত নির্ধারণ করার সময়ে জন্ম নিয়ন্ত্রণের একটি নিশ্চিত ধরণকে দোষারোপ অথবা সুপারিশ করার পরিবর্তে, আমি পছন্দ করি প্রস্তাবনা দিতে যে একজন দম্পতির প্রশ্নগুলি অনুরোধ করা দরকার। প্রযুক্তি বিদ্যাগত উন্নতি আগামী দিনে এক দম্পতির কাছে হয়ত

পরিবার পরিকল্পনার বিষয়ে অন্য ধরনের পছন্দ করার সুযোগ করে দিতে পারে, কিন্তু জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতিগুলির বিষয়ে মনোনয়ন প্রসঙ্গে প্রশ্নাবলী সীমাহীন। প্রাক্ বৈবাহিক প্রস্তুতির একটি অংশ রূপে সঠিক প্রশ্নগুলি অনুরোধ করার জন্য আপনি যদি একজন দম্পতিকে শিক্ষা দেন, দম্পতিটি এখন ও আগামী দিনে উভয় সময়েই নতুন মনোনয়নগুলি পাওয়ার সুযোগ অনুসারে বিবেচনামূলক মনোনয়নগুলি নির্ণয় করতে সক্ষম হবে।

একজন দম্পতির জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতিগুলি বিষয়ে তাদের ডাক্তারের কাছে উপযুক্ত প্রশ্নগুলি অনুরোধ করার মধ্যে কার্য সম্পাদনের কৌশল পদ্ধতির সম্পর্কে প্রশ্নাবলী অন্তর্ভুক্ত থাকে। এই পদ্ধতি কি ডিম্বানু নিঃসরণ প্রক্রিয়ার প্রতিরোধকরণ দ্বারা ফলবান্ হওয়ায় বাধাদান অথবা ফলবতী ডিমের রোপণ করার ক্ষেত্রে বাধা দান করার মাধ্যমে কাজ করে কিংবা কার্যের যুক্ত কৌশল পদ্ধতির মাধ্যমে কাজ করে? কার্য্যের কৌশল পদ্ধতি কি অস্পষ্ট অথবা অজ্ঞাত? কার্য্যের কৌশল পদ্ধতি কি কিছু কিছু কারণগুলি উপরে অতিশয় নির্ভর করতে পারে, যেমন কখন আর কিভাবে পদ্ধতি কার্যে পরিণত হয় অথবা অন্যান্য স্বাস্থ্যের দশাগুলির উপস্থিতি? একজন ডাক্তারকে প্রশ্ন করার জন্য জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতির অন্তর্ভুক্ত ভবিষ্যতের স্বাস্থ্য বিবেচনা প্রসঙ্গে অন্যান্য উপযুক্ত প্রশ্নাবলী থাকে। এই পদ্ধতি কতটা কার্যকর? গর্ভাবস্থা চাইলে সহজেই কি এই পদ্ধতি উলটানো যায়? এই পদ্ধতি কি প্রতিকূলভাবে ভবিষ্যতের গর্ভধারণ ক্ষমতাকে প্রভাবিত করতে পারে? অস্বাভাবিক(একটোপিক) গর্ভাবস্থার বিশাল ঝুঁকির দিকে এই পদ্ধতি কি চালনা করে? যারা এই পদ্ধতি জন্ম নিয়ন্ত্রণে প্রয়োগ করে তাদের ক্ষেত্রে সম্ভাবনামূলক পার্শ্ব-প্রতিক্রিয়া ও স্বাস্থ্যমূলক উদ্বেগ কি কি?

একজন দম্পতির মনস্থ করা একটি জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি প্রয়োগকরণ প্রসঙ্গে নিজেদের প্রশ্ন করার উপযুক্ত প্রশ্নগুলিতে অন্তর্ভুক্ত থাকেঃ বিশ্বস্তভাবে কাজে লাগানোর জন্য এই পদ্ধতি কি আমাদের যথেষ্ট পরিমাণ স্বস্তি দেয় যাতে পদ্ধতিটি আমাদের ক্ষেত্রে ফলপ্রদ হবে? আমরা কি সঠিকভাবে এই পদ্ধতির প্রয়োগ পন্থাটি জানতে পারি? আমরা আগামী দিনে সন্তান (অথবা অধিক সন্তান) ধারণ করতে পারব কি? আমরা কি উভয়ই এই মনোনয়ন

প্রাক-বৈবাহিক প্রস্তুতির এক অংশরূপে, দম্পতিদেরকে ঈশ্বরের এক আশীর্বাদ রূপে সন্তানদের বিবেচনা করার জন্য অনুপ্রাণিত করতে হবে এবং মনোযোগ সহকারে তাদেরকে গড়ে তোলার দায়িত্বশীলতা গ্রহণ করার জন্য পরামর্শ দেওয়া দরকার।

দ্বারা খুশী হই? এই মনোনয়ন কি আমাদের দু'জনার কোনো একজনের ক্ষেত্রে স্বাস্থ্যের ঝুঁকি এনে দেবে? মনুষ্য জীবনের পবিত্রতা প্রসঙ্গে আমাদের বিশ্বাসের সঙ্গে এই মনোনয়ন দ্বন্দ্ব বাধায় কি?

প্রত্যেক স্বামী-স্ত্রীর প্রয়োজনগুলির কারণে একে অন্যকে সমাদর করা

একজন দম্পতিকে তাদের বিবাহের মধ্যেকার সিদ্ধান্তগুলি তৈরী করার সময়ে একে অন্যের প্রয়োজনগুলির সমাদর করার দিকে। দম্পতিদের পরামর্শ দানের বিস্তৃত শ্রেণীর মধ্যে উপযুক্ত পরিবার পরিকল্পনা পদ্ধতি প্রসঙ্গে একটি বিবেচনামূলক মনোনয়ন পালন করার পন্থাটি শিখতে সাহায্য করা। সাধু পৌল ১ করিন্থীয় ৭:৩-৬ পদের মধ্যে বিশ্বাসীদের মনে করিয়ে দেন বিবাহের মধ্যে দৈহিক ঘনিষ্ঠতার ক্ষেত্রে চাহিদাগুলি পূরণ করার গুরুত্বপূর্ণতা। পরিবার পরিকল্পনার যে কোনো পদ্ধতি, যদি কোনো একটি দম্পতি মনোনীত করে থাকে সেটির প্রতি উভয়েরই সম্মতি থাকা গুরুত্বপূর্ণ বিষয়।

একইভাবে স্বাস্থ্যমূলক বিবেচনা সিদ্ধান্তের একটি অংশ হওয়া দরকার। কিছু কিছু ক্ষেত্রে, একজন নারী ঔষধ সম্পর্কিত পরিস্থিতি থাকতে পারে যা ভবিষ্যতের গর্ভাবস্থা করার ক্ষেত্রে ঝুঁকি এনে দেবে। অন্যান্য ক্ষেত্রে, কিছু কিছু জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি রক্ত চাপ, স্ট্রোক ও হৃদরোগে আক্রান্ত হওয়ার বিশাল ঝুঁকি একজন নারীর ক্ষেত্রে ঘটাতে পারে। সাধু পৌল দ্বারা বর্ণিত নীতিটি বৈবাহিক সম্পর্কের মধ্যে প্রয়োগিত হওয়া দরকার "প্রতিযোগিতা কিম্বা অনর্থক দর্পের বশে কিছুই করিও না, বরং নম্রভাবে প্রত্যেক জন আপনা হইতে অন্যকে শ্রেষ্ঠ জ্ঞান কর, এবং প্রত্যেক জন আপনার বিষয়ে নয়, কিন্তু পরের বিষয়েও লক্ষ্য রাখ" (ফিলিপীয় ২:৩,৪)। স্বামী স্ত্রীর উভয়েরই জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি কাজে লাগানো অথবা একটি প্রক্রিয়ার অধীন থাকার জন্য অন্যান্যদের দ্বারা চাপ অনুভব করার দরকার নেই, কারণ সেটি তাদের (স্বামী বা স্ত্রী) দীর্ঘ জীবনের স্বাস্থ্যের বিষয়ে সবচেয়ে আকর্ষণীয় বিষয় নয়।

এক দম্পতি অনুসারে জীবনের সূচনাকে সম্মান দেখানোর সময়ে এবং পরস্পরকে সমাদরকরণের সময়ে পরিবার পরিকল্পনার মত চ্যালেঞ্জ করার বিষয়টির মাধ্যমে কাজ করার শিক্ষালাভ করার দরুন তারা তাদের সম্পর্কের বাঁধন দৃঢ় করার এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করবে। কোনো একদিন তাদের যোগ্য বৈবাহিক সম্পর্ক বুনিয়াদ হয়ে গড়ে উঠতে পারে যার উপরে এক ধার্মিক খ্রীষ্টিয় পরিবার গড়ে উঠতে পারে। এইসকল সম্ভাবনাসূচক দুঃসাধ্য বিষয়গুলি পরিচালনায় নতুনভাবে আবদ্ধ দম্পতিদের সাহায্য করার মাধ্যমে, পালকদের একটি খ্রীষ্টিয় গৃহে ভিত্তিস্থাপন করার ক্ষেত্রে প্রস্তরগুলি সাজানোর অধিকার রয়েছে। যোগ্য মণ্ডলীর ও আমাদের চারিপাশের জগতের কার্যকর সাক্ষীর জন্য যোগ্য গৃহগুলি নির্মিত হয়। একই সময়ে একজন দম্পতিকে ঈশ্বরের রাজ্যে গড়ে তোলার দ্বারা কত আনন্দই না আসতে পারে। ■

খ্রীস্টিনা এম,এইচ,পাওয়েল, *পি এইচ ডি, একজন প্রতিষ্ঠিত পরিচারক এবং চিকিৎসা বিদ্যার গবেষণার বৈজ্ঞানিক, মণ্ডলীগুলিতে এবং জগৎব্যাপী আলোচনা-সভাগুলিতে প্রচার করেন। তিনি হার্ভাড মেডিকেল স্কুলের এক ম্যাসাচুসেটস-এর জেনারেল হস্পিটালের গবেষণার সদস্য আর লাইফ ইমপ্যাক্ট মিনিস্ট্রির প্রতিষ্ঠাতা।*

অন্য নতুন পথসমূহের দ্বারা আত্মায় বাপ্তিস্মের ভাব বিনিময়করণ।

গ্যারী গ্রগ্যান কর্তৃক

"তাহারা সকলে পবিত্র আত্মায় পরিপূর্ণ হইলেন, এবং আত্মা তাঁহাদিগকে যেরূপ বক্তৃতা দান করিলেন, তদনুসারে অন্য অন্য ভাষায় কথা কহিতে লাগিলেন" (প্রেরিত ২:৪, এ, এস, ওরেল অনুদিত)

এই পদের পাদটীকাতে ওরেল ব্যক্ত করেন ঃ "এই অনুগ্রহশীল অভিজ্ঞতা হল— যদি পবিত্র আত্মার দ্বারা নিমজ্জন রূপে অথবা পবিত্র আত্মার অনুগ্রহ দল কিংবা পরিপূর্ণ করণ রূপে বিবেচিত হলে, সকল প্রকৃত বিশ্বাসীর (পদ ৩৯) *সুযোগ* এবং তার *কর্তব্য* (ইফিষীয় ৫:১৮)"। কিভাবে আমরা এই সুযোগ ও কর্তব্য আমাদের পরবর্তী খ্রীষ্টিয় সংস্কৃতিকে শেখাব?

সদাপ্রভু আত্মার ক্ষমতায় সকল বিশ্বাসীদের বাপ্তাইজ করতে চান। বিষয়টি ঘটানোর কারণে তিনি পালকদের শিক্ষা দিতে চান — যেভাবে তিনি বিশ্বস্তভাবে প্রত্যেক যুগের প্রত্যেক সংস্কৃতিতে সম্পাদন করে থাকেন — কিভাবে এই অভিজ্ঞতা অন্য নতুন পথসমূহের দ্বারা আদান-প্রদান করা যায় যা লোকেদেরকে দূরে চালনা করার পরিবর্তে তাদের কাছে পৌছবে। আজকের সংস্কৃতিতে পবিত্র আত্মায় বাপ্তিস্ম সম্পর্কে পরামর্শ দান করার জন্য কয়েকটি বাস্তবসম্মত উপায় এখানে প্রদান করা হল।

পবিত্র আত্মায় বাপ্তিস্মকে অভিশাপ নয় এক আশীর্বাদ রূপে স্থির করা।

ঈশ্বর যাজকীয় নেতাদের যেভাবে স্থাপন করেন তারা সেই অনুসারে বিভিন্ন সংস্কৃতিতে ভাববিনিময় করার কাজ করে। তাদের কাজ করতে চাওয়ার শেষ বিষয়টি হল লোকেদের চালনা করা। সেই কারণে, কয়েকজন নেতা পবিত্র আত্মায় বাপ্তিস্মের বিষয়ে শিক্ষাদান অথবা প্রচার করণের প্রতি এক ভীতি গড়ে তোলেন। ১ কোনো একজনেরও দোষী সাব্যস্ত অনুভব করার দরকার নেই; এটি এক বৈধ বিষয় বিশেষতঃ যারা অসদৃশ পরিচিতি থেকে লোকেদের কাছে পৌছায় তাদের ক্ষেত্রে।

পালকদের সিদ্ধান্তে উপনীত হতে হবে যে পবিত্র আত্মায় বাপ্তিস্ম বাইবেলভিত্তিক ও আজকের দিনে তাদের মণ্ডলীর নিমিত্তে এক চলমান অভিজ্ঞতা। কিছু সৃজনশীলতা ও ইচ্ছাপূর্বক সহ পালকেরা তাদের লোকেদের ভীত না করে অথবা তাদের কাছে অতিরঞ্জিত না করে, জীবন পরিবর্তনকারী এই অভিজ্ঞতার মধ্যে চালনা করতে পারে।

বহু তরুণ পরামর্শদাতারা পেন্টিকস্টাল চক্রের থেকে সরে যায় কারণ তাদের মধ্যে পরভাষাগুলির প্রতি বিশ্বাস জন্মে থাকে ২ যা দীর্ঘদিন ধর্মতত্ত্বরূপে সঠিক থাকেনা। বহু ক্ষেত্রে তারা অতীতের প্রণালীবদ্ধগত বিদ্যার সঙ্গে সংগ্রাম করে, ধর্মতত্ব বিদ্যার সঙ্গে বেশী করে না।

আমরা সকলেই জ্ঞাত রয়েছি কে তাঁর ব্যক্তিগত প্রার্থনার সময়ে পরভাষায় কথা বলে বাপ্তিস্ম ঘোষণা করার কারণে গমন করেন। এখন, এই আনন্দময় অভিজ্ঞতার মধ্যে অন্যান্যদের চালনা করার পরিবর্তে, তারা এই মহৎ অনুগ্রহ দল থেকে অন্যান্যদেরকে বঞ্চিত করে। যা দুঃখজনক এবং অপ্রয়োজনীয়।

পবিত্র আত্মায় বাপ্তিস্ম এক যুক্তিসিদ্ধ, বাইবেলভিত্তিক অভিজ্ঞতার বিষয় যা যীশু নিজে প্রয়োগ করেন (লূক ২৪:৪৯)। স্থগিত রাখার কোনো ব্যাপার নেই — আমার প্রশ্ন করা অব্যাহত থাকে — পালকগণেরা সাধুতার সঙ্গে শুধু বলে, "ঠিক আছে, ইহাই বাইবেলে কথিত"। যেখানে আমাদের অবশ্যই শুরু করতে হবে। পঞ্চাশত্তমী কোনো সাংস্কৃতিক অভিজ্ঞতা নয় সেটি আমাদের পরিবর্তন করে; এটি যীশুকে অনুভব করা যায়, একটি বাইবেলের অভিজ্ঞতা আর আজকের দিনে এক অভিজ্ঞতা সঞ্চয়ন।

অন্যান্য প্রসঙ্গগুলির মত একইভাবে পবিত্র আত্মায় বাপ্তিস্মের শিক্ষাদানের দ্বারা সৃজনশীল হওয়া।

আমি এই প্রজন্মের সৃজনশীলতা ও নূতন প্রথার প্রবর্তনকে ভালবাসি। অতএব এই মহান সত্য শিক্ষাদানের মধ্যে সৃজনশীল হন। আপনার ঈশ্বর প্রদত্ত সৃজনশীলতা কাজে লাগান আর এটি আনন্দময় ও প্রভাবশালী করে তুলুন।

ওয়াশিংটন ডি, সিতে ন্যাশনল কমিউনিস্ট চার্চ্চের পালক, মার্ক ব্যাটারসন বলেন, ঈশ্বর-সম সত্তার দিক হল সৃজনশীল হওয়া। আমি একমত। পবিত্র আত্মায় বাপ্তিস্মের সত্যতা ঘোষণাকরণে ঈশ্বর সম হন।

রণ বনট্রেজার দ্বারা রচিত পঞ্চাশত্তমীর রবিবাসরীয় ধর্মোপদেশের ধারাবাহিকতা আমি ব্যবহার করেছিলাম, যিনি ইণ্ডি য়ানা, ইণ্ডি য়ানপলিসের লেক ভিউ খ্রীষ্টিয়ান সেন্টারের পালক ও "পাওয়ার এড" - এর স্বত্বাধিকার প্রাপ্ত। আমার তরুণ সৃজনশীল পরিচর্য্যাকারী দল আমাদের অবস্থায় ১০০

বোতলের বেশী "পাওয়ার-এড" রেখেছিল। প্রতি সপ্তাহে আমরা পানীয় বিতরণ করেছিলাম। বিষয়টি ছিল খুবই সাধারণ কিন্তু পবিত্র আত্মায় বাপ্তিস্মের ব্যবস্থা করার দিকে আনন্দময় পন্থা। তৃতীয় বার্তার পরে আমরা সম্মুখের নিকটবর্তী হলাম ও উপাসনা করলাম। অনেকেই প্রথমবারের জন্য তাদের নিজ নিজ প্রার্থনার ভাষার অভিজ্ঞতা লাভ করেছিল। বিষয়টি খুবই আনন্দের, সহজ ও সময়কালীন হয়েছিল। পরের সপ্তাহগুলির ক্ষেত্রে, লোকেরা আমাদেরকে ই-মেল করেছিল এবং বাড়ীতে বাইবেল পাঠরত থাকার সময়ে তারা তাদের ভাষায় লাভ করে থাকার বিষয়টির সাক্ষ্য দিয়েছিল। একজন কাজ করার দিকে চালিত হওয়ার সময়ে বাপ্তিস্ম গ্রহণ করেছিল।

ইচ্ছাকৃত হওয়া

পঞ্চাশত্তমীর রবিবার ঘিরে সংক্ষিপ্ত ধারাবাহিকতাগুলি অথবা একাকী স্থায়ী থাকার তালিকা তৈরী করুন। আত্মায় বাপ্তিস্ম অগ্রাহ্য না করার পরিবর্তে, নিজ মণ্ডলী ও সমাজের সংস্কৃতির মধ্যে কাজ করার দিকে, আপনাকে প্রেরণা দেওয়ার অনুক্রমগুলি তালিকাভুক্ত করুন। আপনার প্রারম্ভের (আল্‌ফা) পাঠ্যক্রমের শেষের দিকে পবিত্র আত্মার বিশ্রাম স্থানের তালিকাকরণের কথা বিবেচনা করুন অথবা আত্মায় বাপ্তিস্মের বিষয়ে সেমিনার কিংবা একটি ক্লাস শুরু করুন। কিছুই কাজ না করার দিকের প্রলোভন থেকে নিজেকে রক্ষা করুন। বেশীর ভাগ পেন্টিকস্টাল ও ক্যারিস্ম্যাটিক উদ্দীপনা (উৎসাহদি সৃষ্টির ক্ষমতা প্রদানকারী) মণ্ডলীর কার্যসম্পাদন অপেক্ষা মিনেসোটা, সেন্ট পলের একটি লুথরণ চার্চ্চ ক্লাস, সেমিনার ও ধ্যান আর অন্যান্য সৃজনশীল পথের মাধ্যমে পবিত্র আত্মায় বাপ্তিস্মের বিষয়ে শিক্ষা দেয়।

প্রচারকমূলক নেতৃত্বের দিকটি হল আমাদের জানা উপযুক্ত বিষয়গুলির কার্যকলাপ করা, উপযুক্ত না হলে বরং না করা। আমার কাছে, এটি অর্থের বিষয়ে প্রচারকরণ। আমি অর্থের জন্য প্রচার করতে পছন্দ করিনা;বরং যখন আমি পছন্দ করি, আমার বাধ্যতার করণে, আমাদের মণ্ডলীর লোকেরা ধন্য হয়। যাজকত্ব সহজ হবে যদি আমরা সকলেই অনুগ্রহের বিষয়ে প্রচার করে থাকি, কিন্তু যাজকত্ব সর্বদা সহজ হয় না।

পবিত্র আত্মায় বাপ্তিস্মের বিষয়টি বুঝতে না পারা পর্য্যন্ত চিন্তা করার কারণে অপেক্ষা করার দিকে চতুর প্রলোভনগুলি প্রতিরোধ করুন। নেতাগণরূপে আমাদের শুধু কাজ হল আমাদের লোকেদের শিক্ষা দেওয়া ও পথটি চালনা করা। আমাদেরকে বৃদ্ধির জন্য সুযোগ সুবিধাগুলির যোগান দিতে হবে, এবং আমরা সেই কাজ করি ইচ্ছাকৃত ভাবে। পরিকল্পনাগুলি তৈরী করুন আর ঐ সকল পরিকল্পনাগুলির কাজ সম্পন্ন করুন, যেমন আমরা অন্যান্য বিষয় সমূহ দ্বারা কার্য সম্পাদন করি।

আইন সম্মত ও ধর্মে উদারনীতির খাতগুলি পরিহার করা

আমাদের লোকেদের জন্য আমরা সর্বশ্রেষ্ঠ বিষয়টি করতে চাই আর ঈশ্বরের সঙ্গে তাদের চলার পথে আমাদের অবহেলাকে প্রতিবন্ধক করতে চই না। পবিত্র আত্মায় বাপ্তিস্মের বিষয়ে শিক্ষাদান বাদ দেওয়া, লোকেদেরকে ছিদ্রান্বেষী, বিচারক মনোভাবাপন্ন হওয়ার দিকে ও *ধর্মে উদারনীতির* খাতের মধ্যে চালনা করে। ধর্মে উদারনীতি দ্বারা আমি বোঝাতে চাই *ভারসাম্য হারানো।*

একটি খাতের মধ্যে আর পথের উপরে বেগে দৌড়ানোর অপেক্ষা পথে গাড়ীর গতি কম করে চালানো অধিকতর ভালো। লোকেরা আহত হতে পারে, আমাদের যানবাহনের ক্ষতি হতে পারে এবং অন্ততঃ, আমরা নিজেদের জন্য অথবা অন্য কোনো একজনের জন্য যাত্রাপথের গতি রোধ করতে পারি। আমাদের মনে থাকা দরকার যে আমাদের আহ্বান হল বিশ্বস্তভাবে *বাক্য প্রচার করা* (২ তীমথিয় ৪:২)। আমরা এই কাজ সাংস্কৃতিকরূপে প্রাসঙ্গিক পথের দ্বারা সম্পাদন করতে চাই। পবিত্র আত্মায় বাপ্তিস্মের এই আশ্চর্যজনক অভিজ্ঞতা জীবনকে প্রচুর পরিমাণে সমৃদ্ধ করে তুলবে। আমাদের *ঔদাস্যের খাতটি* এড়িয়ে চলা দরকার।

আমাদের আবার আইনসম্মত খাতটিও পরিহার করা দরকার। আইনজ্ঞরা কখনই বক্তব্যে অথবা কার্যকলাপের বিষয়টির কারণে খুশী হয় না। তারা নিশ্চিতভাবে *সমতার বাইরে* থাকে। আইনজ্ঞরা প্রায়শই পঞ্চাশত্তমীকে প্রচার করা, গান করা এবং অন্যান্য নিয়ম বিদ্যাগুলি সঙ্গে সমান করে। তাদের প্রবণতা থাকে যা তাদের বোধগম্য হয় না, সেটি বাতিল করে দেওয়ার।

আমি যখন পবিত্র আত্মায় বাপ্তিস্মের বিষয়ে আমাদের মণ্ডলীতে শিক্ষা দান কার্য্যে রত ছিলাম একজন পেন্টিকস্টাল আইনজ্ঞ আমাদের মণ্ডলীর মধ্যে বিচরণ করছিলেন। আমি তাই এক কথোপকথন মূলক পথে সেই কাজ করেছিলাম আর তখন প্রায় ১০ মিনিটের জন্য বেদীর চারপাশে প্রার্থনা ও উপাসনা করার একটি মাত্র সময় ছিল। ২০০৩ সালের মিস্ আমেরিকা এরিকা হেরোল্ড সহ প্রায় ২০ জন লোক সেই সকালে প্রথম বারের জন্য প্রার্থনার ভাষায় কথা বলতে শুরু করেছিল। এই পেন্টিকস্টাল আইনজ্ঞ, সভার পরে আমার কাছে এসে বলেছিলেন, "ঐ সকল লোকেদের পবিত্র আত্মায় বাস্তবিকভাবে বাপ্তাইজিত হওয়ার কোনো পথ নেই।" আমি প্রশ্ন করেছিলাম কেন তিনি সেই ভাবে ভেবেছিলেন আর তিনি উত্তরে বললেন, "কারণ সেটি পর্যাপ্ত জোর ছিল না আর তাতে কোন প্রকৃত আবেগ ছিল না"। তিনি আইনসম্মত খাতের মধ্যে আটকে গিয়েছিলেন।

এই সকল খাতগুলির উভয়েরই শেষ পর্যন্ত থাকার জন্য আমাদের স্মরণে রাখা দরকার যে আমাদের কেউই যেকোনো একজনকে উদ্ধার করতে পারি না, তাহলে কেন আমরা পবিত্র আত্মার দ্বারা যেকোনো একজনকে পরিপূর্ণ করতে পারার বিষয়টি বিবেচনা করি? উভয় ক্ষেত্রে আমরা কেবল ঈশ্বরের বাক্য শিক্ষা দিই এবং একটি পরিবেশ তৈরী করি, তখন ঈশ্বর তাঁর কাজ করেন। পরিত্রাণ প্রচার করুন আর লোকেরা উদ্ধার লাভ করবে। পবিত্র আত্মায় বাপ্তিস্ম প্রচার করুন আর বিশ্বাসীরা পবিত্র আত্মায় বাপ্তাইজিত হবে। আমরা যা প্রচার করি তাই লাভ করি।

খাতগুলি থাকার জন্য পালকদের আবার সর্বদা বেদীর সেবাকাজ তাদের থাকা দরকার, নিজেদেরকে এই চিন্তাভাবনার চাপ থেকে মুক্ত রাখাও দরকার। প্রার্থনার দলগুলির মধ্যে থাকার জন্য লোকেদের প্রশিক্ষণ করুন আর যারা যীশুর প্রতি প্রকাশ্যে অঙ্গীকার করতে চায় এবং যারা পবিত্র আত্মা দ্বারা পরিপূর্ণ হওয়ার আকাঙ্ক্ষা করে, সেই সকল লোকেদের সঙ্গে প্রার্থনা করার সুযোগ থাকার জন্য তাদেরকে প্রশিক্ষণ দিন। লোকেদের উদ্ধারিত হতে দেখার জন্য বিলি গ্রাহামের মত আকুল আবেদন থাকার প্রয়োজন নেই এবং পবিত্র আত্মায় লোকেদের বাপ্তাইজিত হতে দেখার জন্য একটি শিবিরের সম্মেলন পদ্ধতির আবেদন থাকা প্রয়োজনীয় বিষয় নয়। আজকের শ্রোতাগণের পুরানো নিয়মবিদ্যাগুলির ক্রমোন্নতি করবে না। এমনকি হতে পারে সেটি তাদের উন্নতি চিরস্থায়ীভাবে বন্ধ করে দেওয়ার কিংবা সম্ভবতঃ বার করে দেওয়ার কারণ হতে পারে।

লোকেরা পরিত্রাণের বার্তায় প্রতি তাৎক্ষণিকভাবে সর্বদা উত্তর দেয় না। একইভাবে পবিত্র আত্মায় বাপ্তিস্মের ক্ষেত্রে সর্বদা প্রতিক্রিয়া করে না। লোকেদের সর্বদা তাৎক্ষণিক উত্তর নাও থাকতে পারে কিন্তু অবশেষে কিছুজন উত্তর দেবে।

প্রার্থনা করুন আপনার লোকেরা পবিত্র আত্মায় যেন বাপ্তাইজিত হয়

বাপ্তিস্ম পর্যন্ত প্রার্থনারত লোকেদের কোনো বিশেষ অনুগ্রহ অথবা সামর্থ্যগুলির প্রয়োজন নেই। আমরা সৃজনশীল পথে ঈশ্বরের বাক্য কেবল শিক্ষা দিই, পরজাতীয় লোকেদের সঙ্গে নয়, সংস্কৃতির সঙ্গে যোগসূত্র স্থাপন করার শিক্ষা দিই, আর তারপর সদাপ্রভুর কাছে তাঁর লোকেদের বাপ্তাইজিত ও উদ্ধার করার জন্য প্রার্থনা করি। আমি তরুণ পালকদের/নেতাদেরকে প্রার্থনা করতে অনুপ্রাণিত করি : "যীশু, এই সকল লোকেদের পবিত্র আত্মায় বাপ্তাইজ করার জন্য আমার তোমাকে প্রয়োজন। তুমি বলেছ তুমি করবে আর আমি তোমাকে অনুরোধ করছি সেই কাজ করার জন্য।" মন্দ আত্মা নির্দেশক ও যাদুবিদ্যা দ্বারা জড়িত লোকেদের বিষয়ে আপনার চিন্তাভাবনা সকল তাঁর কাছে উজাড় করে দিন। ঐসকল বিষয়গুলি তত্ত্বাবধান করার জন্য তাঁর কাছে অনুরোধের প্রার্থনা করুন।

বিশাল বিশ্ববিদ্যালয় সহ একটি শহরের আমি পালক যেখানে লোকেরা জীবনের প্রত্যেক পদক্ষেপে আমাদের সভায় আসে। আমরা বিষয়গুলি নিয়মানুসারে ও চরম উৎকর্ষ দ্বারা সম্পাদন করতে চেষ্টা করি। পবিত্র আত্মায় বাপ্তিস্ম ও পরিত্রাণের মাধ্যমে আমি ঈশ্বরের সঙ্গে লোকেদের যোগসূত্র স্থাপন করতে চাই, কিন্তু আমি চাইনা পেন্টিকস্টাল সাংস্কৃতিক বিষয়গুলি তাদেরকে তাড়িয়ে দেয়। সদাপ্রভুর কাছে ব্যক্ত করার সময়ে আমি লজ্জিত হই না, বরং এই সকল কাজ আমাদের পরিবেশের মধ্যে নির্ণয় করতে তিনি আমাকে সাহায্য করেন।

অতীতে, কিছু পেন্টিকস্টাল মণ্ডলীসমূহ বাপ্তিস্ম পরিত্যাগ করে থাকে তারা উন্নত হয়ে থাকার দরুন অথবা রবিবারে কিংবা বুধবারের রাত্রিগুলিতে সেটি নিয়ন্ত্রিত করার দরুণ। আমাদের দেখা বিশাল সংস্কৃতির রদবদল দ্বারা এবং রবিবারের রাত্রিরে সভাগুলি ভেঙ্গে যাওয়ার দ্বারা, আমাদের আবশ্যক হয় রবিবার সকালে, আমাদের যুবক-যুবতী অথবা অল্প বয়স্কদের সভাগুলিতে আর অন্যান্য প্রাথমিক সভাগুলির মধ্যে প্রাসঙ্গিকভাবে পবিত্র আত্মায় বাপ্তিস্ম শেখানোর কৌশলটির শিক্ষালাভ করা।

নিজ ভয় স্বীকার করা ও কিছু ভেঙ্গে পৃথক করা

পৌল তরুণ তীমথিয়কে বলেন, "কেননা ঈশ্বর আমাদিগকে ভীরুতার (ভয়) আত্মা দেন নাই, কিছু শক্তির, প্রেমের ও সুবুদ্ধির আত্মা দিয়েছেন (২ তীমথিয় ১:৭)।

পবিত্র আত্মায় বাপ্তিস্ম গ্রহণের ছয়টি ধাপসমূহ

১) তৃষিত — মথি ৫:৬;মার্ক ১১:২৪
২) যাচ্ঞা — মথি ৭:৭
৩) যীশুর প্রতি দৃষ্টিপাত — প্রেরিত ১:৮
৪) প্রাপ্ত হওয়া — গালাতীয় ৩:১৪
৫) প্রশংসা — গীত ২২:৩
৬) (পরভাষায়) **অজ্ঞাত ভাষায় কথা বলা** — গীত ৮১:১০

— **গ্যারী গ্রগ্যান,** আর্‌বানা, ইলিনয়

কম্পিউটারে যেমন একটি সময়ে একটি বার বিভিন্ন অংশ পৃথক করতে হয়, আমাদের একইভাবে সেই কাজ করা দরকার। আবর্জনার মত ভয়গুলি আমাদের থেকে দূর করা প্রয়োজন, যে ভয় আমাদেরকে দমন করে আর প্রয়োজনীয় কাজটি সম্পাদন করার থেকে আমাদেরকে দূরে রাখে। আমরা আমাদের ভয় ও সংস্কারগুলির ভার বহন করতে পারি না। আকাঙ্খা, ভয় ও ভগ্নোদ্যমকরণকে জয় করে। আমাদের যদি কেবল আকাঙ্খা থাকে, এবং বাস্তবিকভাবে আমাদের সাহায্যের জন্য সদাপ্রভুর কাছে আমরা প্রার্থনা করি, তিনি করবেনই। আমরা বিশ্বস্ত হলে, তিনিও বিশ্বস্ত হবেন আর পবিত্র আত্মায় বিশ্বাসীদের বাপ্তাইজিত করবেন।

আপনার হতাশ হওয়ার দরকার নেই এবং পবিত্র আত্মায় বাপ্তিস্মের সত্যতা শেখানোর বিবিধ বর্ণে রঞ্জিত করা সুসমাচারের প্রদর্শন সজ্জিত করুন। কিন্তু আপনার ইচ্ছুক হওয়া দরকার " সকল ধৈর্য সহকারে আপনার শিক্ষা অনুসারে বার্তা প্রচার করার, এটির ঘোষণার উপর গুরুত্ব আরোপ করার (সময়টি উপযুক্ত হোক বা না হোক), প্রমাণ প্রয়োগে বিশ্বাস জন্মানোর, নিন্দা করার ও অনুপ্রাণিত করা", (২ তীমথিয় ২:৪) পূর্ণ সুসমাচার পরিচর্য্যাকার্যে অভিষিক্ত অথবা/আর অনুমতি প্রাপ্ত হওয়ার সময়ে যেমন আপনি কাজ করার জন্য অঙ্গীকারবদ্ধ ছিলেন।

সাধুতার পুরুষ এবং নারী রূপে, পালকদেরকে সদাপ্রভুর কাছে অঙ্গীকারবদ্ধ কাজটি সম্পাদন করা একান্তই আবশ্যক। পালকদের চলচ্চিত্রের যোদ্ধা জেটলির মত হওয়া দরকার। তাঁর পরিবারের নাম ছিল ভীতিহীন শেমণ্ড (shamed)। দেশের সর্ববশ্রেষ্ঠ যোদ্ধাদেরকে পরাজিতকরণের মাধ্যমে তিনি তাঁর পরিবারের সম্মান পুনরায় অর্জন করেছিলেন। আমাদের দরকার কয়েকজন ভয়হীন তরুণ সেবাকারীদের, যারা পরবর্তী খ্রীষ্টিয় সংস্কৃতির মধ্যে এই কাজ কিভাবে সম্পাদন করা যায় সেটি আমাদের কাছে দেখাবে।

পালকদের প্রতি সপ্তাহে পবিত্র আত্মার বিষয়ে প্রচার করা দরকার থাকেনা, কিন্তু তাদের এই গুরুত্বপূর্ণ পেন্টিকস্টাল মতবাদ প্রচার করতে ইচ্ছুক থাকা দরকার। সম্ভবতঃ পঞ্চাশত্তমীর রবিবারে দিনের আশেপাশে সংক্ষিপ্ত ধারাবাহিকতা অথবা একাকী স্থির থাকা যথেষ্ট। বড়দিন ও ইস্টারের সময়ে একমাত্র পুনরুত্থান ও জীবন্ত আদর্শে যীশুর মানবদেহে ধারণের উপর প্রচারকরণে যদি পাপ না থাকে, আমরা বছরে একবারমাত্র পবিত্র আত্মায় বাপ্তিস্মের আলোচনা করলে বেশ কয়েকজন অতি পেন্টিকস্টালগণেরা (যারা আত্মিক রিটালিন নেয়) ভাবে আমরা সেটি হারিয়ে ফেলেছি? আপনার ক্ষেত্রে পবিত্র আত্মায় বাপ্তিস্মের উপরে প্রচারকরণ আইনজ্ঞদেরকে বিনাশ করতে দেওয়ার সুযোগ করে দেবেন না। আপনি বক্তব্যের মাধ্যমে সারাবছর ধরে আপনার শিক্ষাদানে পবিত্র আত্মায় বাপ্তিস্মের কথা উল্লেখ করতে পারেন ঃ "তোমাদের কয়েকজনের প্রয়োজন পবিত্র আত্মায় বাপ্তিস্মের দাবিগুলি অনুসন্ধান করে বার করা খ্রীষ্টের দাবির মত সত্য কিনা দেখার জন্য। এই বাইবেল সম্বন্ধীয় মণ্ডলী। আমি তোমাদের আশ্বাস দিই আমি সেটির বিষয়ে শিক্ষা দিতাম না যতক্ষণ না সেটি বাক্যে ছিল। লক্ষ্য কর, তোমার জন্য ঈশ্বরের প্রার্থনার ভাষা রয়েছে কিনা।"

আমার বিষয়গুলি সম্পর্কে কথা বলার ধরন হয় লোকেদেরকে মুক্ত করে দেবে অথবা তাদেরকে স্তব্ধ করে দেবে। প্রচারকমূলক নেতাগণের মত, আমরা লোকেদের নাগাল পেতে ও তাদের সঙ্গে যোগসূত্র স্থাপন করতে চেষ্টা করা অব্যাহত রাখি, তাদের থেকে পালিয়ে যাই না।

প্রার্থনা সভাগুলির শেষের দিকে লোকেরা যখন বেদীর চারপাশে থাকে, আমি পবিত্র আত্মায় বাপ্তিস্ম সম্পর্কেও কথা বলি। আমি এক প্রভাবশালী বিষয়ের রূপরেখা তুলে ধরি এবং পবিত্র আত্মার বাপ্তিস্মের ভিত্তিগুলি সম্পূর্ণরূপে নিষ্পন্ন করি। *(পবিত্র আত্মায় বাপ্তিস্ম গ্রহণ করার ছয়টি ধাপসমূহ পার্শ্বস্থ বক্সটিতে লক্ষ্য করুন)।* প্রায় প্রত্যেক সময়ে লোকেরা বাপ্তিস্ম গ্রহণ করে ও একটি ভাষায় প্রার্থনা করতে শুরু করে যা তারা কখনই শেখেনি।

একটি প্রার্থনা সভার পরিবেশ আমাদের রবিবারের সকালের উপাসনার সভা থেকে ভিন্ন ধরনের হয় যখন পরীক্ষা নিরীক্ষা করে আবিষ্কারকরণগুলি অথবা (উইনডোশপিং) সভায় না ঢুকে বাইরে থেকে দেখার খ্রীষ্টোনোচিত চরিত্র উপস্থিত হয়। আমি পেন্টিকস্টাল হওয়ার দরুণ লজ্জিতবোধ করিনা। এটি শুধু সুবিবেচক হওয়ার জন্য চেষ্টারত থাকার বিষয় এবং খ্রীষ্টের উদ্দেশে যতখানি সম্ভব প্রচুর লোকেদের নাগাল পেতে চেষ্টা করা। যদিও, পিতার এই অঙ্গীকার গ্রহণ করার জন্য যীশুর আমাদের দিকে ব্যক্ত করা সেটিই হল প্রাথমিক কারণ, যার কারণে তাঁর সাক্ষী হতে আমরা সমর্থ হই (প্রেরিত ১:৪, ৮)।

বহু লোকেরা নানান চলচ্চিত্র থেকে যেমন *অ্যাপস্টল* অথবা দূরদর্শনের সুসমাচার প্রচারকগণ দ্বারা, যাদের অনেকেই সংস্কৃতিকে মজার করে তোলে, সকলের থেকে পঞ্চাশত্তমী সম্পর্কে তাদের ধারণাগুলি লাভ করে। এই সমস্ত প্রতিবন্ধকগুলির কারণে, বহুজনেরা পবিত্র আত্মায় বাপ্তাইজিত হওয়ার কারণে লোকেদের জন্য প্রার্থনা এবং শিক্ষাদান করতে ভয় পায়। আপনার ভয় ভেঙ্গে ফেলুন এবং একটি পথে বাপ্তিস্মের শিক্ষা দিন যা আপনার বাপ্তিস্মকে অথবা আপনার মণ্ডলীর সংস্কৃতিকে অপবিত্র করবেন না। শিবিরে, বিশ্রাম স্থানে এবং সম্মেলন সভাগুলিতে যেসকল পদ্ধতিগুলি কার্যকর হয়, সচরাচর রবিবারের সকালের সভায় সেগুলি কাজ করে না। সেটি ঠিক আছে।

গোটানো (সম্পন্ন করা)

আমি সেই সকল তরুণ প্রজন্মের পরিচর্য্যাকারীদের কাছে ক্ষমা প্রার্থনা করি যারা কখনও কখনও পরিত্যক্ত বোধ করে থাকে। শ্রেষ্ঠ আত্মিক পিতা না হওয়ার কারণে আমার প্রজন্মকে ক্ষমা করে দিন। আমাদের ক্ষমা করুন নিয়ম বিজ্ঞান করে তোলা ও কর্মসূচীগুলি ভীত করে তোলার জন্য। দয়া করে আমাদের ভুলগুলি এড়িয়ে চলুন আর পবিত্র আত্মায় বাপ্তিস্ম সাদরে গ্রহণ করুন। আমাদের তরুণ গোষ্ঠীর পরিচর্য্যাকারীদের কাছে আমার বার্তা হল ঃ "ভাববাণী বলিবার জন্য উদ্যোগী হও এবং *বিশেষ বিশেষ ভাষা কহিতে বারণ করিও না*" (১২ করিন্থীয় ১৪:৩৯)।

আমার অজানা একটি ভাষায় প্রার্থনা করতে আমি ভালবাসি। অনেক বার জানা থাকে না আমার কি কাজ, কিন্তু যখন আমি মন প্রাণ দিয়ে প্রার্থনা করি সদাপ্রভু আমাকে জ্ঞানের, ভাববাণীর, এক বাক্য অথবা সুস্থতাকরণের বিষয়ে এবং একজন ব্যক্তিকে অথবা পরিস্থিতিকে সাহায্য করার এক অন্তর্দৃষ্টি দেন। অনেককেই আমি জানি এবং ভালবাসি যারা তাদের সাহায্যের জন্য পবিত্র আত্মার পরিপূর্ণতার অমণ্ডলীভুক্ত প্রয়োজনগুলির নাগাল পাওয়ার দিকে চেষ্টারত থাকে। হয় সেটি মিনিয়া পোলিসের মত উন্নত শহরের এলাকার জোয়েল গ্রস, বোল্ডারের কোলারোডো বিশ্ববিদ্যালয়ের ব্র্যাড রিলে কিংবা আরবানার ইলিনয় বিশ্ববিদ্যালয়ের টেরী অস্ট্রিয়া — তারা উপলব্ধি করে পবিত্র আত্মার সাহায্য বিনা তারা তাদের অসাধারণ সংস্কৃতিগুলির লোকেদের কাছে পৌঁছতে পারে না।

আমাদের কেউই নিজেদের প্রচারকরণে পবিত্র আত্মায় বাপ্তিস্ম বাদ দিতে পারি না। আমাদের অবশ্যই বিষয়গুলি উত্তমরূপে সম্পাদন করা শিখতে হবে এবং পেন্টিকস্টাল পৌরাণিকী কথাগুলির মিথ্যা ধারণা প্রকাশ করা শিখতে হবে। যারা গ্রহণ করে তাদের প্রত্যেকের জন্য পবিত্র আত্মায় বাপ্তিস্ম এক বিস্ময়কর আশীর্বাদ। একজন তরুণ পালক রূপে সৃজনশীল ও ইচ্ছাকৃত হওয়া, খাতগুলি থেকে দূরে থাকা, সদাপ্রভুর প্রার্থনা করা আপনার লোকেদের আত্মায় বাপ্তাইজ করবে ও আপনার নিজস্ব ভয়গুলি কয়েকটি টুকরো টুকরো ভেঙ্গে ফেলুন। আমরা সকলেই চেষ্টা করি। পরবর্তী খ্রীষ্টিয় সংস্কৃতিতে পবিত্র আত্মায় বাপ্তিস্মের পরিচালনা হল বহু তরুণ নেতাদের ক্ষেত্রে এক উদ্যম প্রচেষ্টা। কিন্তু জানুন আপনার ভালবাসা আছে, বিশ্বাস আছে বিষয়টি সমাধান করে গতি পরিবর্তন করার ক্ষমতা আপনাকে দেওয়া হয়। আসুন, পরস্পর পরস্পরের থেকে যেন দূরে সরে না যাই। আসুন, একে অন্যকে আলিঙ্গন করি যাতে একসঙ্গে যাত্রা করি। আমি আপনার হাতে আমার যষ্ঠি তুলে দিচ্ছি। ■

গ্যারী গ্রগ্যান *একজন প্রধান পালক, স্টোন ক্রিক্‌ চার্চ্চ; আর্‌বানা, ইলিনয়। তাঁর ব্লগ ঃ http ://papagrogam.blogspot.com/.*

অলৌকিকের নিবৃত্তিকরণ

বাইবেল-ভিত্তিক, অতি-বাইবেল সম্বন্ধীয়, মতবাদ-সংক্রান্ত, এবং তর্কশাস্ত্রগত দৃশ্য শ্রেণী থেকে প্রেরিতগণের যুগ পর্যন্ত।

পেণ্টিকস্টালদের প্রায়শই ব্যাখ্যা করতে বলা হয় কেন তারা বিশ্বাস করে ও তাদের কাজের পদ্ধতি অনুশীলন করে। "যে কেহ তোমাদের অন্তরস্থ প্রত্যাশার হেতু জিজ্ঞাসা করে, তাহাকে উত্তর দিতে সর্ব্বদা প্রস্তুত থাক," (১ পিতর ৩:১৫), দুর্ভাগ্যবশতঃ তারা থাকে না। অনেকবারই সেটি হয়ত পেণ্টিকস্টালদের প্রমাণের দ্বারা ভিত্তিমূল স্থাপিত না হওয়ার কারণে কিংবা অতীতে তাদের বিশ্বাসের অনুশীলন ও পরিতৃপ্তির বিষয়গুলির মাধ্যমে চিন্তাভাবনা না থাকার কারণে। বরং তারা সচরাচর প্রতিরক্ষামূলকতা, বিব্রতকরণ সহ অথবা তাদের ব্যক্তিগত অভিজ্ঞতার দিকে এক আবেদন দ্বারা উত্তর প্রদান করে। তাদের শ্রোতারা সহজেই এইসকল প্রত্যাখান করে যেমন, "আপনার ক্ষেত্রে ঠিক আছে কিন্তু আমাদের কাছে প্রাসঙ্গিক নয়।" অতএব পালকদের কাছে গুরুত্বপূর্ণ হল, আজকের দিনে অলৌকিকতার জন্য পেণ্টিকস্টালগণের ঈশ্বরকে বিশ্বাস করার কারণটি অন্যান্যদের সঙ্গে আলোচনা করার উদ্দেশ্যে তাদের সদস্যদেরকে উত্তমভাবে গড়ে তোলা।

—ডব্লু, ই, নানালি কর্তৃক

বারংবার পেণ্টিকস্টালদের বিষয়ে জানতে চাওয়ার জন্য একটি প্রশ্ন হল কেন তারা আজকের দিনে অলৌকিক ঘটনা, আত্মার অনুগ্রহ দান, ব্যক্তিগত প্রত্যাদেশগুলি ও ঐশ্বরিক মধ্যস্থতাগুলি বিশ্বাস করে। পেণ্টিকস্টাল/ক্যারিস্‌ম্যাটিক প্রথাসমূহের বাইরে বেশীরভাগ খ্রীষ্টিয়ানেরা বিশ্বাস করে আত্মার এই সকল আবির্ভাব কিংবা প্রদর্শনগুলি শেষ প্রেরিত মারা যাওয়ার সময়ে শেষ হয়ে গিয়েছিল, সাধারণভাবে সেটি উল্লেখিত হয় প্রৈরিতিক যুগের অবসান রূপে। এই নির্দ্দিষ্ট সময় বিশ্বাসকে প্রতিনিধিত্ব করে যা ৪০০ বছর অপেক্ষা আরও অধিক বছর ধরে অনুপস্থিত থাকা ঈশ্বরের অলৌকিক ও প্রকাশিত হওয়ার ক্ষমতা, প্রায় খ্রীঃ পূঃ ৯০ ও খ্রীঃ পূঃ ৩০ মধ্যে মনুষ্যদের মাঝে পুনঃ প্রতিষ্ঠিত হয়েছিল। এই মতবাদ অনুসারে, প্রেরিতদের যুগের সমাপনে এইসকল ক্ষমতাগুলি পুনরায় একবার স্বর্গে প্রত্যাহ্বানিত হয়েছিল, যাতে তারা খ্রীষ্টের পুনরাগমনের প্রতীক্ষা করে।

প্রেরিতদের একটি যুগের উদ্দেশ্যে তর্কশাস্ত্রগত এবং ঐতিহাসিক যুক্তিতর্কগুলি অপ্রমাণ করা

প্রৈরিতিক যুগের ভাষার পদ্ধতি চুক্তিবদ্ধ ধর্মতত্ত্ববিদ্‌দের ও ঈশ্বরের বিধান বা ব্যবস্থাকারীদের মধ্যে ব্যবহৃত হয় যারা আবার এটি বাইবেলভিত্তিক অনুশাসনের সম্পত্তি সম্পর্কিত এক বিষয়ের সঙ্গে সেগুলি যুক্ত করে। উভয় শিবিরগুলি প্রৈরিতিক যুগের মতবাদ ব্যবহার করার চেষ্টা করে নূতন নিয়মের অনুশাসনের সারমর্ম ও সমাপ্তি সুরক্ষা ও

সমর্থন করার চেষ্টা করে। তাদের যুক্তিসিদ্ধ ভিত্তি হল মণ্ডলীর ইতিহাসে এই সুসমাচার প্রচারমূলক সময়ের শেষ প্রান্তে প্রত্যাদেশের মধ্যে এক স্বাভাবিক ও তর্কশাস্ত্রগত সংবাদ প্রদান করা হয়ে থাকে। সেটি পালাক্রমে ঐশ্বরিকভাবে অনুপ্রাণিত লেখনীগুলির সিদ্ধান্তের সংকেত দিয়েছিল যাকে আমরা বলি নূতন নিয়ম। মনুষ্যদের প্রতি অনুশাসনমূলক পদ্ধতির সিদ্ধান্ত আরোপ করা হয় তাদের ভোটের দ্বারা (নূতন নিয়মের অনুশাসন বাস্তবরূপে গড়ে উঠেছিল, যেকোনো মণ্ডলী পরিষদ চিরকাল সরকারীভাবে সেটি অনুমোদন করার শত শত বছর আগে) কিংবা সকল প্রেরিতগণের মৃত্যুদ্বারা। পক্ষান্তরে যার কোনো প্রয়োজন সেখানে থাকে না।

প্রৈরিতিক যুগের শব্দগুচ্ছ ও চিত্রিতকরা ধারণার বিষয় নূতন নিয়মে পাওয়া যায় না। এর অর্থ প্রৈরিতিক যুগের মতবাদ এবং সেটি পরিণতিসমূহ — প্রত্যাদেশের শেষ এবং অনুশাসনের সমাপ্তি — হল পরবর্তী নূতন নিয়মের ধারণাসমূহ (অথবা প্রকাশিত বাক্যসমূহ)। এটাই যদি কারণ হয় আমাদের এক তর্কশাস্ত্রগত মতানৈক্যতা থাকে। যুক্তিশাস্ত্রগতভাবে একজন নূতন নিয়মের লেখণীর সমাপ্তির বিষয়ে প্রত্যাদেশের শেষ হয়ে যাওয়া দাবি করতে পারে না যখন একই সময়ে এই পদ্ধতির সমাপ্তির বাইরে অতিরিক্ত প্রত্যাদেশ গ্রহণ করার দিকে দাবি অব্যাহত থাকে।

নিবৃত্তি কারকের পদ বাইবেল সম্বন্ধীয় ও পরবর্তী বাইবেল ভিত্তিক সিদ্ধান্তের উপর অদ্বিতীয়ভাবে নির্ভর করে। পক্ষান্তরে, এই সিদ্ধান্ত অনুশাসনমূলক মর্য্যাদা (কর্তৃত্ব বাইবেলের সঙ্গে সমান হয়) অর্জন করে থাকার দিকে প্রকাশিত হয় সেই সকলের দ্বারা যারা সেই পদে দৃঢ় সংলগ্ন থাকে। বিশ্বাসের যৌথ অধিকারগুলির ঘটনা দ্বারা বিষয়টি প্রমাণিত হয় যে, প্রৈরিতিক যুগের মধ্যে একটি বিশ্বাস বজায় রাখা, তাদের *বিশ্বাস* এবং *আচরণ* এই ধারণা জ্ঞাপন করার সুযোগ দান করে থাকে। যদিও প্রোটেস্ট্যান্ট খ্রীষ্টিয় চরিত্রের বিশ্বাস ও আচরণের বিষয়গুলি, ঐশ্বরিক প্রত্যাদেশ দ্বারা কেবল জ্ঞাপন করা হয়ে থাকে, এই অতি বাইবেল-সম্বন্ধীয় পদ একমাত্র বাইবেলের ক্ষেত্রে পূর্বেই সংরক্ষিত একটি উচ্চমর্য্যাদা লাভ করে থাকার দিকে ব্যক্ত হতে পারে। ব্যাঙ্গার্থরূপে শাস্ত্রসমূহের অসাধারণ পদমর্য্যাদা সংরক্ষণ করার চেষ্টার মধ্যে যেসকল ব্যক্তিগণ ও সমাজগুলি নিবৃত্তিকারকের মতবাদ সমর্থন করে, তারা নিজেরাই তাদের নিজস্ব অতি বাইবেল-সম্বন্ধীয় প্রত্যাদেশ বাইবেলের মত একই পদমর্য্যাদার দিকে উন্নত করে, একই দায়িত্ব সচরাচর পেন্টিকস্টালদের/ ক্যারিসম্যাটিকদের দিকে সুসমঞ্জস করে।

প্রৈরিতিক যুগের মতবাদের প্রস্তাবকেরা আবার পুরাতন নিয়মের অনুশাসনের সমাপন উল্লেখকরণ দ্বারা তাদের বিশ্বাস সমর্থণ করার চেষ্টা করে। তারা দৃঢ়তার সাথে বলে যে প্রত্যাদেশ ও অলৌকিকতা পুরাতন নিয়মের শেষে ভাববাদী দ্বারা সমাপ্ত হয়েছিল — তাদের কাছে সেটি মণ্ডলীর যুগের অলৌকিক চিহ্ন, প্রত্যাদেশ ও নূতন নিয়মের প্রতি প্রেরিতদের সম্পর্কের অনুরূপ।

ক্ষণিকের দৃষ্টিতে প্রথমে এই যুক্তি ভয়ানক মনে হয়। অবশ্য, প্রচুর সূক্ষ্ম পরীক্ষা করার পরে এটি আবার অপ্রচুরভাবে বিধিবদ্ধ করা মনে হয়। প্রথমতঃ, নূতন নিয়মের মত, পুরাতন নিয়মের অনুশাসন বিশ্বাসের সমাজের ভেতরে *প্রথা* দ্বারা নির্ধারিত হয়েছিল, একজন আধিকারিক গোষ্ঠীর ভোট নয় অথবা যেকোনো বিশিষ্ট ব্যক্তি অথবা ব্যক্তিগণের জীবনের পরিধি দ্বারা সংকল্পিত হয়নি। দ্বিতীয়তঃ, বাইবেলের দুটি নিয়মাবলীর মধ্যবর্তী কালের সঙ্গে সম্বন্ধযুক্ত সাহিত্যের মধ্যে ভাববাণী ও অলৌকিকসমূহ সত্য বলিয়া প্রমাণিত যেমন, যোষেফস, মৃত সাগরের নির্ঘণ্ট, আদি রব্বিদের সাহিত্য, এবং গুপ্ত বিষয় ও অবাস্তব উৎকীর্ণলিপি। তৃতীয়তঃ, নূতন নিয়মের ঐতিহাসিক সংবাদগুলি ঘটনাসমূহ নথিভুক্ত করে যা নিয়মাবলীর মধ্যবর্তী কালে ঘটেছিল।

মথি ও লূক উভয়জনই প্রত্যাদেশসমূহ, দেবদূত সংক্রান্ত মধ্যস্থতাগুলি, ভাববাণী ও অলৌকিক সমূহের বর্ণনা করেন, যা যীশুর গর্ভধারণ, জন্ম, এবং পরিচর্য্যাকার্যের আগাম সংবাদ দেয়। সখরিয় দৈববাণী গ্রহণ করলেন ও ভাববাণী উচ্চারণ করলেন (লূক ১:১১-২০, ৬৭-৭৯)। যোষেফ অতিপ্রাকৃত প্রত্যাদেশ লাভ করলেন ও স্বপ্নের মাধ্যমে নির্দেশ পেলেন (মথি ১:২০-২৪; ২:১৩, ১৯-২২)। মরিয়ম ঈশ্বরের বাণী গ্রহণ করলেন ও অনুপ্রাণিত গীত উচ্চারণ করলেন (লূক ১:২৬-৩৮, ৪৬-৫৫)। শিমিয়োন যীশুর জন্মের ও যোহন বাপ্তাইজ ঘিরে নানান ঘটনাগুলির পূর্বে আগাম প্রত্যাদেশ লাভ করেছিলেন (লূক ২:২৫,২৬)। মেষপালকের মত (লূক ২:৮-১৬), শিমিয়োন দৈব নির্দেশ পেয়েছিলেন (পদ ২৭)। মরিয়ম ও ইলীশাবেৎ উভয়েই অলৌকিক গর্ভধারণের অভিজ্ঞতা লাভ করেন (মথি ১:১৮,২০; লূক ১:১৩,২৪,৩৬,৩৭,৫৭)। পণ্ডিতেরা এক স্বপ্ন (পদ ১২) ও অতিপ্রাকৃতিক চিহ্নের সাহায্য দ্বারা ঐশ্বরিক নির্দেশনা লাভ করেছিলেন (মথি ২:১, ২, ৯,১০)। এইসকল এবং আরও অনেক প্রাসঙ্গিক অলৌকিক ঘটনাগুলি তুলে ধরে যে, যীশুর জন্ম ও পরিচর্য্যাকার্য্যের পূর্বে নূতন নিয়মে ঐশ্বরিক প্রত্যাদেশ ও অলৌকিকগুলি স্থান গ্রহণ করেছিল।

এইসকল পর্যবেক্ষণগুলির উপর ভিত্তি করে, সিদ্ধান্তে উপনীত হওয়া আবশ্যক যে, যীশুর আগমনের পূর্বে-ইস্রায়েলের ইতিহাসের অলৌকিকতাগুলির অথবা ভাববাদীমূলক বিষয়ে কোনো নিবৃত্তি ছিল না। এই প্রচলিত জ্ঞাত সত্যের পূর্ণর্বিবেচনা শুধুমাত্র পুরাতন নিয়মের অনুরূপ বিষয়গুলির উপর ভিত্তিশীল নিবৃত্তির ক্ষেত্রে যুক্তি তর্কের বুনিয়াদটি সরিয়ে ফেলে তা নয়, বরং সেটি আবার বিপরীতে তর্ক বিতর্কও করে।

ঈশ্বরের অপরিবর্তনশীলতা, পবিত্রতার ইতিহাস এবং অনুপ্রেরণা ও সিদ্ধাবস্থার মধ্যেকার পার্থক্য

আমাদের ঈশ্বর বাইবেলের ঈশ্বর, ইস্রায়েলের ঐতিহাসিক ঈশ্বর হলেন স্থিরতার ঈশ্বর। তিনি পরজাতীয়দের দেবতার মত খামখেয়ালী অথবা অস্থির নন, প্রাচীন পুরাণে যেগুলি প্রায়শই চিত্রায়িত হয়ে থাকে। বাইবেলের ঈশ্বর চুক্তিবদ্ধ বিশ্বস্ততার এক ঈশ্বর। তিনি অপরিবর্তনীয় (গীত ৫৫:১৯; ১০২:২৭, যিশাইয় ৪৬:৪; মালাখি ৩:৬; ইব্রীয় ১:১২), এবং তাঁর বাক্যের পরিবর্তন হয় না (যিশাইয় ৪০:৮)। তিনি কাল, আজ এবং অনন্তকাল একই আছেন (ইব্রীয় ১৩:৮)। তাঁহাতে "অবস্থান্তর অথবা পরিবর্তনজনিত ছায়া হইতে পারে না" (যাকোব ১:১৭)। তিনি সামঞ্জস্যরূপে মনুষ্যের সঙ্গে কাজ করেন এবং মনুষ্যের সঙ্গে তাঁর কার্যসম্পাদন নিরবচ্ছিন্নতা প্রদর্শন করে। বর্তমান বিষয়টিতে কোনো ব্যতিক্রম থাকে না। দুটি নিয়মাবলীর মধ্যে ঈশ্বরের অলৌকিক কার্যসম্পাদনগুলি তাঁর লোকেদের সঙ্গে স্থায়ী থাকার কারণে, নূতন নিয়মের শেষে তার যেকোনো কাজ ভিন্নভাবে সম্পাদনের কথা বিশ্বাস করার জন্য আমাদের কোনো তর্কশাস্ত্রগত অথবা পূর্ব দৃষ্টান্তের দরকার থাকে না।

নিয়মাবলীর মধ্যবর্তী কালের উন্নতিসাধনের একটি আলোচনায় নিয়মাবলীর মধ্যবর্তী কালের সময় উল্লেখকরণের মাধ্যমে উত্থাপিত কয়েকটি বিষয়ের উদ্দেশ্যে কথাও বলা দরকার। প্রথমতঃ ইতিহাসের সকলই পবিত্র। নিয়মাবলীর মধ্যবর্তীকালীন সময়ে ঈশ্বর তাঁর সৃষ্টির জীবনে যেরূপে অন্তর্ভুক্ত ছিলেন একইভাবে অন্যান্য সময়ে তিনি নিযুক্ত ছিলেন। উদাহরণস্বরূপ, দানিয়েলের পুস্তকের অন্তর্ভুক্ত বহু ভাববাণীগুলি নিয়মাবলীর মধ্যবর্তীকালীন সময়ে পূর্ণতা পেয়েছিল। তদতিরিক্ত নূতন নিয়ম কালের আরম্ভ করার পূর্বে ঈশ্বরের কার্যকারিতার উদাহরণগুলি নূতন নিয়মে প্রদান করা

হয় (উপরে উদ্ধৃত করা আছে)। অতএব, ইহুদী জাতি, যিহূদার বংশ যিশয়ের গোষ্ঠী, এবং দায়ূদের পরিবারের এক নির্দিষ্ট বংশ-শাখাগুলির উপর ঈশ্বর তাঁর হাত রেখেছিলেন।

এটিও সাক্ষ্য দেয় যে নিয়মাবলীর মধ্যবর্তীকালীন সময়ে এমনকি এই শাখার উন্নতিতে ঈশ্বর পরিচালনা করেন, এবং তিনি অবশেষে সেই নির্দিষ্ট পরিবারের বৃক্ষটি থেকে মশীহের জন্ম হওয়ার কারণ ঘটিয়েছিলেন। সেই ঈশ্বর এই পদ্ধতি নিয়ন্ত্রণে রাখার কাজ করেছিলেন, এমনকি নিয়মাবলীর মধ্যবর্তীকালীন সময়েও; যা যীশুর বংশবৃত্তান্তের সময় থেকে নামগুলির অর্ন্তভুক্তি দ্বারা প্রমাণিত হয় (মথি ১:১৩-১৬; লূক ৩:২৩-২৭)। প্রত্যক্ষরূপে, এই ইতিহাসের সম্পূর্ণতা ছিল গুরুত্বপূর্ণ কারণ পবিত্র আত্মা সমগ্র কাহিনীর ব্যক্তকরণের ঢাক বাজিযেছিলেন।

মথি অথবা লূকের দ্বারা নথিভুক্ত যীশুর বংশবৃত্তান্তের মধ্যে বাইবেল ভিত্তিক *পবিত্র* অথবা *পার্থিবের* মধ্যে, পবিত্র আত্মা কোনো পার্থক্য নির্ণয় করেন নি। অধিকন্তু, আদি মণ্ডলীর দ্বারা এইসকল পদসমূহের সংরক্ষণ এবং সেগুলির দিকে তাদের দৃষ্টিভঙ্গি প্রস্তাবনা দেয় যে তারা বিশ্বাস করত উদ্ধারমূলক ইতিহাসে ঈশ্বরের কার্যকারিতা (নানান অলৌকিক চিহ্ন ও প্রত্যাদেশ এবং মানবীয় ইতিহাসের ঐশ্বরিক কার্যসম্পাদনসহ) সৃষ্টি থেকে পরিসমাপ্তির জন্য মানবরূপ ধারণ করা পর্যন্ত অটল ছিল। আদি মণ্ডলী বাস্তবিকভাবে পেন্টিকস্টাল মণ্ডলী ছিল।

দ্বিতীয়তঃ, আমাদেরকে ভাববাদিমূলক কার্যকারিতা ও অনুশাসনসম্মত শাস্ত্রের মধ্যেকার পার্থক্য নির্ণয় করতে হবে। আজকে দিনে বহু পেন্টিকস্টাল মণ্ডলীগুলির মধ্যে ভাববাণীর বিশ্বাসযোগ্য কণ্ঠস্বর এখন শোনা যায়। কিন্তু এই আধুনিক দিনের ভাববাণীগুলি শাস্ত্রের সঙ্গে সমরূপ হয় না। বাইবেলভিত্তিক অনুশাসন দীর্ঘদিন বিকশিত হয়না আর এরূপ ভাববাণীগুলি শাস্ত্রের অনুশাসনে অন্তর্ভুক্ত হওয়ার দরকার নেই। ঈশ্বরের হতে এইসকল বাণীসমূহ তাঁর লোকেদের জন্য একটি বিশিষ্ট সময়ে, স্থানে ও পরিস্থিতিতে আগত হয়। তারা সকল স্থানে ও সকল সময়ে, সকল লোকেদের ক্ষেত্রে বিশ্বাস ও আচরণের বিষয়গুলি আদেশ করে না। অধিকন্তু, তাদের বৈধতা বাইবেলে ঈশ্বরের প্রকাশিত বাক্যের মানের দ্বারা বিচারিত হয়।

নিয়মাবলীর মধ্যবর্তীকালীন সময়ের ভাববাদীমূলক কার্যকারিতা একইভাবে দৃশ্যতঃ হওয়া দরকার। এইসকল ভাববাণীগুলি ব্যক্তিগত সমাজগোষ্ঠীর ধার্মিক প্রতিফলন ও প্রয়োজনগুলির প্রতিনিধিত্ব করে যখন থেকে সেগুলি লাভ করা হয়েছিল। ভাববাণীর বিষয়টি ছিল ভাব বিনিময়ের একটি মাধ্যম। (ঐতিহাসিক নথিভুক্তের একটি বিষয়ে)। এটির আক্ষরিকতার পদমর্য্যাদা অনুশাসনমূলক না হওয়ার মত, যেটি ঈশ্বর পরিচালিত পদ্ধতিগুলিকে প্রতিফলিত করে যেখানে অনুশাসন আকার ধারণ করে, সেটিও আবার ঐতিহাসিক তালিকার একটি বিষয়। সে সকলই বিদ্যমান থাকে, পুরাতন নিয়ম ও নিয়মাবলীর মধ্যবর্তীকালীন সময়ের ভাববাণীর মধ্যেকার সম্পর্ক প্রমাণ করার জন্য যা আধুনিক দিনের ও নূতন নিয়মাবলীর মধ্যেকার বিদ্যমান সেই সম্পর্কের সঙ্গে সদৃশ হয়।

পুরাতন নিয়ম ও নূতন নিয়ম অনুশাসন সম্মত শাস্ত্র। যেন সেগুলি সোজাসুজি ঈশ্বরের নির্দেশনার অধীনস্থ এক পদ্ধতির সর্বোচ্চ সীমার প্রতিনিধিত্ব করে। শাস্ত্র হল আদর্শমূলক - চিরন্তনভাবে প্রাসঙ্গিক — আর বিশ্বাস আর আচরণের ক্ষেত্রে আমাদের একমাত্র ব্যবস্থা। শাস্ত্রে বিবেচিত, নিয়মাবলীর মধ্যবর্তীকালীন ভাববাণী ছিল না এবং আধুনিক দিনের ভাববাণী থাকে না। কোনোটাই জনপ্রিয়, বিশ্বজনীন প্রথার ঐশ্বরিকরূপে এক পরিচালিত পদ্ধতির অধীনে থাকে না। কোনটাই চিরন্তনভাবে প্রাসঙ্গিক অথবা আদর্শমূলক নয়। উভয়ই স্থান, কাল ও পরিস্থিতি দ্বারা শর্তসাপেক্ষ আর সেই কারণে বিশ্বাস ও অনুশীলনের বিষয়গুলি আদেশ করার দিকে অন্তর্নিহিত কর্তৃত্ব থাকে না।

নিয়মাবলীর মধ্যবর্তীকালীন সময়ে বিশ্বাসের সমাজে প্রয়োজনীয়তা ছিল ভাববাণীর কণ্ঠস্বর। বাইবেল সেটি থাকা সত্ত্বেও (পুরাতন নিয়ম) তিরস্কার, সংশোধন, চ্যালেঞ্জ, প্রত্যাশা, উৎসাহপ্রদান ও অনুশোচনার জন্য আহ্বান করার ভাববাদিমূলক কণ্ঠস্বর শোনার প্রয়োজনীয়তা ছিল যেমন সেটি সমসাময়িক পরিস্থিতিগুলির উদ্দেশ্যে কথা বলেছিল। ঈশ্বর তাঁর বিবেচনায় ও স্থিরতায় আমাদের বিশ্বাসের সমাজে একইধরনের কর্মশীলতা ধীরে ধীরে প্রবেশ করিয়ে থাকেন। যদিও আমাদের বাইবেল রয়েছে (পুরাতন এবং নূতন নিয়ম দুটোতেই) ঈশ্বর ভাববাণীর কণ্ঠস্বর দ্বারা তাঁর মণ্ডলী প্রদান করা অব্যাহত রাখেন। তাঁর এক মানব প্রকৃতির বিষয়ে সুপরিচিত ধারণা আছে (আদিপুস্তক ৬:৫, গীত ১০৩:১৪; ১৩৯; মথি ৭:১১; রোমীয় ৩:২৩)।

সমগ্র যুগ ব্যাপিয়া, মনুষ্যের প্রকৃতি ও ঈশ্বরের ভাববাণীমূলক কণ্ঠস্বর শোনার প্রয়োজন পরিবর্তিত হয়নি। একইভাবে, ঈশ্বরের প্রকৃতিরও কোনো পরিবর্তন হয় না। তিনি এখনও তাঁর সৃষ্টিকে ভালবাসেন, সেটির জন্য পরিকল্পনা করেন, এবং প্রত্যেক প্রজন্মে প্রাণবন্তরূপে তাঁর পরিকল্পনার কথা আদান প্রদান করার আকাঙ্খা করেন।

প্রৈরিতিক যুগ বনাম নূতন নিয়মের শিক্ষা

নূতন নিয়মাবলী, প্রৈরিতিক যুগের এবং ভাববাণীর নিবৃত্তির আর অন্যান্য অতি প্রাকৃতিক বিস্ময়কর বস্তুর মতবাদের বিরুদ্ধে সাক্ষ্য দেয়। ইফিষীয় ৪:১১ পদটিতে আমাদেরকে বলা হয় যে, ঈশ্বর সেই সকল ব্যক্তিদের দ্বারা মণ্ডলীকে অনুগ্রহ দান করেন যারা প্রেরিত, ভাববাদী, সুসমাচার প্রচারক, পালকগণ ও শিক্ষাগুরু অনুসারে কাজ করে। যারা সুসমাচার প্রচার মূলক যুগের ও অলৌকিকতা সমাপ্তির উদ্দেশ্যে বিবাদ করে, তাদের এই পদের দ্বারা নির্ধারিত করার ক্ষমতা থাকা দরকার। একদিকে কেউই তর্ক করতে পারে না যে সুসমাচার প্রচারকের, পালকের এবং শিক্ষাগুরুর কার্য্যালয়গুলি অকার্যকররূপে পরিত্যক্ত হয়ে থাকে। অপর দিকে, নিবৃত্তকারকেরা অবশ্যই দৃঢ়ভাবে বলবেন যে প্রেরিতদের ও ভাববাদিদের কার্য্যালয়গুলি দীর্ঘদিন বর্তমান থাকেনা তাদের দিব্য মাধুর্য্যমূলক ও উদ্ঘাটনমূলক প্রকৃতির কারণে।

এই পরিস্থিতির সমস্যা প্রকৃতভাবে এটির স্বেচ্ছাচারী দিক। এই অনুচ্ছেদের ঐশ্বরিক ও মানবীয় রচয়কদের অভিপ্রায় ছিল, এই তালিকা যেন সমগ্ররূপে গ্রহণীয় হয়। অন্যান্যদের দিকে বিরোধিতা রূপে কয়েকটি অনুগ্রহ দানের সময়কাল প্রসঙ্গে তালিকাটির মধ্যে পার্থক্য থাকার বিষয়ে কোনো ইঙ্গিত থাকেনা। এই তালিকার উপাদানগুলির যেকোনো একটির মাঝামাঝি পার্থক্যে একটি লাইন টানা অথবা অন্যায়রূপে হস্তক্ষেপ করার দ্বারা বাদ দেওয়ার পাঠ্যাংশটির আইন ভঙ্গ করে।

পৌল অবশ্য সমগ্র তালিকার উপর সাময়িক সীমারেখাগুলি স্থাপন করেন। অনুচ্ছেদটি ইঙ্গিত করে যে এই সকল কার্য্যালয়ের সমস্তই অবশেষে অদৃশ্য হয়ে যায়। অবশ্য প্রশ্ন নয় কোন্‌টি? কিন্তু প্রশ্ন হল কখন? ১২ ও ১৩ পদসমূহে স্পষ্ট করে এই প্রশ্নের উদ্দেশ্যে ব্যক্ত করা আছে। খ্রীষ্টের দেহে গেঁথে তোলার জন্য পরিচর্য্যার কাজের উদ্দেশ্যে সন্তদের গঠন করার দিকে এই সকল কার্য্যালয়গুলি প্রদান করা হয় যতক্ষণ না আমরা সকলে অর্জন করি ঃ

১ বিশ্বাসের ঐক্যতা
২ আর ঈশ্বরের পুত্রের ধারণা,
৩ পরিপক্ক মনুষ্যত্ব
৪ খ্রীষ্টের পূর্ণতার গুরুত্বের পরিমাপ

কোন খ্রীষ্টিয় ব্যক্তিই এই সকল লক্ষ্যসমূহের সমস্ত সম্পূর্ণভাবে অর্জন করে না। অতএব ইফিষীয় ৪:১১ পদের সকল কার্য্যালয়গুলি এখনও মণ্ডলী পরিণত করার দিকে প্রয়োজন। হয়ত এটি পরে প্রস্তাব দিতে পারে যে, অতীতের এবং বর্তমানের মণ্ডলীর অপরিপক্কতা এবং অপর্যাপ্ততা সোজাসুজি সম্মানের অভাবের সঙ্গে সম্বন্ধযুক্ত এবং দৈব্যমাধুর্য্যমূলক অনুগ্রহ দানগুলি যার দ্বারা ক্ষতিগ্রস্ত হয়ে থাকে তার উপরে গুরুত্ব আরোপ করে। "বরং দেহের যেসকল অঙ্গকে অপেক্ষাকৃত দুর্বল বলিয়া বোধ হয় এবং সেইগুলি অধিক প্রয়োজনীয়......আর এক অঙ্গ দুঃখ পাইলে, তাহার সহিত সকল অঙ্গই দুঃখ পায়" (১ করিন্থীয় ১২:২২,২৬; লক্ষ্য করুন, আলোচনার অন্তর্গত বিষয়টির দিকে প্রসঙ্গটি বিশেষভাবে নির্দেশ করে)।

বিবেচনা করার দ্বিতীয় একটি পাঠ্যাংশ হল রোমীয় ১১:২৯, "কেননা ঈশ্বরের অনুগ্রহ দান সকল ও তাঁহার আহ্বান অনুশোচনা-রহিত।" অবশ্যই যে "অনুগ্রহ দানগুলি" কথা এখানে উল্লেখিত সেগুলি ১ করিন্থীয় ১২ অধ্যায়ের আত্মিক দানগুলি নয়। এই ধারণায়, এই অনুচ্ছেদের বর্তমান প্রসঙ্গটি উপরোক্ত উদ্ধৃত অনুচ্ছেদের সঙ্গে সম্পর্কযুক্ত নয়। তথাপি, কার্যধারার মূল নীতি হল প্রাসঙ্গিক। রোমীয় ১১:২৯ পদে মনুষ্যের সঙ্গে ঈশ্বরের কার্যসম্পাদন গুলির বিশ্বস্ততা ও সুসামঞ্জস্যতার কথা বলা হয়। শুধুমাত্র তাঁর অপরিবর্তনীয় প্রকৃতি তাঁকে ইস্রায়েলের জাতির দিকে তাঁর প্রতিজ্ঞাগুলিকে রদ করার থেকে বাধা দান করে না, তাঁর প্রকৃতি আবার সমগ্র মণ্ডলীর যুগটি ধরে মনুষ্যের উপরে আত্মার অনুগ্রহ দানগুলি স্থাপন করার দিকে তাঁর প্রতিজ্ঞার রদ করা থেকে তাকে বাধাদান করে।

তৃতীয় একটি অনুচ্ছেদ, যেখানে বর্তমান প্রসঙ্গের মধ্যে মনোযোগ দেওয়া দরকার সেটি হল প্রেরিত ২:৩৯ পদ। প্রথম খ্রীষ্টিয় ধর্মোপদেশে, এক চূড়ান্তভাবে দায়িত্বপ্রাপ্ত পরিস্থিতিতে পিতর ঘোষণা করলেন, যে ঈশ্বর প্রতিজ্ঞা করেন পবিত্র আত্মা প্রদান করার — বিস্ময়কর বস্তু সম্পাদন করার দ্বারা, যেটি এক মানবীয় সত্তায় তাঁর অধিষ্ঠানকে সংগত করে — "কারণ এই প্রতিজ্ঞা তোমাদের জন্য ও তোমাদের সন্তানগণের জন্য এবং দূরবর্তী সকলের জন্য যত লোককে আমাদের ঈশ্বর প্রভু ডাকিয়া থাকিবেন।"

পেন্টিকস্টাল পদমর্য্যাদার ক্ষেত্রে এই পদটি এক (Locus Classicus) সর্ব্বোৎকৃষ্ট পদ। পাঠ্যাংশটি প্রস্তাব দেয় যে, মণ্ডলীর যুগের সূচনাতে, পবিত্র আত্মার অনুপ্রেরণামূলক প্রদর্শনগুলি ও প্রারম্ভিক প্রবল আবেগ প্রকাশের সময়ে, পিতর ঘোষণা করলেন এই অভিজ্ঞতা হল মণ্ডলী যুগের সম্পূর্ণতার ক্ষেত্রে এক আদর্শ হওয়ার জন্য। পালাক্রমে বর্তমান প্রজন্ম, পরবর্তী প্রজন্ম ও আগামী সকল প্রজন্মগুলি সুনির্দ্দিষ্টভাবে উল্লেখ করার মাধ্যমে, পিতর সকল প্রজন্মগুলির উদ্দেশ্যে এই প্রতিজ্ঞার প্রাসঙ্গিক একটি বিশ্বাসের জন্য স্পষ্ট প্রৈরিতিক সাক্ষ্য প্রদান করেন।

একটি চতুর্থ কিন্তু আরও অধিক দুর্বোধ্য অনুচ্ছেদ এক সুগঠিত বাইবেলভিত্তিক পথের দিকে তৎসত্ত্বেও গুরুত্বপূর্ণ, পদটি হল ১ করিন্থীয় ১:৭। করিন্থীয় মণ্ডলীর সদস্যগণের "তাঁহাতেই তোমরা সর্ব্ব বিষয়ে সর্ব্ববিধ বাক্যে ও সর্ব্ববিধ জ্ঞানে ধনবান্" হইয়াছ (১ করিন্থীয় ১:৫)। সুসমাচারের সত্যতা অলৌকিকভাবে তাদের মধ্যে "স্থিরীকৃত" হয়েছিল "এজন্য তোমরা কোন বরে পিছাইয়া পড় নাই" (পদ ৬,৭)। ৭ পদের শেষে আমাদের মনোযোগ দেওয়া দরকার। পৌল বললেন, করিন্থীয় বাসীদের মধ্যে সুসমাচার অলৌকিকভাবে স্থিরীকৃত হওয়ার দরুন তারা সমৃদ্ধ হয়েছিল। আর প্রত্যেক আত্মিক বর উপভোগ করেছিল — কিন্তু একটি নির্দ্দিষ্ট সময়ের জন্য — যেমন তোমরা "আমাদের প্রভু যীশু খ্রীষ্টের প্রকাশের অপেক্ষা করিতেছ।" পৌলের দর্শনে থাকা বিষয়টি হল ইফিষীয় ৪:১৩ ও ১ করিন্থীয় ১৩:১০-১৮ পদে স্থাপন করা একই চূড়ান্ত সময়ের তালিকা। (এই পাঠ্যাংশের একটি আলোচনা নীচে প্রদান করা হল)। আত্মার দিব্য মাধুর্য্যমূলক অনুগ্রহ দানগুলির আগমন শেষের দিকে হবে। এই শেষ প্রৈরিতিক যুগের সমাপনের দিকে নয় অথবা মানবীয় ইতিহাসের যেকোনো অন্যান্য বিষয়টির দিকে নয়। আত্মার অলৌকিক দানগুলির নিবৃত্তি ঘটবে যখন আর সময় থাকবে না — যখন রাজা পুনরায় আসেন এবং বর্তমান জগতের নিয়ম শেষর দিকে নীত হয়। সেই সময়ে, সুসমাচার প্রচারমূলক প্রচেষ্টা সমূহের ক্ষয় হবে। পাপ ও অসুস্থতা অতীতের এক অংশ হবে। প্রকাশিতমূলক অনুগ্রহ দান সমূহের প্রয়োজনীয়তা থাকবে না কারণ আমাদের "সম্মুখা-সম্মুখি" - সত্বর, অভগ্ন স্বর্গীয় সহভাগিতা থাকবে (১ করিন্থীয় ১৩:১২, তুলনামূলক ১ যোহন ৩:২)। এমনকি অতিপ্রাকৃতিক জ্ঞানের অনুগ্রহ দানগুলি এই আশিসধন্য পরিস্থিতিতে তাদের উপকারিতা হারাবে, কারণ খ্রীষ্টের পুনরাগমনের সময়ে আমরা "যেমন পরিচিত হইয়াছি; তেমনি পরিচয় পাইব" ১ করিন্থীয় ১৩: ১২)।

একটি শেষ পৌলের পাঠ্যাংশ যা ২ করিন্থীয় ৩:৩-১১ পদে সম্ভবতঃ সকল দৃশ্যতঃ বিষয় থেকে সবচেয়ে অবহেলিত হয়ে থাকে। এই অনুচ্ছেদে, সাধু পৌল আত্মার পরিচর্য্যাপদের সঙ্গে ব্যবস্থার পরিচর্য্যাপদের তেজময়তা তুলনা করেন। তিনি তর্ক করে বলেন, "কিন্তু মৃত্যুর যে পরিচর্য্যা-পদ প্রস্তরে লিখিত ও ক্ষোদিত, তাহা যদি এমন তেজযুক্ত হইয়া আসিল যে, ইস্রায়েল-সন্তানগণ মোশির মুখের তেজ প্রযুক্ত তাঁহার মুখের দিকে একদৃষ্টে চাহিতে পারিল না, — সেই তেজ ত লোপ পাইতেছিল — তবে কেন আত্মার পরিচর্য্যার-পদ বরং আরও তেজযুক্ত হইবে না? কেননা দণ্ডাজ্ঞার পরিচর্য্যা-পদ যদি তেজস্বরূপ হইল, তবে ধার্ম্মিকতা পরিচর্য্যা-পদ তেজে আরও অধিক উপচিয়া পড়ে।....কেননা যাহা লোপ পাইতেছে; তাহা যদি তেজ-যুক্ত হইল, তবে যাহা স্থায়ী, তাহা কত অধিক তেজযুক্ত।" (২ করিন্থীয় ৩:৭-৯,১১)।

পৌল দুটি পরিচর্য্যার পদের মধ্যে একাধিক আকর্ষণীয় সদৃশ তুলনা করেন। পক্ষান্তরে, বর্তমান আলোচনার একটি মাত্র ভাবার বিষয় হল, ক্ষণস্থায়ী অথবা ব্যবস্থার পরিচর্য্যাপদের তেজ "লোপ" পাওয়ার সঙ্গে আত্মার পরিচর্য্যা-পদের মহত্তর তেজের পার্থক্য, যাকে তিনি বলেন "স্থায়ী"। পুনরায় পৌল (চূড়ান্ত বিষয়/আত্মিক বিষয়গুলির) সাক্ষ্য দেন যেটি আত্মার বাপ্তিস্ম দর্শন, এবং অনুগ্রহ দানসমূহ খ্রীষ্টের পুনরাগমন না হওয়া পর্যন্ত মণ্ডলীতে স্থায়ী দৃঢ়সংলগ্ন বিষয় হয়ে থাকে।

পিতর ও পৌলের বিবৃতির উপর ভিত্তি করে আমরা শেষ করতে পারি যদি সেখানে চিরন্তন প্রৈরিতিক যুগ ছিল, মণ্ডলী অবশ্যই এটির মধ্যে এখনও থাকবে।

এই আলোকে প্রৈরিতিক যুগের মতবাদ দ্বারা একজনের প্রয়োজনীয়তার মত এরূপ এক দৃশ্য কল্পনা করা কঠিন। তীমথিয়ের কথা বিবেচনা করুন। পৌল তীমথিয়কে ইফিষাস থেকে মণ্ডলীর যাজকত্ব পালনকরণের দায়িত্বসহ কার্যভার আরোপ করেছিলেন (১ তীমথিয় ১:৩)। তীমথিয় বিশেষভাবে পৌল ও প্রাচীনবর্গের হস্তার্পণ সহকারে ঈশ্বর কর্তৃক ক্ষমতার অনুগ্রহ দান পেয়েছিলেন (১ তীমথিয় ৪:১৪; ২ তীমথিয় ১:৬)। কল্পনা করুন তীমথিয়ের যাজকীয় কর্তব্যগুলি পূরণকরণে ব্যস্ত থাকা, একজন ব্যক্তির সুস্থতাকরণে প্রার্থনারত থাকা অথবা কোনো একজনের একমাত্র সন্তানের থেকে মন্দ আত্মা দূর করা। এখন কল্পনা করুন যে, সেই মুহূর্তে ইতিহাসে (আদি মণ্ডলীর প্রথা অনুসারে) বয়স্ক সাধু যোহন, আভ্যন্তরিক চক্রের শেষ জন, তাঁর অন্তিম নিঃশ্বাস ত্যাগ করলেন আর তাঁর পুরস্কারস্বরূপ স্বর্গলাভের দিকে গমন করলেন। আশ্চর্য কাজগুলি সম্পাদনের ক্ষমতাকে কি ঈশ্বর স্বেচ্ছাচারীভাবে রদ করবেন যা তিনি তীমথিয়কে প্রদান করেছিলেন আর পদ্ধতির মধ্যে অলৌকিক কাজ থামিয়ে দেবেন কি? তীমথিয় কি এই নিঃস্ব

ব্যক্তির বিষয়টির দিকে এক গ্রহণযোগ্য বাইবেলভিত্তিক ব্যাখ্যা দিতে পারবেন, সুস্থ হওয়ার অথবা উদ্ধারিত হওয়ার পূর্বে কেন তিনি ব্যক্তিটির জন্য সেই মুহূর্তে প্রার্থনা করেছিলেন, কিন্তু দ্বিতীয় ব্যক্তির জন্য তা করেননি? কিভাবে সেটি স্থানীয় মণ্ডলীর সাক্ষ্যতাকে প্রভাবিত করবে? কল্পনা করুন তীমথিয়কে ঈশ্বরের দত্ত পরিচর্য্যার কার্যভারে এটি কিভাবে নেতিবাচক প্রভাব ফেলবে? ব্যক্তিগত আঙ্গিকে ঐশ্বরিক অনুপ্রেরণা দ্বারা তাঁকে দত্ত আদেশের দিকে তিনি দীর্ঘদিন বাধ্যতা সহকারে উত্তর দিতে সমর্থ হন না। "আমার হস্তার্পণ দ্বারা ঈশ্বরের যে অনুগ্রহ-দান তোমাতে আছে, তাহা উদ্দীপিত কর" (২ তীমথিয় ১:৬)।

সুস্পষ্টভাবে এই দৃশ্য অসমর্থনীয়। বিষয়টি ঈশ্বরের প্রকৃতির বিরুদ্ধে যায় — যিনি সুসঙ্গত, বিশ্বস্ত, অপরিবর্তনীয় এবং প্রয়োজনে ঐ সকলের প্রতি চিরকাল দয়াশীল। এটি ঈশ্বরের বাক্যের বিপরীত দিকে ধাবিত হয় যা আমরা তর্ক করে থাকি, নিবৃত্তির সমর্থনে কিছুই না বলার সময়ে। *ধারাবাহিকতার* ধারণাটি একচেটিয়া সমর্থন করার জন্য ধার করি। ঈশ্বরকে ধন্যবাদ দিই মণ্ডলী একজন প্রেরিতের ক্ষমতার জন্য তার দুর্বল, ক্ষণস্থায়ী, দৈহিক দশার উপর নির্ভর করেনা, কিন্তু অনন্তকালীন, পুনরুত্থিত যীশুর উপরে নির্ভর করে, কারণ আমাদের "নিমিত্ত অনুরোধ করণার্থে তিনি সতত জীবিত আছেন" (ইব্রীয় ৭:২৫)।

নিবৃত্তিকরণ/প্রৈরিতিক যুগের সমর্থনের দিকে অনুপযুক্তভাবে ব্যবহৃত নূতন নিয়মের পাঠ্যাংশসমূহ।

নিবৃত্তির অনুরূপ মতবাদসমূহ প্রায়শই উল্লেখ করে ১ করিন্থীয় ১৩:১০ পদে, "কিন্তু যাহা পূর্ণ তাহা আসিলে, যাহা অংশমাত্র তাহার লোপ হইবে।" তাদের দাবি অনুসারে "পূর্ণ" নূতন নিয়মের নির্দেশ করেনা, কিন্তু যীশুর পুনরাগমনের দিকে নির্দেশ দেয়; যা ১২ পদে স্পষ্ট দেখা যায়। পক্ষান্তরে, লক্ষ্য করার জন্য বিষয়টি অত্যন্ত মনোগ্রাহী "পূর্ণের" (*টেলিওন*) লিঙ্গ (gender) হল ক্লীব লিঙ্গ, যেখানে অন্যান্য জায়গায় অনূদিত "টেস্টামেন্ট (নিয়মাবলী)" (ডায়াথেকি) শব্দটি হল স্ত্রীলিঙ্গ। পাঠকদের বোঝানোর জন্য পৌলের অভিপ্রেত ছিল এক বিশেষ্যরূপে-ব্যবহৃত-বিশেষণটি নূতন নিয়মের প্রতিনিধিত্ব করে, তিনি "পূর্ণ"কে একই লিঙ্গ-স্ত্রীলিঙ্গরূপে চিত্রায়িত করে থাকেন।

সমরূপে ১ করিন্থীয় ১৫:৮ পদে, "সকলের শেষে অকাল-জাতের ন্যায় যে আমি, আমাকেও দেখা দিলেন", অনুশাসনের সমাপন অথবা প্রকাশিত বাক্যের শেষটিকে ইঙ্গিত করে না। পৌল দামাস্কাস পথের অভিজ্ঞতা সঞ্চয়নের পরে প্রত্যাদেশ গ্রহণ করা স্থায়ী রেখেছিলেন। নূতন নিয়েমের অন্যান্য জনেরা পৌলের নিকট যীশুর আবির্ভাবের পরে প্রত্যাদেশ গ্রহণ করেছিলেন। অধিকন্তু, পৌলের দামাস্কাস পথে খ্রীষ্টের সঙ্গে সম্মুখীন হওয়ার পরে পবিত্র আত্মা দ্বারা সমগ্র নূতন নিয়মাবলী অনুপ্রাণিত হয়েছিল। কিসের জন্য, তখন, এই বিবৃতি উল্লেখ করা হয়? প্রেরিতগণরূপে নির্দেশিত সেই সকল ব্যক্তিদের মধ্যে পুনরুত্থিত খ্রীষ্টকে দেখার জন্য পৌল উত্তর করেন, তিনি ছিলেন শেষ জন।

নিবৃত্তিকারকদের ক্ষেত্রে ইব্রীয় ১:১,২ হল অন্য আরেকটি জনপ্রিয় প্রমাণ পাঠ্যাংশ। পক্ষান্তরে, একমাত্র একটি প্রয়োজনীয় মনোযোগ আকর্ষণ করার বিষয় হল "শেষ কাল" যীশুর মানব দেহের প্রকাশন নয়। অন্যথা খ্রীষ্টের পার্থিবরূপে প্রকাশনের পর প্রত্যাদেশের ভাববিনিময় করার প্রচেষ্টা দ্বারা রচয়ক তার নিজস্ব নিয়ম ভেঙ্গে ফেলতে পারেন।

প্রকাশিত বাক্য ২২:১৮,১৯ হল নিবৃত্তির অনুরূপ দ্বারা প্রয়োগিত এক চূড়ান্ত প্রমাণ শাস্ত্রাংশ। এই পদে বিশ্বাসীদেরকে নির্দেশ দেওয়া হয়ে থাকে "এই ভাববাণী গ্রন্থের বচন" থেকে কিছু পূরণ না করার অথবা যোগ না করার। নিবৃত্তিকারকেরা তর্কবিতর্ক করে বলেন যেহেতু প্রকাশিত বাক্যের পুস্তকটি অনুশাসনমূলক প্রত্যাদেশের শেষের দিকে আগমন হয়, এই অনুচ্ছেদ যেকোনো অতিরিক্ত প্রত্যাদেশ নিবারণ করে। এই বাখ্যাকরণ দ্বারা বহু সমস্যার উদয় হয়। প্রথমে, রচয়ক আমাদেরকে জানান বিশেষভাবে সেই বাধাদানের বিষয়টি কি। তিনি প্রচলিত ভাষায় কথা বলেন না, কিন্তু শুধুমাত্র তাঁর বাক্য সমূহের দ্বারা নির্দেশ করেন — "*এই ভাববাণী*" দ্বিতীয়তঃ, রচয়ক সমগ্র নূতন নিয়ম তার মনের মধ্যে ধরে রাখতে পারতেন না, যতক্ষণ না এটি এক আকার ধারণ করত। এইরূপে গ্রন্থকারকমূলক অভিপ্রায় যুক্তির এই লাইনটি বাতিল করে। তৃতীয়তঃ, অন্যান্য পুস্তকগুলি একই বাধাদানগুলি অন্তর্ভুক্ত করে। দ্বিতীয় বিবরণ ১২:৩২ পদ হল একটি দৃষ্টান্ত। এই পদটি কি বোঝায় যে দ্বিতীয় বিবরণ পুস্তকটির পরে অতিরিক্ত প্রত্যাদেশ রীতিসিদ্ধ? আশা করি তা নয়।

উপসংহার

এই প্রবন্ধ থেকে তিনটি গুরুত্বপূর্ণ প্রয়োগবিধিসমূহ গ্রহণ করা যেতে পারে। প্রথম, বাইবেলের কোনো ঐতিহাসিক সাদৃশ্যকরণ সমূহ অথবা অনুচ্ছেদসমূহ অলৌকিকতার নিবৃত্তি অথবা প্রৈরিতিক যুগের সমর্থনের দিকে এক বৈধ যুক্তি প্রদান করে না। দ্বিতীয়, ঈশ্বরের প্রকৃতি, শাস্ত্রে সমরূপ বার্তা, এবং পতিত মানুষের সামঞ্জস্যপূর্ণরূপে নিঃস্ব প্রকৃতি আজকের জগতের অলৌকিকতার ধারাবাহিকতার জন্য বাদানুবাদ করে। তৃতীয়, আজকের মণ্ডলী বাইবেলসম্মত ভিত্তির উপর দৃঢ়সংলগ্ন থাকে, যখন সেটি আত্মার অনুগ্রহ দানগুলি এবং পবিত্র আত্মায় বাপ্তিস্মর মাধ্যমে ঈশ্বরের উদ্দেশ্যে আরও অধিক ফলপ্রসূ সেবকদের নিমিত্তে ক্ষমতালাভ করার চেষ্টা করে। আমাদের সকলেরই ঐশ্বরিক নির্দেশনা, সুস্থতাকরণ, সুরক্ষা ও ব্যবস্থার নিমিত্তে ঈশ্বরের অন্বেষণ করার কারণ রয়েছে। নজিরবিহীন প্রয়োজন ও সুযোগ সুবিধার এই দিনে "ঈশ্বরের যে অনুগ্রহ-দান তোমাতে আছে, তাহা উদ্দীপিত কর" (২ তীমথিয় ১:৬)। ■

ডব্লু. ই. নাননালী, *পি এইচ ডি, প্রফেসর অফ আর্লি জুডাইজিসম অ্যাণ্ড খ্রীষ্টিয়ান অরিজিনস, ইভ্যান্‌জেল ইউনিভার্‌সিটি, স্প্রিংফিল্ড, মিসৌরি।*